Every year DCCI signs MoUs with various national and international organizations for building collaboration with a view to take a number of activities for wider benefit of the nation. DCCI signed 7 MOUs in 2014 with different national and international chamber bodies and organizations. This year the following MoUs were signed between Dhaka Chamber of Commerce (DCCI) and:

1. Japan External Trade Organization (JETRO), Dhaka
2. Chamber of Commerce and Industry of Burkina Faso
3. Grameenphone Limited
4. Dover District Chamber of Commerce, UK
5. International Trade Centre (ITC), Geneva, Switzerland
6. Global Economist Forum, Bangladesh
7. IamSME of India

ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধি দলের বিদেশ গমন

২০১৪ সালে ডিসিসিআই বেশ কিছু বাণিজ্যিক দলের বিদেশ সফরে নেতৃত্ব দিয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্যে প্রতিনিধি দলের তালিকা নিম্নে দেয়া হলো ঃ

১। ডিসিসিআই সভাপতির নেতৃত্বে ২৪ সদস্যবিশিষ্ট ডিসিসিআই-এর একটি প্রতিনিধিদল ৯ম চায়না সাউথ এশিয়া বিজনেসফোরামে যোগদান করে।

২। ডিসিসিআই সভাপতি যুক্তরাজ্যে অনুষ্ঠিত "ব্যাংকিং অ্যান্ড ইনভেস্টরস কনফারেন্স"-এ যোগদান।

৩। ডিসিসিআই সভাপতির নেতৃত্বে ২৪ সদস্যবিশিষ্ট ডিসিসিআই-এর একটি প্রতিনিধিদল মালয়েশিয়ায় অনুষ্ঠিত 2nd Yiwu Friendship Cities International Commodites Expo (KYICE)-এ যোগদান।

৪। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব নেসার মাকসুদ খান, জনাব হুমায়ুন রশিদ সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত আঙ্কটাড-এর ইনভেস্টমেন্ট পলিসি রিভিউ বিষয়ক সেমিনারে যোগদান।

জাতীয় নীতিমালা ও বিভিন্ন জাতীয় ইস্যুতে ডিসিসিআই'র সুপারিশমালা

জাতীয় নীতি ও গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে বেসরকারি খাতের প্রতিনিধি হিসেবে সরকারের নিকট গঠনমূলক মতামত/সুপারিশমালা প্রেরণ ডিসিসিআই এর কার্যক্রমের অন্যতম একটি অংশ। ডিসিসিআই জাতীয় বাজেট ২০১৪-২০১৫ তে অন্তর্ভূক্তির জন্য বেশ কিছু সুপারিশমালা এনবিআর এ প্রেরণ করে। এ ছাড়াও বেশ কিছু জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে ডিসিসিআই সুপারিশমালা বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণ করেছে যার তালিকা নিচে উপস্থাপন করা হলো ঃ

১। খসড়া ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন এ্যাক্ট-২০১৩।

২। রপ্তানী নীতি ২০১৫-১৮।

৩। আমদানি নীতি ২০১৫-১৮।

৪। শিল্পনীতি ২০১০ এর সংশোধন।

৫। খসড়া বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিটি পলিসি ২০১৪।

৬। এলডিসি সুবিধাসমূহের প্রদানের কার্যকারিতা।

৭। কর বিষয়ক তথ্যাদি জেট্রো কে প্রদান।

৮। বাংলাদেশের সাথে নাইজেরিয়া এবং মালির এফটিএ/পিটিএ খসড়ায় মতামত প্রদান।

৯। বাংলাদেশের সাথে মেসিডোনিয়ার এফটিএ/পিটিএ খসড়ায় মতামত প্রদান।

১০। ২০১৪-১৫ অর্থবছরে রপ্তানীর লক্ষ্যমাত্রা নির্ধারনে প্রস্তাবনা প্রদান।

১১। বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান বাণিজ্য প্রতিবন্ধকতাসমূহে (প্যারা-ট্যারিফ ও নন-ট্যারিফ) মতামত প্রদান।

১২। খসড়া কাস্টমস এ্যাক্ট ২০১৪ প্রসঙ্গে মতামত প্রদান।

১৩। মাননীয় প্রধানমন্ত্রীর জাপান ও চীন সফরের বিষয়ে মতামত প্রদান।

১৪। এশিয়া-প্যাসিফিক অঞ্চলে ফেসিলিটেশন অফ ক্রস-বর্ডার পেপারলেস ট্রেড বিষয়ে মতামত প্রদান।

১৫। বাংলাদেশের ন্যাশনাল সোশাল প্রটেকশন স্ট্যাটেজি এর উপর মতামত প্রদান।

১৬। বাংলাদেশে ন্যাশনাল কার্গো এয়ার সার্ভিস এর উপর মতামত প্রদান।

১৭। বাংলাদেশ এবং চিলির মধ্যকার বাণিজ্য চুক্তি বিষয়ে মতামত প্রদান।

১৮। প্রাইভেট এমপ্লয়মেন্ট এজেন্সী ১৯৯৯ (এন ৮১) কনভেনশন এর উপর মতামত প্রদান।

১৯। ২০২০ সালের মধ্যে বাংলাদেশের মধ্যম আয়ের দেশে উপনীত হওয়ার ক্ষেত্রে ইস্তাবুলের ওয়ার্ক প্ল্যান এর উপর মতামত প্রদান।

২০। শিল্পজাত পণ্যের রপ্তানি বৃদ্ধিতে গবেষণার ভূমিকা বিষয়ে মতামত প্রদান।

২১। বাংলাদেশ থেকে ব্রাজিলে পাট ও পাটজাত পণ্যের আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বর্তমান অবস্থা এবং সম্ভাবনা ও প্রতিবন্ধকতা বিষয়ে মতামত প্রদান।

২২। তুরস্কে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ বিষয়ে মতামত প্রদান।

DCCI Trade Delegation to Abroad:

In the year 2014 several business delegations from DCCI visited foreign Trade bodies. Some of the important delegations are mentioned below:

1. A 24-member DCCI Business Delegation led by President, DCCI attended the 9th China South-Asia Business Forum at Kunming in China. The Forum was attended as Honorable Prime Misiter, H.E. Sheikh Hasina among important South Asian Leaders.
2. President, DCCI attended the "Banking and Investors' Conference" in United Kingdom.
3. A 11-member DCCI Business Delegation led by President, DCCI attended the 2nd Yiwu Friendship Cities International Commodites Expo (KYICE) in Malaysia.
4. Kh. Shahidul Islam, Vice President of DCCI, Mr. Nessar Maksud Khan, Director, DCCI and Mr. Humayan Rashid, Director DCCI attended the program on Investment Policy Review (IPR) at the Head Quarter of United Nations Conference on Trade and Development (UNCTAD) at Geneva, Switzerland.

DCCI's Comments/Recommendations on several National Policies/Issues

One of the major functions of DCCI is to send comments/recommendations/suggestions to the government on behalf of its constituencies to incorporate in the national policies and important national issues. DCCI sent proposals to NBR for inclusion in the national Budget 2014-15. The Chamber has also forwarded comments on various national and international issues. These are listed below:

1. Draft Industrial Design Act, 2013
2. Export Policy 2015-18
3. Import Policy Order 2015-18
4. Amendment of Industrial Policy 2010
5. Draft Bangladesh National Quality Policy (BNQP), 2014
6. Operationalization of the LDC Services Waiver (Collective Request)
7. Tax related information to JETRO
8. FTA/PTA Template of Bangladesh with Nigeria and Mali
9. FTA/PTA Template of Bangladesh with Macedonia
10. Proposed Export Target 2014-15
11. Bangladesh-India existing bilateral trade barriers (Para-tariff, non-tariff)
12. Drafts "Customs Act 2014"
13. Business & Trade related Agenda earmarked for the official visit of Hon'ble Prime Minister of Bangladesh to China and Japan
14. Draft Framework Agreement on Facilitation of Cross-border Paperless Trade for the Asia Pacific Region and Explanatory note.
15. National Social Protection Strategy (NSPS) of Bangladesh
16. Introducing National Cargo Air Service in Bangladesh
17. Trade Agreement between the Government of the Republic of Chile and the Government of Peoples Republic of Bangladesh.
18. Convention on Private Employment Agencies, 1997 (No. 181).
19. Work plan on Istanbul to Graduate Bangladesh into MIC by 2020.
20. Comments on Role of Research & Development in Enhancing Export of Industrial Products.
21. Information Regarding Present situation of Export and import of Jute and Jute Products of Bangladesh to Brazil and its Prospects, barriers and possible solutions.
22. Comments on sending business delegation to Turkey.

২০১৪ সালে প্রকাশনা সমূহ

ডিসিসিআই'র গবেষণা শাখার সহযোগিতায় জনসংযোগ শাখা এ বছর বেশ কিছু প্রকাশনা বের করেছে। এগুলো হলো ঃ Introducing DCCI-2014, Tax Guide 2014-15, DCCI Monthly Review, Souvenir Entrepreneurship and Innovation Expo, Brochures for DCCI Trade Delegation to abroad, Annual Report-2014.

স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম

ডিসিসিআই এর ২৩ টি স্ট্যান্ডিং কমিটির প্রতিটিতে একজন করে পরিচালকের নেতৃত্বে সারা বছর কার্যক্রম পরিচালনা করেছে। ২০১৪ সালে স্ট্যান্ডিং কমিটিগুলো প্রায় ৬৫টি বৈঠক করে এবং এ সকল বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও পরামর্শ গৃহীত হয়। স্ট্যান্ডিং কমিটির নতুন আহবায়ক ও সহ-আহবায়কদের অংশগ্রহণে একটি সমন্বয় সভা ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। স্ট্যান্ডিং কমিটিগুলোর বিশদ কার্যাবলী এ রিপোর্ট এর আলাদা এক অধ্যায়ে বর্ণিত আছে। কমিটিগুলোর সমন্বয়কারী পরিচালক, আহবায়ক এবং সহ-আহবায়কগণকে বছরব্যাপি তাদের অকৃত্রিম সহযোগিতা প্রদানের জন্য আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাই।

ডিসিসিআইতে এ বছর নয় (৯)টি বোর্ড সভা ও তিন (৩)টি জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে যাতে ব্যবস্থাপনা ও আর্থিক বিষয় ছাড়াও ডিসিসিআইকে আরো কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে গৃহীত নীতি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত সভাগুলো ডিসিসিআই এর প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে ও সুশৃংখল কার্যক্রম পরিচালনায় সহায়তা করেছে।

সামাজিক উন্নয়ন কার্যক্রম

২০১৪ সালে ডিসিসিআই নানাবিধ সামাজিক কল্যাণমূলক কাজের সাথে জড়িত ছিল। এ বছর ডিসিসিআই'র সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে দেশের উত্তারাঞ্চলের মানুষের শীতের কষ্ট লাঘবের লক্ষ্যে এবছর ডিসিসিআই রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, নীলফামারি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, চাপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, কুড়িগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, দিনাজপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর প্রতিনিধিদের কাছে শীত বস্ত্র হস্তান্তর করে। এছাড়া ঢাকা ও এর আশেপাশের মানুষের শীতের কষ্ট লাঘবের জন্য ঢাকা মহানগর সমিতি এবং আঞ্জুমান মুফিদুল ইসলাম এর প্রতিনিধিদের নিকটও শীত বস্ত্র হস্তান্তর করা হয়েছে।

তাছাড়া, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ডিসিসিআই তে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়। ঢাকা চেম্বারের সম্মানিত সদস্যবৃন্দ ছাড়াও দেশের খ্যাতনামা ও শীর্ষ স্থানীয় ব্যবসায়ী নেতৃবৃন্দ উক্ত দোয়া ও ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র সদস্যপদ

ডিসিসিআই'র সম্মানিত সদস্যবৃন্দ আমাদানী, রপ্তানি, ম্যানুফেকচারিং, ব্যাংকিং, ইন্সুরেন্স, জাহাজ নির্মাণ, রিয়েল এস্টেট এবং এসএমই খাতের সাথে সম্পৃক্ত। দেশের ব্যবসা-বাণিজ্য পরিচালনায় নানাবিধ সীমাবদ্ধতা এবং রাজনৈতিক অস্থিতিশীলতা সত্ত্বেও ২০১৪ সালের নভেম্বর মাস পর্যন্ত ৪০০ জন নতুন সদস্য নিবন্ধিত হয়েছেন, ১৩০ জন সদস্য তাদের সদস্যপদ পূনরুদ্ধার করেছেন এবং ২৪১১ জন সদস্য তাদের সদস্যপদ নবায়ন করেছেন; যা থেকে প্রতীয়মান হয় যে, এবছর সদস্য সংখ্যা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

ডিসিসিআই এর আর্থিক অবস্থার হিসাব

আমার বক্তৃতা শেষ করার আগে আমি ডিসিসিআই এর আর্থিক অবস্থার উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরতে চাই। এ বার্ষিক রিপোর্টে অর্ন্তভূক্ত অডিটরস রিপোর্ট হতে দেখা যায়, এ বছর চেম্বারের আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ১১,৯৬,৬৬,৬৪১ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ১০,৬৭,৮৫,৯১৭ টাকা, অর্থাৎ ২০১৪ সালে পূর্ববর্তী বছরের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে ১,২৮,৮০,৭২৪ টাকা বা ১২.০৬%। এ আয় মূলতঃ সদস্যদের চাঁদা, ভবন ভাড়া, সুদ এবং অন্যান্য উৎস থেকে অর্জিত হয়েছে। পক্ষান্তরে, ২০১৪ সালে মোট খরচ হয়েছে ৬,২১,১৪,৭৬০ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৬,৫৯,৪৮,১৮১ টাকা, অর্থাৎ তুলনামূলক ভাবে খরচ কমেছে ৩৮,৩৩,৪২১ টাকা বা ৫.৮১%। অপ্রয়োজনীয় খাতে চেম্বারের ব্যয় কমানোর কারণে মোট খরচ কমেছে। ফলতঃ ২০১৪ সালে ব্যয়াতিরিক্ত আয়

Publications in the year 2014

DCCI Research Cell in cooperation with Public Relation Department of DCCI has prepared some Publications for DCCI throughout the year. These are as follows:

Introducing DCCI-2014
Tax Guide 2014-15
DCCI Monthly Review
Souvenir of the DCCI Entrepreneurship and Innovation Expo
Brochures for DCCI Trade Delegation to abroad
Annual Report-2014

Standing Committee activities and Board Meetings

A total of Twenty Three Standing Committees, each headed by a Director who acted as 'Coordinating Director' of the committee worked throughout the year. In the year 2014 about 65 meetings of these Standing Committees were recorded, where lots of important suggestions and recommendations came out. A meeting with the newly assigned convener and co-conveners of all the Standing Committees of DCCI was also held. The detailed of the activities of the Standing Committees have been included in a separate chapter of this annual report. I would like to take the privilege to thank all Coordinating Directors, Convenors, Co-Convenors of all the Standing Committees for their whole-hearted cooperation and efforts throughout the year.

A total of Nine (09) Board Meetings and Three (03) emergency meetings of the Board of Directors, DCCI were held to discuss managerial & financial issues along with suggesting policy issues to run the Chamber efficiently. It also helped to take administrative decisions to streamline disciplinary activities of the Chamber.

Social Welfare Activities

During the year 2014 DCCI has carried out various social welfare activities. As a part of its CSR activities, DCCI handed over blanket to the representatives of Nilphamari Chamber of Commerce and Industry, Dinajpur Chamber of Commerce and Industry for cold wave stricken distressed people of North Bengal. DCCI has also distributed warm clothes to the Dhaka Mohanogor Samity and Anjuman Mufidul Islam to distribute these to the distressed people living in Dhaka and its surrounding.

DCCI also arranged Doa and Iftar Mahfil at DCCI Auditorium in the month of holy Ramadan. Distinguished Members of the Board of Directors of DCCI, Former Presidents, Former Senior Vice Presidents, Former Vice Presidents and Former Directors of DCCI and Members of DCCI along with leading businessmen of the country were present in the Doa and Iftar Mahfil.

Membership Enrollment

DCCI has been supported by a large number of members engaged in business in the area of export, import, manufacturing, banking, insurance, shipping, services, real estate and SMEs. During the year, 400 new members were enrolled, 130 companies revived their membership and 2411 members have renewed their membership during 2014 which shows a significant increase in membership of the Chamber.

DCCI Accounts

Before concluding my speech, I would like to highlight some salient features of the financial position of the Chamber. It appears from the Auditors' Report of the Chamber as incorporated in this Annual Report that the income of the Chamber of this year (2014) is Taka 11,96,66,641 as against Tk. 10,67,85,917 in

হয়েছে ৫,৭৫,৫১,৮৮১ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৪,০৮,৩৭,৭৩৬ টাকা অর্থাৎ ব্যয়াতিরিক্ত আয় বৃদ্ধি পেয়েছে ১,৬৭,১৪,১৪৫ টাকা বা ৪০.৯৩%।

চেম্বারের মোট তহবিল বা সঞ্চয় পূববর্তী বছরের ৩৭,১১,৪৮,৫৮০ টাকা থেকে ৬,১৭,৭৬,৪০১ টাকা অর্থাৎ ১৬.৬৪% বৃদ্ধি পেয়ে এ বছরে ৪৩,২৯,২৪,৯৮১ টাকায় দাঁড়িয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ২০১৪ সালে চেম্বারের আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ

দেশের একমাত্র আইএসও সনদপ্রাপ্ত চেম্বার হিসেবে দেশে ও বিদেশে ঢাকা চেম্বার তার সম্মানিত সদস্যবৃন্দ ও সর্বোপরি দেশের ব্যবসায়ী সমাজের জন্য উন্নত সেবার মান অক্ষুন্ন রেখে চলেছে। এখন, দেশে ও বিদেশে ঢাকা চেম্বার বাংলাদেশের সবচেয়ে গতিশীল ও স্বনামধন্য চেম্বার হিসেবে স্বীকৃতি লাভ করেছে। আমি আশা করি চেম্বার ভবিষ্যতেও তার এ সুনাম ধরে রাখতে সক্ষম হবে।

সম্মানিত সদস্যবৃন্দ

২০১৪ সাল আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, কারণ এ বছর আমরা সরকারি, বেসরকারি সংস্থাসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে আরো ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছি। তথাপি, ডিসিসিআই'র কর্মকান্ডে বেসরকারি খাতের উন্নয়নের দিকটিকে আমি বেশি সর্বাধিক গুরুত্ব দিতে চেষ্টা করেছি।

আমি আমার পূর্বসূরীদের নিকট থেকে চেম্বারকে গতিশীল ও কার্যকর রাখার জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ পেয়েছি। আমার মেয়াদকালে অনেক অগ্রগতি সাধন করতে পেরেছি। বিশ্বের বিভিন্ন দেশে প্রতিনিধিদল প্রেরণের মাধ্যমে আমরা বিশ্ব আঙ্গিনায় ঢাকা চেম্বারের ইমেজকে সুদঢ় করতে পেরেছি।

আজ ডিসিসিআই'র সভাপতি হিসেবে আমার শেষ কার্যদিবস। আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে, ডিসিসিআই এর কার্যক্রমের সাথে আমার সম্পৃক্ততা ও সহযোগিতা সব সময় অব্যাহত থাকবে এবং বেসরকারী খাতের উন্নয়নের জন্য আমি সবসময় সচেষ্ট থাকব। আমার মেয়াদে আমরা ব্যবসা-বাণিজ্য উন্নয়নে যতটুকু অবদান রাখতে পেরেছি, সে কৃতিত্ব আপনাদের সকলের।

আমি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানাই। কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ নিজ স্থানে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই এর ভাবমূর্তি উজ্জল করছেন এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সম্পর্ক বজায় রাখতে সাহায্য করছেন। এবছর চেম্বার সচিবালয় থেকে আমি সর্বাত্নক সহযোগিতা পেয়েছি যার স্বীকৃতি দেয়া প্রয়োজন।

আমার বক্তব্য শেষ করার পূর্বে আমি ডিসিসিআই'র নবনির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালনা পর্ষদ কে আন্তরিক অভিনন্দন জানাই যারা ২০১৫ সালে চেম্বারের আরো সাফল্যের জন্য আমার চেয়ে বেশি প্রচেষ্টা চালাবেন বলে আমি বিশ্বাস করি। আমি আমার পূর্বসূরীগণকে এবং উত্তরসূরীগণকে ধন্যবাদ জানাই। পাশাপাশি চেম্বারের উত্তরোত্তর উন্নয়নের প্রয়োজনে যে কোন ধরনের সহযোগিতা প্রদানে আবারো আমার প্রত্যয় ব্যক্ত করছি।

আমি আপনাদের সকলকে ধৈর্য্যের সাথে আমার বক্তৃতা শোনার জন্য আবারও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

আল্লাহ হাফেজ।

মোহাম্মদ শাহজাহান খান
সভাপতি, ডিসিসিআই

ডিসেম্বর ১০, ২০১৪ইং।

the previous year (2013) leading to an increase of Tk. 1,28,80,724 i.e., 12.06 percent. The income has accrued from membership subscription, building rent, interest and other sources. On the other hand, total expenditure during the year 2014 stands at Tk. 6,21,14,760 as against Tk. 6,59,48,181 in the previous year (2013) resulting in a decrease of Tk. 38,33,421 i.e., 5.81 percent. Avoidance of unnecessary expenses has contributed to the overall decrease of expenses. Thus excess of income over expenditure during the year 2014 is Tk. 5,75,51,881 which was Tk. 4,08,37,736 in the previous year leading to an increase of Tk. 1,67,14,145 i.e., 40.93 percent.

The overall savings of the Chamber during the year in the form of cash at Bank, cash in hand and fixed deposits increased to Tk. 43,29,24,981 from Tk. 37,11,48,580 in the previous year reflecting an increase of Tk. 6,17,76,401 or 16.64 percent. It is evident from the above statistics that the financial condition of the Chamber has improved substantially in 2014.

Respected Members,

As a first ISO Certified Chamber of the country, DCCI maintains its high quality of services to its esteemed members as well as business community both at home and abroad. Today, the Chamber has been recognized as one of the most active and reputed trade organizations both in national and international arena. The Chamber would like to maintain the same standard in future also which will not be possible without your whole-hearted support and cooperation.

Distinguished Members,

The year 2014 was eventful for DCCI because in this year DCCI has been able to maintain closer relationship between the government and the private sector as well as international level. We tried our best to accommodate DCCI activities for the wider interest of the private sector development.

I learned from my predecessors to keep up Chamber's activities more vibrant and meaningful. During my tenure a lot of successes have been realized. We had been successfully able to focus DCCI to international business arena through several high-profile delegations visits to different countries.

Today it is my last day as the President of DCCI. I would like to ensure you all that I shall always keep contact with the Chamber and share my experiences for the benefit of DCCI. If I had been able to contribute anything for the development of business and economy during the last one year, the credit must go to you all.

I also acknowledge with thanks the hard work and sincerity of all officials of the Secretariat in performing their duties to uphold the image of the Chamber, maintaining continuity of the activities and managing relationship with other national and international organizations.

Before concluding my speech, I want to congratulate the newly elected President, Senior Vice President, Vice President and Directors of DCCI who, I believe, will work hard in 2015 to uphold and glorifying further the name and fame of the chamber. I would like to offer my heartfelt thanks to all of my predecessors and successors once again with my commitment of rendering any support required for the Chamber activities for accelerating its development.

I thank you all once again for your patience hearing.

Allah Hafez

Mohammad Shahjahan Khan
President, DCCI

Date: December 10, 2014.

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর
৫২তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর ৫২তম বার্ষিক সাধারণ সভা গত ১৮ ডিসেম্বর, ২০১৩ ইং (৪ পৌষ, ১৪২০ বাংলা) বুধবার অপরাহ্ন ০৩ঃ০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। স্থানঃ ডিসিসিআই অডিটোরিয়াম (৬ষ্ঠ তলা), ঢাকা চেম্বার ভবন, ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

৫২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	প্রতিনিধির নাম	-	প্রতিষ্ঠানের নাম
১।	জনাব মোঃ সবুর খান	-	মেসার্স ডেফোডিল কম্পিউটারস্ লিঃ
২।	জনাব আবসার করিম চৌধুরী	-	মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাষ্ট্রিজ
৩।	জনাব এস এম হাবিবুর রহমান	-	মেসার্স ডিভাইন করপোরেশন লিমিটেড
৪।	জনাব মাহাবুব আনাম	-	মেসার্স মাহাবুব অ্যান্ড এসোসিয়েটস
৫।	জনাব মোঃ মাজহারুল ইসলাম	-	মেসার্স হসপিটাল ফিজিসিয়ান নিউজ নেটওয়ার্ক
৬।	জনাব নাসিরুদ্দিন এ ফেরদৌস	-	মেসার্স ধানমন্ডি ডেল অ্যান্ড কোম্পানী
৭।	জনাব মনির আহমেদ	-	মেসার্স এসএসি এজেন্সি লিমিটেড
৮।	জনাব রোকোনুজ্জামান	-	মেসার্স ঢাকা অনুবাদ
৯।	মিস্ শামসুন নাহার	-	মেসার্স আব্দুর রহমান
১০।	জনাব মোঃ আব্দুল তাহিদ মজুমদার	-	মেসার্স ড্রিম টাচ্ ইন্ডাস্ট্রিজ
১১।	জনাব শেখ এ শহিদ	-	মেসার্স এলইএডিএস করপোরেশন লিমিটেড
১২।	জনাব এম আবু হোরায়রা	-	মেসার্স সালমান রেফ্রিজারেশন
১৩।	আলহাজ্ব আব্দুস সালাম	-	মেসার্স হাজী আব্দুল হালিম এন্ড সন্স
১৪।	আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক	-	মেসার্স এভিন্স গার্মেন্টস লিঃ
১৫।	জনাব হায়দার আহমদ খান, এফসিএ	-	মেসার্স আহমেদ খান অ্যান্ড কোং
১৬।	জনাব আমিনুর রহমান	-	মেসার্স লেদার সোর্স
১৭।	জনাব এম আনওয়ারুল হক	-	মেসার্স টিপারা আয়রন এন্ড টিন ফ্যাক্টরী লিঃ
১৮।	জনাব মোঃ মামুনুর রহমান	-	মেসার্স এক্সপোপ্রো
১৯।	জনাব কামাল পাশা	-	মেসার্স প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
২০।	জনাব মোঃ ইকরাম ঢালি	-	মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এক্সেসরিজ
২১।	জনাব মোঃ তারেক হাসান	-	মেসার্স সি সি সি ট্রেডিং করপোঃ
২২।	জনাব মোঃ জসিম উদ্দিন	-	মেসার্স দি ইবন সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি লিঃ
২৩।	জনাব আবু বকর মোঃ সিদ্দিক	-	মেসার্স অল-টেক মেশিনারী
২৪।	জনাব সালাহউদ্দিন আহমেদ	-	মেসার্স রেমফি অ্যান্ড সন লিমিটেড
২৫।	জনাব দাতা মাগফুর	-	মেসার্স দাতা এন্টারপ্রাইজেস লিমিটেড
২৬।	জনাব ওসামা তাসীর	-	মেসার্স ফোর উইংস লিঃ
২৭।	জনাব আবু জাফর	-	মেসার্স এস এস এন্টারপ্রাইজ
২৮।	ক্যাপ্ট মোঃ নুরুল হক (অবঃ)	-	মেসার্স শেল্টার কনস্ট্রাকশনস লিঃ
২৯।	জনাব মোঃ শামীম ভুঁইয়া	-	মেসার্স হার্ট ইন্টারন্যাশনাল
৩০।	সৈয়দ হাবিবুর রহমান	-	মেসার্স ফয়সাল কন্ট্রাক্টিং করপোরেশন
৩১।	জনাব আবুল হোসেন	-	মেসার্স ফজিলা কর্পোরেশন

ক্রমিক নং	প্রতিনিধির নাম	-	প্রতিষ্ঠানের নাম
৩২।	জনাব আবুল কাসেম	-	মেসার্স ফজিলা ইলেক্ট্রনিক্স ইন্ডাষ্ট্রিজ
৩৩।	জনাব এম শাখাওয়াত হোসেন	-	মেসার্স বিকন এক্সিম বাংলাদেশ লিঃ
৩৪।	জনাব কে এম এন মন্জুরুল হক	-	মেসার্স ওয়াইড লিংক ইন্টারন্যাশনাল
৩৫।	জনাব রিজওয়ান-উর রহমান	-	মেসার্স ইটিবিএল সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ লিঃ
৩৬।	জনাব নেসার মাকসুদ খান	-	মেসার্স মাক্স রিনিউয়্যাবল এ্যানার্জী কোং লিঃ
৩৭।	জনাব এম এস সেকিল চৌধুরী	-	মেসার্স টিসিবিএল গ্রুপ
৩৮।	খন্দকার এ সালাম	-	মেসার্স মেটালইমপেক্স লিমিটেড
৩৯।	জনাব হোসেন খালেদ	-	মেসার্স এ জি অটোমোবাইলস লিমিটেড
৪০।	জনাব জাফর ওসমান	-	মেসার্স ইন্টারন্যাশনাল ট্রেড কানেক্শন (প্রাঃ) লিঃ
৪১।	জনাব মজিব উল্লাহ ভুঁইয়া	-	মেসার্স মডার্ন ডায়াগনষ্টিক সেন্টার
৪২।	ইঞ্জিনিয়ার মোঃ নুরুল হুদা	-	মেসার্স আইকন হাউজিং অ্যান্ড বিল্ডার্স লিঃ
৪৩।	জনাব মোঃ নূর নবী চৌধুরী	-	মেসার্স নূর পার্টেক্স পয়েন্ট
৪৪।	জনাব মোঃ মঞ্জুর মোরশেদ	-	মেসার্স এস এস বিজনেস করপোরেশন লিঃ
৪৫।	জনাব মোঃ হুমায়ূন কবীর	-	মেসার্স সিটাডেল প্রোপার্টিজ লিঃ
৪৬।	জনাব মোঃ কামালউদ্দিন মালিক	-	মেসার্স ইম্পেরিয়াল প্লাষ্টিক ইন্ডাষ্ট্রিজ
৪৭।	জনাব মোঃ মোশাররফ হোসেন	-	মেসার্স চাঁদ অ্যান্ড সন্স
৪৮।	জনাব মোঃ মুজিবুর রহমান	-	মেসার্স এম এস এম এক্সেসরিজ
৪৯।	জনাব মোঃ মিজানুর রহমান	-	মেসার্স আনোয়ার ইন্টিগ্রেটেড স্টীল প্লান্ট লিঃ
৫০।	জনাব মামুন আকবর	-	মেসার্স আমা মেডিকেল লিমিটেড
৫১।	আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন	-	মেসার্স মহিউদ্দিন অটো হাউস
৫২।	জনাব মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স জেনারেল মটরস
৫৩।	জনাব মোঃ শহীদ হোসেন	-	মেসার্স এস বি ডিস্ট্রিবিউশন লিঃ
৫৪।	জনাব এম এ রাজ্জাক	-	মেসার্স মুন এন্টারপ্রাইজ
৫৫।	জনাব মোঃ সাইফুল হুদা অ্যানাহলী	-	মেসার্স ইস্টার্ন হাউজিং লিঃ
৫৬।	জনাব মকবুল আহমেদ	-	মেসার্স পিএনপি করপোরেশন (প্রাঃ) লিঃ
৫৭।	জনাব মোঃ শামসুদ্দিন ঢালি	-	মেসার্স মারস্ ইন্টারন্যাশনাল
৫৮।	জনাব এম সালিম সোলায়মান	-	মেসার্স মস্কো ইন্টারন্যাশনাল
৫৯।	হাজী আলতাফ হোসেন	-	মেসার্স আনোয়ার ইস্পাত লিমিটেড
৬০।	জনাব বিশ্বজিৎ রয়	-	মেসার্স বিশ্ব ইমপেক্স
৬১।	জনাব মাহবুব আলম	-	মেসার্স এ ওয়ান ট্রেডিং কোং
৬২।	জনাব এম এ মোমেন	-	মেসার্স টোকা ইন্ক (বাংলাদেশ) লিঃ
৬৩।	জনাব মোঃ নিয়ামত উল্লাহ মজুমদার	-	মেসার্স ইনোভা ইন্টারন্যাশনাল
৬৪।	জনাব কৃষ্ণধন সাহা	-	মেসার্স সুজন ট্রেডার্স
৬৫।	সৈয়দ আলমাস কবীর	-	মেসার্স মেট্রোনেট বাংলাদেশ লিমিটেড
৬৬।	মিসেস্ নাসরিন আনোয়ার চৌধুরী	-	মেসার্স মাহমুদা হ্যান্ডিক্রাফ্টস
৬৭।	জনাব আমির হামজা	-	মেসার্স ম্যাক্সওয়েল হোমস অ্যান্ড প্রোপার্টিজ লিঃ
৬৮।	জনাব আব্দুল হান্নান খান	-	মেসার্স ম্যাক্সওয়েল এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড
৬৯।	জনাব নাজির হোসেন	-	মেসার্স এন এইচ ইন্টারন্যাশনাল
৭০।	জনাব জাফর ইকবাল লাবলু	-	মেসার্স লা-ভ্যালেন্টিনো
৭১।	কাজী সারওয়ার হাবিব	-	মেসার্স ফুরুশিমা (বিডি) লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম	-	প্রতিষ্ঠানের নাম
৭২।	জনাব কামরুল ইসলাম	-	মেসার্স মাশনুনস লিমিটেড
৭৩।	জনাব হোসেন আখতার	-	মেসার্স আনোয়ার এক্সপোর্ট এন্ড ইমপোর্ট কোং
৭৪।	সৈয়দ মোয়াজ্জম হোসেন	-	মেসার্স এস এম এইচ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ট্রেডিং কোম্পানী
৭৫।	জনাব তপন কৃষ্ণ পোদ্দার	-	মেসার্স এলায়েন্স ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
৭৬।	জনাব এম আব্দুল্লাহ সাদী	-	মেসার্স ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ
৭৭।	জনাব খায়রুল মজিদ মাহমুদ	-	মেসার্স কল্ডওয়েল ডেভেলপমেন্ট লিঃ
৭৮।	আলহাজ্ব আব্দুল আজিজ সরকার	-	মেসার্স আরি-আরা গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ
৭৯।	জনাব পারভেজ আহমেদ	-	মেসার্স রেহান করপোরেশন
৮০।	জনাব নৃপেন চন্দ্র সাহা	-	মেসার্স আনোয়ার গ্যালভানাইজিং লিঃ
৮১।	ডাঃ এম খুরশেদ আলম	-	মেসার্স বিআইএসআর কনসালটেন্টস লিঃ
৮২।	জনাব বিনয় চন্দ্র নাথ দাস	-	মেসার্স চাঁদনী টেক্সটাইল মিলস লিমিটেড
৮৩।	জনাব রাশেদ আলী	-	মেসার্স দয়াল এন্টারপ্রাইজ
৮৪।	জনাব এস এম নাসির উদ্দিন	-	মেসার্স এম এম রহমান অ্যান্ড কোং
৮৫।	জনাব মোঃ মঈনুল হোসেন	-	মেসার্স মাল্টিলিংক রিসোর্সেস
৮৬।	জনাব শ্যামল কুমার দাস	-	মেসার্স এস এস শিপিং এন্ড চার্টারিং লিঃ
৮৭।	জনাব মোঃ জহিরুল হক বালি	-	মেসার্স জিইএল টেক লিঃ
৮৮।	জনাব জাহিদুর রহমান	-	মেসার্স জয়েন্ট টাচ্ প্রিন্টিং প্রেস
৮৯।	আলহাজ্ব মোঃ আহসানুল হক (আহসান)	-	মেসার্স আপন ট্রেড ইন্টারন্যাশনাল
৯০।	জনাব নান্না মিয়া	-	মেসার্স নিপা ইন্টারন্যাশনাল
৯১।	জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন তালুকদার	-	মেসার্স লিংকন ইমপেক্স ওভারসীজ
৯২।	জনাব এ কে মোঃ শামসুদ্দিন	-	মেসার্স ওয়ারেস করপোরেশন লিমিটেড
৯৩।	জনাব এম এস সিদ্দিকী	-	মেসার্স বাংলা কেমিক্যাল
৯৪।	জনাব এম এ হামিদ	-	মেসার্স দিগন্ত এ্যাডভারটাইজিং
৯৫।	জনাব মোঃ বেল্লাল হোসেন	-	মেসার্স টিকেডি এন্টারপ্রাইজ অব বিডি
৯৬।	জনাব আবুবক্কর সিদ্দিক	-	মেসার্স এ বি এস ট্রেডিং ইন্টারন্যাশনাল
৯৭।	জনাব আব্দুল হক সেলিম	-	মেসার্স ট্রেডলাইন ইন্টারন্যাশনাল এজেন্সি
৯৮।	জনাব মোহাম্মদ ওসমান গনি	-	মেসার্স হাইপু ইন্টারন্যাশনাল বিজনেস কোম্পানী
৯৯।	মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ)	-	মেসার্স ইয়াদ লিমিটেড
১০০।	জনাব এম এম মোহসীন	-	মেসার্স লিবরা ইনফিউশনস লিঃ
১০১।	খন্দকার শহীদুল ইসলাম	-	মেসার্স মাহবুবা খন্দকার
১০২।	জনাব ওয়াকার আহমেদ চৌধুরী	-	মেসার্স নাসকম (প্রাঃ) লিমিটেড
১০৩।	জনাব মোঃ মোনায়েম খান	-	মেসার্স রাজা এন্ড ব্রাদার্স
১০৪।	হাজী মোঃ মিয়া হোসেন	-	মেসার্স এম এইচ এন্ড কোং
১০৫।	জনাব মোঃ জুয়েল হোসেন	-	মেসার্স ফজাল অটো লিঃ
১০৬।	জনাব মোঃ শোয়েব চৌধুরী	-	মেসার্স এস. এস. ভিশন লিমিটেড
১০৭।	ড. তুহিন মালিক	-	মেসার্স হোসেন ডাইং অ্যান্ড প্রিন্টিং মিলস লিঃ
১০৮।	জনাব রাশেদ মাকসুদ খান	-	মেসার্স বেঙ্গল ফাইন সিরামিকস লিঃ
১০৯।	জনাব মাহবুবুর রহমান	-	মেসার্স ইটিবিএল হোল্ডিংস লিমিটেড
১১০।	আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন	-	মেসার্স আনোয়ার সিল্ক মিলস লিঃ
১১১।	জনাব এ এস এম কাসেম	-	মেসার্স নিউএইজ ফ্যাশন ওয়্যার লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম	-	প্রতিষ্ঠানের নাম
১১২।	জনাব রমিজউদ্দিন ফকির	-	মেসার্স লাকী ট্রেডিং এজেন্সী
১১৩।	জনাব আফতাব-উল-ইসলাম, এফসিএ	-	মেসার্স ইন্টারন্যাশনাল অফিস ইকুইপমেন্ট
১১৪।	জনাব আহমেদ হোসেন মজুমদার	-	মেসার্স পারভীন ট্রেডিং কর্পোরেশন
১১৫।	জনাব আবুল কাসেম খান	-	মেসার্স ইনফোকম লিঃ
১১৬।	জনাব আসিফ ইব্রাহীম	-	মেসার্স নিউএইজ এ্যাপারেল্স লিমিটেড
১১৭।	জনাব মোহাম্মদ শাহজাহান খান	-	মেসার্স এস এস শিপিং এন্ড ট্রেডিং লিঃ
১১৮।	জনাব কে জি করিম	-	মেসার্স করিম অ্যান্ড সন্স
১১৯।	জনাব মোহাঃ ইফতেখারউদ্দিন (নওশাদ)	-	মেসার্স ইন-উইন এন্টারপ্রাইজ
১২০।	জনাব হোসেন এ সিকদার	-	মেসার্স স্টার স্টীল ষ্টোর
১২১।	জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান	-	মেসার্স খায়ের এন্টারপ্রাইজেস
১২২।	জনাব মোঃ মনিরুল ইসলাম	-	মেসার্স প্যারাডাইজ ডেভেলপমেন্ট অ্যান্ড কনস্ট্রাকশনস লিঃ
১২৩।	জনাব শাহজাহান সরকার	-	মেসার্স ইরেক্টর ইন্টারন্যাশনাল
১২৪।	জনাব শামীম আহসান খান	-	মেসার্স সিকিউরা (বাংলাদেশ) লিমিটেড
১২৫।	জনাব মোহাম্মদ কামরুল হোসেন	-	মেসার্স হি-ভান বাংলাদেশ কোম্পানী লিমিটেড
১২৬।	জনাব মোঃ মাসুম হোসেন	-	মেসার্স হোসেন ডাইং অ্যান্ড প্রিন্টিং মিলস লিঃ
১২৭।	সৈয়দ দিগন্ত মুনির	-	মেসার্স ইউএইচ ট্রেন্ডজ লিঃ
১২৮।	জনাব এ এইচ এম জাকারিয়া	-	মেসার্স আজিজ পাইপস লিঃ
১২৯।	জনাব মোঃ জসিম উদ্দিন	-	মেসার্স এ-ওয়ান পলিমার লিমিটেড
১৩০।	জনাব আখতার সালিম	-	মেসার্স ট্রাম্প ইঞ্জিনিয়ারিং লিমিটেড
১৩১।	জনাব মোঃ আল হেলাল	-	মেসার্স আনোয়ার ল্যান্ডমার্ক লিঃ
১৩২।	জনাব মোক্তার হোসেন চৌধুরী	-	মেসার্স ইউনি-গ্লোব ট্রাভেলস
১৩৩।	জনাব এম এ মান্নান	-	মেসার্স বেটা বাংলাদেশ লিঃ
১৩৪।	জনাব মোঃ আজিজুর রহমান	-	মেসার্স ইন্টারন্যাশনাল ট্রেডিং কোম্পানী
১৩৫।	জনাব এনামুল হক পাটোয়ারী	-	মেসার্স জুট অ্যান্ড ব্যাগস এক্সপোর্ট কর্পোরেশন
১৩৬।	জনাব মোঃ আবুল কাসেম	-	মেসার্স কাবা ট্রেডিং কোং
১৩৭।	জনাব হোসেন মেহমুদ	-	মেসার্স মেহমুদ ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিঃ
১৩৮।	জনাব মোঃ আনোয়ার হোসেন মন্ডল	-	মেসার্স কোয়ালিটি ইন্টারন্যাশনাল (বিডি)
১৩৯।	জনাব কামরুল হাসান	-	মেসার্স আইএসও টেক এলপি গ্যাস লিমিটেড
১৪০।	জনাব মোঃ সোহেল	-	মেসার্স আইএসও টেক জুট ইন্ডাস্ট্রিজ লিঃ
১৪১।	জনাব মোঃ সাখাওয়াত হোসেন	-	মেসার্স বেঙ্গল জুট এন্ড বুর্লাপ এজেন্সিস
১৪২।	মিসেস আইরিন আক্তার	-	মেসার্স লাহাজ গুর ভান্ডার
১৪৩।	জনাব খায়ের উদ্দিন	-	মেসার্স আনোয়ার জুট স্পিনিং মিলস লিঃ
১৪৪।	জনাব এম এ সাত্তার	-	মেসার্স সাত্তার মেটাল ইন্ডাস্ট্রিজ
১৪৫।	জনাব মোঃ মাসুম রাব্বানী	-	মেসার্স বাইমেক্স ট্রেড এসোসিয়েটস লিঃ
১৪৬।	জনাব ওমর গনি	-	মেসার্স আনোয়ার সিমেন্ট শীট লিঃ
১৪৭।	খন্দকার রাশেদুল আহসান	-	মেসার্স পিসেস কর্পোরেশন লিঃ
১৪৮।	জনাব মোঃ মোতালেব হোসেন	-	মেসার্স এ্যাথেনা'স ফার্নিচার অ্যান্ড হোম ডেকর
১৪৯।	জনাব মুহাম্মদ মতিউর রহমান	-	মেসার্স ধানসিড়ি বিল্ডার্স লিমিটেড
১৫০।	জনাব মোহাম্মদ দাউদ রায়হান	-	মেসার্স মা নিটিং এন্ড ডাইং ইন্ডাস্ট্রিজ লিমিটেড
১৫১।	জনাব অতুল প্রসাদ গুপ্ত	-	মেসার্স শাহজালাল লেদার কমপ্লেক্স লিমিটেড

ক্রমিক নং	প্রতিনিধির নাম	-	প্রতিষ্ঠানের নাম
১৫২।	জনাব মোঃ মোস্তফা কামাল	-	মেসার্স শ্যাডো ইন্টারন্যাশনাল
১৫৩।	দেওয়ান সিদ্দিকুর রহমান	-	মেসার্স রিমিক্স কালেকশন
১৫৪।	জনাব ইমতিয়াজ	-	মেসার্স প্যারাডাইজ ফুড প্রোডাক্টস লিমিটেড
১৫৫।	জনাব দেলোয়ার হোসেন	-	মেসার্স প্রিন্স ফুড প্রোডাক্টস লিমিটেড
১৫৬।	জনাব এ কে এম দেলোয়ার হোসেন	-	মেসার্স ক্রাউন মেলামাইন ইন্ডাষ্ট্রিজ লিঃ
১৫৭।	জনাব প্রান্তোষ দাস	-	মেসার্স ডিএসএম কমোডিটিজ লিঃ
১৫৮।	জনাব মোঃ মাহাবুব হাসান	-	মেসার্স মাগ ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট কোং
১৫৯।	জনাব শাহ আলম	-	মেসার্স এল এ ফ্যাশন (প্রাঃ) লিঃ
১৬০।	জনাব মোঃ লোকমান হোসেন	-	মেসার্স মিরপুর ডায়াগনষ্টিক সেন্টার লিমিটেড
১৬১।	শেখ মোঃ ওয়ালিউল ইসলাম	-	মেসার্স রুটস সোর্সিং ইন্টারন্যাশনাল লিঃ
১৬২।	জনাব এস এম জিল্লুর রহমান	-	মেসার্স রহমান ওভারসীজ
১৬৩।	জনাব আলতাফ হোসেন বিশ্বাস	-	মেসার্স বিশ্বাস ট্রেডলিংক করপোরেশন লিমিটেড
১৬৪।	জনাব মোহাম্মদ আশরাফুজ্জামান উজ্জ্বল	-	মেসার্স ডেল্টা আউটডোরস
১৬৫।	জনাব এম এ রশিদ	-	মেসার্স সিওমরু ইন্টারন্যাশনাল লিমিটেড
১৬৬।	জনাব আব্দুল হামিদ	-	মেসার্স সেন্তিরা এন্টারপ্রাইজেস লিঃ
১৬৭।	মির্জা জহির আলী	-	মেসার্স পেগাসাস ইন্টারন্যাশনাল ট্রের্ডি কোং
১৬৮।	জনাব প্রান্তোষ চন্দ্র সরকার	-	মেসার্স বিজয় ট্রেডিং করপোরেশন
১৬৯।	জনাব মোঃ হাবিব উল্লাহ তুহিন	-	মেসার্স নাইস ট্রেড লাইনারস
১৭০।	জনাব রফিকুল ইসলাম খান, এফসিএ	-	মেসার্স আমান নিটিংস লিমিটেড
১৭১।	জনাব মোঃ কায়সুল আলম	-	মেসার্স বাংলাদেশ অটো কার্স লিঃ
১৭২।	জনাব মোঃ সিরাজুল	-	মেসার্স গ্লোবাল (বিডি) ন্যাশনওয়াইড লিমিটেড
১৭৩।	জনাব শফিক হোসেন	-	মেসার্স মাসুক হোসেন
১৭৪।	জনাব মোঃ রিজাউল করিম খান	-	মেসার্স কৃষিবিদ ফার্ম লিমিটেড
১৭৫।	জনাব নজরুল ইসলাম রানা	-	মেসার্স রানা ইন্টারন্যাশনাল
১৭৬।	জনাব এস রুমী সাইফুল্লাহ	-	মেসার্স ভিনসেন্ট কমিউনিকেশন লিমিটেড

সভার শুরুতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সচিব জনাব বশির হায়দার বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান এবং চেম্বারের সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণকে মঞ্চে আসন গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানান। সবার আসন গ্রহণের পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বার নামাজ ঘরের ইমাম জনাব হাফেজ মোঃ আব্দুস সাত্তার পবিত্র কালাম-ই-পাক থেকে তেলাওয়াত করেন। অতঃপর ডিসিসিআই সভাপতি জনাব মোঃ সবুর খান এর সভাপতিত্বে ৫২তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়। এ পর্যায়ে চেম্বারের সচিব মহোদয় বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ করে শোনান এবং সভার কার্যক্রম পরিচালনার জন্য সভাপতি মহোদয়ের অনুমতি প্রার্থনা করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তিনি গত এক বছরে দেশে-বিদেশে বিভিন্ন বরেণ্য ব্যক্তিবর্গ যাঁরা ইন্তেকাল করেছেন তাঁদের মধ্যে বাংলাদেশের সাবেক মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ জিল্লুর রহমান, দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা, সাবেক মন্ত্রী ও প্রবীন রাজনীতিবিদ জনাব আব্দুল জলিল, ঢাকা চেম্বারের সাবেক পরিচালক জনাব খোরশেদ আহমেদ ও জনাব এন ইসলাম, ঢাকা চেম্বারের সাবেক পরিচালক সৈয়দ মোয়াজ্জম হোসেন এর মাতা- মোছাঃ শামসুন্নাহার, বকুল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব এম সিরাজুল ইসলাম, ঢাকা চেম্বারের পরিচালক জনাব এ এস এম মহিউদ্দীন মোনেম এর দাদী মোছাঃ হোসাইনা বানু, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর জনাব লুৎফুর রহমান সরকার, জেবিসিসিআই-এর সাবেক সভাপতি জনাব রাশেদ আহমেদ আলী, ঢাকা চেম্বার সচিবালয়ের উচ্চমান সহকারী জনাব মোঃ আমজাদ হোসেন, ঢাকা চেম্বারের সাবেক ইকোনোমিক কনসালটেন্ট জনাব গোলাম মর্তুজা, সাইপ প্রজেক্ট পরিচালক জনাব আজিজুর রহমান প্রমুখের নাম উল্লেখ করেন। তাছাড়া, সাভারের রানা প্লাজা ধ্বস ও গাজীপুরের আসওয়াদ গার্মেন্টস দূর্ঘটনায় নিহত এবং ফিলিপাইন ও ভিয়েতনামে টাইফুন 'হাইয়ানের' আঘাতে নিহত; পাকিস্তান, ইরান, চীন ও ইন্দোনেশিয়ায় ভূমিকম্প, বাংলাদেশ ও মায়ানমারের বিভিন্ন এলাকায় সাইক্লোন 'মহাসেন' এর ফলে নিহত; উত্তর

ভারত, জাকার্তা, চীন এবং রাশিয়ায় বন্যা ইত্যাদির কারণে নিহতদের জন্য শোক প্রকাশ করা হয়। অতঃপর চেম্বার নামাজঘর এর ইমাম জনাব হাফেজ মোঃ আব্দুস সাত্তার প্রয়াতদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব মহোদয় আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ ঃ গত ২৯ ডিসেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

ঢাকা চেম্বারের সচিব মহোদয় ৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা শেষে জনাব মোঃ মাজহারুল ইসলাম, স্বত্বাধিকারী, মেসার্স হসপিটাল ফিজিশিয়ান নিউজ নেটওয়ার্ক উক্ত কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং তা সমর্থন করেন জনাব রাশেদ আলী, স্বত্বাধিকারী, মেসার্স দয়াল এন্টারপ্রাইজ। অতঃপর সর্বসম্মতিক্রমে ৫১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি-২ঃ ২০১৩ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

ডিসিসিআই সভাপতি জনাব মোঃ সবুর খান ২০১৩ সালের বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং বার্ষিক প্রতিবেদনে উপস্থাপিত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন পাঠ করে শোনান। তাঁর বক্তব্যের শুরুতে তিনি ঢাকা চেম্বারের স্বনামধন্য ব্যবসায়ী ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিবর্গের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। অতঃপর সভাপতি মহোদয় ২০১৩ সালের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের পক্ষ থেকে উপস্থিত সকলকে ডিসিসিআই এর ৫২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সম্মানিত সদস্যবৃন্দের সর্বাত্মক সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সম্মানিত সদস্যবৃন্দের ঐকান্তিক সহযোগিতা, প্রাজ্ঞ দিক্ নির্দেশনা ও দৃঢ়তায় আজ ডিসিসিআই বাংলাদেশের বেসরকারী খাতের অন্যতম প্রতিনিধিত্বকারী আন্তর্জাতিক স্বীকৃতি সম্পন্ন একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তিনি আরো বলেন, দেশে রাজনৈতিক অস্থিরতা থাকা সত্ত্বেও ২০১৩ সালের সার্বিক অর্থনৈতিক অবস্থা মোটামোটি ইতিবাচক ছিল। অবকাঠামো ও নির্মাণ খাতে ব্যাপক সম্প্রসারণ এবং উৎপাদন খাতের উন্নয়নের ফলে শিল্পখাতে ৯ শতাংশ এবং সেবা ও কৃষিখাতে যথাক্রমে ৫.৭ শতাংশ ও ২.১৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। বেসরকারী খাতের অসামান্য অবদান এবং উদ্যোমী শ্রম শক্তির ফলে বাংলাদেশের অর্থনীতি স্থিতিশীল রয়েছে কিন্তু বিদ্যমান রাজনৈতিক অস্থিরতা দীর্ঘমেয়াদী হলে অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে তিনি উল্লেখ করেন। শত প্রতিকূলতা সত্ত্বেও গোল্ডম্যান স্যাকস বাংলাদেশকে তাদের "নেক্সট ১১" তালিকায় অন্তর্ভুক্ত করেছে এবং জেপি মরগ্যানের "ফ্রন্টিয়ার ফাইভ" অর্থনীতির অন্যতম একটি হচ্ছে বাংলাদেশ। এছাড়া সিটি গ্রুপ বাংলাদেশকে গ্লোবাল গ্রোথ জেনারেটর বা থ্রিজি এর ভিত্তিতে অন্যতম ১১টি দেশের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। সিআইএ ওয়ার্ল্ড ফ্যাক্ট বুক ২০১২ অনুযায়ী বাংলাদেশ বিশ্বের ৪২তম অর্থনীতি হিসেবে পরিগণিত হয়েছে। ২০১৩ সালে মুডিস তাদের সভারেন ক্রেডিট রেটিং মানদণ্ডে বাংলাদেশের সার্বিক অবস্থাকে আবারো স্থিতিশীল হিসেবে আখ্যায়িত করেছে বলেও তিনি সভাকে অবহিত করেন।

তিনি ইতোপূর্বে ঢাকা চেম্বার কর্তৃক আয়োজিত বিভিন্ন মেগা ইভেন্টের সফল আয়োজনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক পরিবর্তনে সরকারি ও বেসরকারি নীতি নির্ধারকদের দৃষ্টি আকর্ষণ করার সক্ষমতার কথা ব্যক্ত করেন। এরই ধারাবাহিকতায় ২০১৩ সালে দায়িত্বভার গ্রহণ করার পর, ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদ ২০০০ নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে "Entrepreneurship and Innovation Expo" এবং প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগে আকৃষ্ট করার জন্য "NRB for Positioning Bangladesh" নামে দুটো ইভেন্ট আয়োজনের পরিকল্পনা গ্রহণ করে বলে তিনি সভাকে অবহিত করেন। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় ডিসিসিআই ০৬ নভেম্বর, ২০১৩ তারিখে রাজধানীর সোনারগাঁও হোটেলের গ্র্যান্ড বল রুমে "এন্ট্রাপ্রিনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো" এর উদ্বোধনী অনুষ্ঠান সফলভাবে আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। নীতিনির্ধারক, ব্যবসায়ী নেতৃবৃন্দ, বিভিন্ন ব্যাংক ও নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের কূটনৈতিকবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ডীনবৃন্দ, গবেষণা সংস্থার প্রতিনিধিবৃন্দ, দাতা সংস্থার প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ এবং বেশ কিছু নতুন উদ্যোক্তাসহ প্রায় ১০০০ জন উচ্চ পর্যায়ের অতিথিবৃন্দ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বলে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন।

জনাব মোঃ সবুর খান ২০১৩ সালে ডিসিসিআই এর কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড উল্লেখ করেন যেমনঃ এশিয়ার সর্বোচ্চ অনুপ্রেরণাদানকারী "নেশন বিল্ডার এ্যাওয়ার্ড" অর্জন, ডিসিসিআই'র ওয়েবসাইট আধুনিকীকরণ, ডিসিসিআই ফোরাম প্রতিষ্ঠা, অনলাইন মেম্বারশীপ ডিরেক্টরি এবং বিটুবি ম্যাচ-মেকিং সার্ভিসেস প্রবর্তন, ঢাকা চেম্বারকে বাংলাদেশে মানসম্পন্ন চেম্বার হিসেবে রূপান্তর, পরিত্যক্ত সম্পত্তির তালিকা হতে ডিসিসিআই'র ৬৫ নং প্লটের অবমুক্তি, ঢাকা সিটি কর্পোরেশনের বকেয়া পৌর কর প্রদান,

ঢাকা চেম্বারের ট্রান্সফরমার স্থাপন, ডিসিসিআই হেল্প ডেস্ক স্থাপন, ইউএস প্রডাক্টডস্ অ্যান্ড সার্ভিসেস ইনফো সেন্টার স্থাপন, ইউএস-বাংলাদেশ পার্টনারশিপ ডায়লগ সফলভাবে আয়োজন, আন্তর্জাতিক ডেস্ক স্থাপন, "বাজেটে-প্রত্যাশা" শীর্ষক অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, জাতীয় বাজেট ২০১৩-১৪ বিষয়ক ঢাকা চেম্বারের তাৎক্ষণিক প্রতিক্রিয়া বাংলাভিশনে সরাসরি সম্প্রচার, "এন্ট্রাপ্রিনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো" এর উদ্বোধন, "হ্যান্ডবুক অব এন্ট্রাপ্রিনিউরশীপ ডেভেলপমেন্ট" প্রকাশ, "বাংলাদেশের অর্থনীতিতে হরতাল ও অবরোধের প্রভাব" বিষয়ক স্টাডি পরিচালনা, রেকর্ড সংখ্যক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর ও বিদেশে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় চেম্বারের সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্তি, "এন্ট্রাপ্রিনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো" শীর্ষক মেগা ইভেন্ট উপলক্ষ্যে ১০ কোটি মোবাইল ফোন গ্রাহকের নিকট ক্ষুদেবার্তা প্রেরণ, ৩০টি সেমিনার, ওয়ার্কশপ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠান আয়োজন, মহামান্য রাষ্ট্রপতি, সরকারের ছয় জন মাননীয় মন্ত্রী, বাংলাদেশ ব্যাংকের গভর্নরসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সাথে সৌজন্য সাক্ষাৎ, চল্লিশটিরও বেশি বিদেশী ডেলিগেশনের সাথে আলোচনা অনুষ্ঠান আয়োজন, বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে চারটি সংবাদ সম্মেলন আয়োজন, জাতীয় নীতিমালা ও বিভিন্ন জাতীয় ইস্যুতে ডিসিসিআই'র মতামত প্রেরণ, বছরব্যাপী এগারটি প্রকাশনা ইত্যাদি। তাছাড়া, তিনি ঢাকা চেম্বারের চলমান ও ভবিষ্যৎ প্রকল্প সম্পর্কেও বিস্তারিতভাবে তুলে ধরেন এবং নব-নির্বাচিত পরিচালনা পর্ষদকে এ ব্যাপারে দৃষ্টি দেয়ার আহ্বান জানান।

২০১৩ সালে ঢাকা চেম্বারের ২৪টি স্ট্যান্ডিং কমিটি প্রায় ৭০ টি বৈঠক করে এবং এ সকল বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও পরামর্শ গৃহীত হয়। তিনি কমিটিগুলোর সমন্বয়কারী পরিচালক, আহবায়ক এবং সহ-আহবায়কগণকে বছরব্যাপী তাদের অকৃত্রিম সহযোগিতা প্রদানের জন্য ধন্যবাদ জানান। ডিসিসিআইতে ২০১৩ সালে এগারটি বোর্ড সভা ও একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে যাতে ব্যবস্থাপনা ও আর্থিক বিষয় ছাড়াও ডিসিসিআইকে আরো কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে গৃহীত নীতি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয় বলে তিনি উল্লেখ করেন। দেশের ব্যবসা-বাণিজ্য পরিচালনায় নানাবিধ সীমাবদ্ধতা এবং রাজনৈতিক অস্থিতিশীলতা সত্ত্বেও ২০১৩ সালের নভেম্বর মাস পর্যন্ত ৪৫১ জন নতুন সদস্য নিবন্ধিত হয়েছেন, ১৫০ জন সদস্য তাদের সদস্যপদ পূনঃনবায়ন করেছেন এবং ২৪২১ জন সদস্য তাদের সদস্যপদ নবায়ন করেছেন বলে সভাকে তিনি অবহিত করেন। ২০১৩ সালে সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে কিডনী ফাউন্ডেশনকে দশ লক্ষ টাকা মূল্যের ডায়ালেসিস মেশিন প্রদান করা হয়েছে যার মাধ্যমে প্রতিদিন প্রায় ১০৮ জন রোগীকে ৩ শিফটে ডায়েলিসিস সেবা প্রদান করা হচ্ছে। দেশের মানুষের শীতের কষ্ট লাঘবের লক্ষ্যে এবছর ডিসিসিআই এর পক্ষ থেকে উত্তরাঞ্চলের বিভিন্ন চেম্বার, ঢাকা মহানগর সমিতি এবং আঞ্জুমান মুফিদুল ইসলাম এর প্রতিনিধিদের নিকট শীত বস্ত্র হস্তান্তর করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তাছাড়া, পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ডিসিসিআই-তে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজনের বিষয়টিও সভাকে অবহিত করেন।

সভাপতি মহোদয় তাঁর বক্তৃতায় ডিসিসিআই এর আর্থিক বিষয়ের উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরেন। ২০১৩ সালে চেম্বারে ব্যয় এর তুলনায় অধিক আয় হয়েছে মোট ৪,০৮,৩৭,৭৩৬ টাকা যা গত বছরে ছিল ৩,৩৪,৬৬,৬৫৪ টাকা। এ আয় মূলতঃ সদস্যদের চাঁদা, ভবন ভাড়া এবং অন্যান্য উৎস থেকে অর্জিত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। এ বছর সিটি কর্পোরেশনের বকেয়া কর বাবদ বড় অংকের টাকা পরিশোধ করা সত্ত্বেও চেম্বারের মোট সঞ্চয় ৬,৩২,০৩,৫২৮ টাকা বৃদ্ধি পেয়ে ৩৭,১১,৪৮,৫৮০ টাকায় দাঁড়িয়েছে।

রাজনৈতিক অস্থিতিশীলতা, হরতাল, অবরোধ, মহাসমাবেশ ইত্যাদি থাকা সত্ত্বেও এ বছর ডিসিসিআই সরকারি, বেসরকারি সংস্থাসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে আরো ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছে বিধায় ২০১৩ সাল ঢাকা চেম্বারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল বলে তিনি উল্লেখ করেন। চেম্বারকে গতিশীল ও কার্যকর রাখার জন্য গুরুত্বপূর্ণ পরামর্শ পাওয়ায় তিনি তার পূর্বসূরীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ডিসিসিআই এর কার্যক্রমের সাথে তার সম্পৃক্ততা ও সহযোগিতা সব সময় অব্যাহত থাকবে বলেও সভাকে অবহিত করেন। তাছাড়া, তিনি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ অবস্থানে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই এর ভাবমূর্তি উজ্জ্বল করায় এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সম্পর্ক বজায় রাখতে সাহায্য করায় তাদেরকে ধন্যবাদ জানান। পাশাপাশি চেম্বার সচিবালয় থেকে সর্বাত্মক সহযোগিতা পাওয়ায় তিনি তার স্বীকৃতিও প্রদান করেন। তিনি তার বক্তব্য শেষ করার পূর্বে ডিসিসিআই'র নবনির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালনা পর্ষদকে আন্তরিক অভিনন্দন জানান এবং তাদের সার্বিক সাফল্য কামনা করেন।

সভাপতি মহোদয় কর্তৃক বার্ষিক প্রতিবেদন পেশ করার পর চেম্বারের সচিব তা সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে জনাব এ. কে. মোঃ সামছুদ্দিন, উপদেষ্টা, মেসার্স ওয়ারেস কর্পোরেশন লিমিটেড বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং জনাব এম. এ. হামিদ, স্বত্বাধিকারী, মেসার্স দিগন্ত এ্যাডভার্টাইজিং তা সমর্থন করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে ২০১৩ সালের বার্ষিক প্রতিবেদন গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৩ঃ ২০১২-২০১৩ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব মহোদয় ২০১২-২০১৩ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর জনাব নাসিরুদ্দিন এ. ফেরদৌস, স্বত্বাধিকারী, মেসার্স ধানমন্ডি ডেল এ্যান্ড কোং এর প্রস্তাবে এবং জনাব মোঃ ইকরাম ঢালী, স্বত্বাধিকারী, মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এ্যাক্সেসোরিজ ও মিস সামসুন নাহার, স্বত্বাধিকারী, মেসার্স আব্দুর রহমান এর যৌথ সমর্থনে ২০১২-১৩ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৪ঃ ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের পরিচালক এবং ২০১৪ সালের জন্য সভাপতি, উর্দ্ধতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

এ পর্যায়ে সচিব মহোদয় বিদায়ী পরিচালকগণের নাম ঘোষণা করেন, তাঁরা হলেন ঃ জেনারেল শ্রেণী থেকে সর্বজনাব এ এস এম মহিউদ্দিন মোনেম, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মন্জুরুল হক এবং এ্যাসোসিয়েট শ্রেণী থেকে সর্বজনাব আবসার করিম চৌধুরী ও এম আবু হোরায়রা।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব মহোদয় নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্ এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান ড. তুহিন মালিক-কে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান। আসন গ্রহণের পর সভাপতি মহোদয়ের অনুরোধে নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মহোদয় ২০১৪, ২০১৫ এবং ২০১৬ সালের জন্য পরিচালক হিসেবে জেনারেল শ্রেণী থেকে সর্বজনাব মোহাম্মদ শাহজাহান খান, মোক্তার হোসেন চৌধুরী, এস রুমি সাইফুল্লাহ ও সামির সাত্তার এবং এসোসিয়েট শ্রেণী থেকে সর্বজনাব কে জি করিম ও এ কে ডি খায়ের মোহাম্মদ খান নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। এর পর নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মহোদয় ২০১৪ সালের জন্য সভাপতি পদে জনাব মোহাম্মদ শাহজাহান খান, উর্দ্ধতন সহ-সভাপতি পদে জনাব ওসামা তাসীর এবং সহ-সভাপতি পদে জনাব খন্দকার শহীদুল ইসলাম নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। উপস্থিত সম্মানিত সদস্যগণ করতালির মাধ্যমে নবনির্বাচিত পর্ষদ সদস্যবৃন্দ এবং সভাপতি, উর্দ্ধতন সহ-সভাপতি ও সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্ নির্বাচন বিধিমালা ও নির্বাচন তফসিল অনুযায়ী স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে নির্বাচন কর্মকাণ্ড পরিচালনায় আন্তরিক সহযোগিতার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, পর্ষদের সদস্যবৃন্দ এবং চেম্বারের কর্মকর্তা/কর্মচারীদের একনিষ্ঠ ও নিরলস দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে বিধি মোতাবেক নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের বিলুপ্তি ঘোষণা করেন। সভাপতি মহোদয় নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান এবং সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ পর্যায়ে সচিব মহোদয় নব-নির্বাচিত সভাপতি, উর্দ্ধতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকবৃন্দকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-৫ঃ ২০১৩ - ২০১৪ অর্থ বছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

সচিব মহোদয় ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে মেসার্স এ. কাসেম এন্ড কোং, মেসার্স এম. এম. রহমান অ্যান্ড কোং এবং মেসার্স আকতার আমির অ্যান্ড কোং থেকে তিনটি আবেদন পত্র প্রাপ্তির বিষয়টি উল্লেখ করেন। তিনি আরো উল্লেখ করেন, মেসার্স এ কাসেম এন্ড কোং সাত বছর যাবৎ ঢাকা চেম্বারের নিরীক্ষক হিসেবে সন্তোষজনকভাবে কাজ করছে। বিস্তারিত আলোচনার পরে এ কাসেম অ্যান্ড কোং-কে ৬৫,০০০/- টাকা (ভ্যাট ব্যতীত) পারিশ্রমিক ধার্য্য করে ২০১৩-২০১৪ অর্থবছরের নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করেন ক্যাপ্টেন নুরুল হক (অব.), ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স শেল্টার কনস্ট্রাকশনস লিঃ এবং জনাব মোঃ মোনায়েম খান, স্বত্বাধিকারী, মেসার্স রাজা অ্যান্ড ব্রাদার্স এ প্রস্তাব সমর্থন করেন। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

এ পর্যায়ে বিদায়ী সভাপতি জনাব মোঃ সবুর খান এর অনুরোধে নব নির্বাচিত সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। বক্তব্যের শুরুতে তিনি ২০১৪ সালের নির্বাচন সফলভাবে সম্পন্ন করায় নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সদ্য বিদায়ী সভাপতি জনাব মোঃ সবুর খানকে তার কার্যক্রমের জন্য ধন্যবাদ জানিয়ে তার অসম্পন্ন কর্মকাণ্ড বাস্তবায়ন করার চেষ্টা অব্যাহত রাখবেন বলে তিনি উল্লেখ করেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, দেশের অন্যতম প্রাচীন ও কার্যকর বাণিজ্য সংগঠন হিসেবে ডিসিসিআই তার দীর্ঘ পাঁচ দশকেরও বেশি সময় ধরে সুনাম ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে সক্ষম হয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থা সমাজতান্ত্রিক অর্থনীতি হিসেবে প্রাথমিকভাবে অনুসৃত হয়। সে অবস্থান থেকে বাজার-ভিত্তিক

অর্থনীতিতে রূপান্তরের ক্ষেত্রে ঢাকা চেম্বারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তিনি তুলে ধরেন। বিগত দুই দশক ধরে বেসরকারি খাত অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে যার ফলে গড়ে ৬ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন সম্ভব হচ্ছে। সরকারের বিভিন্ন উচ্চ পর্যায়ে ব্যবসা-বাণিজ্য বিষয়ে ঢাকা চেম্বারের সুচিন্তিত ও গবেষণালব্ধ মতামত/ সুপারিশমালা সরকারের নীতি-নির্ধারণী বিষয়ে রেফারেন্স হিসেবে গৃহীত হয়ে আসছে। দেশে বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টি, প্রয়োজনীয় সঠিক নীতিমালা প্রণয়ন, বিনিয়োগ আকৃষ্টকরণ ও নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ব্যবসায় প্রসারের ক্ষেত্রে দেশের বেসরকারি খাতকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে ঢাকা চেম্বারের ভূমিকা আরো শক্তিশালী করার লক্ষ্যে তিনি ও নব-নির্বাচিত পর্ষদ সদস্যগণ সর্বদা সচেষ্ট থাকবেন বলে উল্লেখ করেন। এ ক্ষেত্রে তিনি সম্মানিত সদস্যগণের পরামর্শ, দিক্-নিদেশনা ও সহযোগিতা কামনা করেন। তিনি পরিবর্তিত বিশ্ব অর্থনীতি ও ব্যবসা বাণিজ্যের পরিবেশের প্রতি সজাগ দৃষ্টি রেখে দেশের অর্থনীতি সচল রাখতে সকলের সহযোগিতায় সময়োপযোগী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার প্রত্যয় ব্যক্ত করেন। ব্যবসায়ী সমাজের প্রতি সেবার মান উন্নয়নে চেম্বারের কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণে তার সচেষ্ট প্রয়াস থাকবে বলে সকলকে আশ্বস্ত করেন। বেসরকারি খাত হচ্ছে এ দেশের উন্নয়নের মূল চালিকাশক্তি; তাই এ খাতের উন্নয়নের জন্য বাণিজ্য সহায়ক পরিবেশ তৈরি, বিদ্যমান প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ ও সহায়ক সুপারিশমালা প্রণয়নের জন্য নীতি-নির্ধারকদের কাছে বাস্তবধর্মী ও কার্যকরী প্রস্তাবনা তুলে ধরার প্রক্রিয়া পূর্বের ন্যায় অব্যাহত থাকবে বলেও তিনি তার বক্তব্যে উল্লেখ করেন। বেসরকারি খাতের গতিশীলতা বৃদ্ধি ও দেশে ব্যবসায় ও বিনিয়োগের জন্য সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে তিনি তার পর্ষদের সদস্যগণকে সাথে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবেন বলে সভাকে অবহিত করেন।

তিনি বলেন, মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার জন্য পর পর তিন বছর মাথাপিছু আয় হতে হবে ১,১৯০ মার্কিন ডলার। সরকারি তথ্য মতে বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ১,০৪০ মার্কিন ডলার। বেসরকারি খাত যদি অব্যাহতভাবে কাজ করতে পারে, তাহলে আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবে এবং সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অনেকাংশে অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশের ক্ষেত্রে একই সাথে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ঘটেছে যা অনেক উন্নত দেশেও সম্ভব হয়না। এ পর্যায়ে ঢাকা চেম্বার কর্তৃক আয়োজিত বেশ কিছু মেগা ইভেন্ট যেমনঃ ''ভিশন-২০২১'', ইন্টারন্যাশনাল বিজনেস কনফারেন্স (আইবিসি), ''এসএমই ফাইন্যান্সিং ফেয়ার", "বাংলাদেশ ২০৩০ ঃ স্ট্র্যাটেজি ফর গ্রোথ", "পজিশনিং বাংলাদেশ ঃ ব্র্যান্ডিং ফর বিজনেস" এবং ২০০০ নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে "Entrepreneurship and Innovation Expo" সম্পর্কে উল্লেখ করে বলেন যে, ২০১৪ সালের পরিচালনা পর্ষদ সর্ব প্রথম দেশে বিদ্যমান রাজনৈতিক অস্থিরতা থেকে কিভাবে পরিত্রাণ পাওয়া যায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করবেন। এ সমস্যার সমাধানের পর, অর্থাৎ ব্যবসায়ীদের জন্য অনুকুল পরিবেশ তৈরি হলে পর্ষদ সভায় আলোচনা করে ব্যবসায়ীদের সার্বিক উন্নয়নের স্বার্থে কি ধরনের ইস্যু নিয়ে ইভেন্ট আয়োজন করা যায় সে ব্যাপারে সিদ্ধান্ত নেবেন বলে সভাকে অবহিত করেন।

তিনি তার বক্তব্যে আরো উল্লেখ করেন, যেকোন প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে তার কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতার উপর। চেম্বারের প্রতিটি বিভাগে অভিজ্ঞ ও যোগ্য কর্মকর্তা নিয়োগ নিশ্চিত করা একান্ত প্রয়োজন। চেম্বারের গবেষণা সেলকে আরো শক্তিশালী করার জন্য তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন বলে উল্লেখ করেন। সভাপতি হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তিনি সকলের সমর্থন, পরামর্শ, প্রাজ্ঞ দিক্-নির্দেশনা ও সহযোগিতা পাবেন বলে আশা প্রকাশ করেন। তিনি সদ্য বিদায়ী সভাপতি জনাব মোঃ সবুর খানকে সকলের পক্ষ হতে আবারো ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

পরিশেষে সদ্য বিদায়ী সভাপতি মহোদয় চেম্বারের সার্বিক উন্নতি কামনা করে ও ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সকলকে আপ্যায়নে আমন্ত্রণ জানান এবং ৫২তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বশির হায়দার)	***(মোঃ সবুর খান)***
সচিব	সভাপতি

ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৫২ তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে যাদের নাম স্মরণীয় এবং বরণীয় তাদের সম্মানার্থে সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে ধারাবাহিকভাবে প্রকাশ করা হবে।

মরহুম আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে মৃত্যু পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্পবাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়ন সক্রিয় ভূমিকা পালন করেছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, যিনি চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে----রাজিউন)।

মরহুম আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরতান ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতোপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্রবিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। জনাব নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজসেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেডক্রস-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারী শিশু সনদ ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবকই নন, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর, সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

মরহুম ফজলুল করিম চৌধুরী

জনাব ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরাতন ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ডিসিসিআই'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম ফজলুল করিম চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে ও শিল্পোন্নয়নের বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। জনাব ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে----রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বৎসর।

মরহুম নুরউদ্দিন আহমেদ

জনাব নুরউদ্দিন আহমেদ ডিসিসিআই, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষস্থানীয় বেসরকারী সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে এক অবিস্মরণীয় অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে এক বিশাল অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন বিশিষ্ট সাংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষা বিস্তারে অবদানসহ দুস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা

প্রদানের সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত নুরউদ্দিন আহমেদ অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন স্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃত্বশ্রেণী তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ-এর এ্যাডভাউজরী বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মৃত্যুর পূর্ব মুহূর্তে পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

মরহুম আবু নাসের আহম্মদ

জনাব আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও প্রসিদ্ধ মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরবর্তীকালে শিল্প-বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের অনুরোধে দেশের ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকেও আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন। মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতোপ্রাতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। জনাব আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বৎসর।

মরহুম এম ইউনুস, এফসিএ

জনাব এম ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই এর পরিচালকের দায়িত্বপালন সহ এর বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্ট এবং ইউনুস অ্যান্ড কোম্পানীর ফাউন্ডার পার্টনার। তিনি দি ইন্সটিটিউট চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একাউন্ট্যান্টস (সাফা) এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রাখেন।

মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ডে ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস, এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

জনাব ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বনাম বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। একজন সফল ব্যবসায়ী হওয়া সত্বেও তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স কর্পোরেশন এবং লালবাগ মাদ্রাসা এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ

বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি বায়তুল মোকাররম মসজিদের প্রতিষ্ঠাতা সংগঠক। আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

মরহুম আলহাজ্ব মুখলেছুর রহমান



জনাব মুখলেছুর রহমান ১৯২৮ সালে ১৮ এপ্রিল নরসিংদির এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আশরাফ আলী ১৯১৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন স্নাতক এবং পরবর্তীতে তৎকালীন সরকারের শিক্ষা বিভাগের উচ্চ পদে আশীন ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনের সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন। তিনি দেশের ব্যবসা-বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

জনাব মুখলেছুর রহমান ১৯৭০ হতে ১৯৭৪ পর্যন্ত ঢাকা চেম্বারের সহ-সভাপতি এবং ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বারের অন্যতম কনসালটেন্ট বা পরামর্শক হিসেবে পরিচিত ছিলেন। চেম্বারের দিক-নির্দেশনামূলক কর্মকাণ্ডে ও যোগ্য নেতৃত্ব তৈরিতে বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি Leader হিসেবে বিবেচিত হতেন। ঢাকা চেম্বারের প্রথম প্রকল্প "সার্ভিস ডেভেলপমেন্ট পোগ্রাম" তিনিই চালু করেন, যা গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে দিক নির্দেশনা দিয়েছে। জনাব মুখলেছুর রহমান ছিলেন একজন সৎ, নির্ভিক ও বিশিষ্ট সংগঠক। পাশাপাশি তিনি ছিলেন একজন সু-সাহিত্যিক, সমাজসেবী ও জ্ঞানপিপাসু দার্শনিক। তিনি একাধিক সামাজিক ও মানবকল্যাণমূলক সংগঠনের সফল প্রতিষ্ঠাতা। শ্রদ্ধেয় জনাব মুখলেছুর রহমান গত ১৬ এপ্রিল, ২০১০ সালে ৮৬ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে-----রাজিউন)।

মরহুম আবুল কাশেম, এফসিএ

মরহুম আবুল কাশেম এ দেশের দ্বিতীয় মুসলিম চার্টার্ড একাউন্টেন্ট ছিলেন। ১৯৫৩ সালে তিনি তাঁর ফার্ম এ কাশেম এ্যান্ড কোং প্রতিষ্ঠিত করেন, যা বাংলাদেশের সবচেয়ে পুরাতন এবং স্বনামধন্য চার্টার্ড একাউন্টেটস্ ফার্ম। তিনি তাঁর দীর্ঘ ও অসাধারণ কৃতিত্বপূর্ণ কর্মময় জীবনে দি ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএবি) এর প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি ছিলেন।

তিনি বিভিন্ন ধরনের শিক্ষা কার্যক্রম, সমাজ কল্যাণমূলক এবং মানব সেবার ন্যায় মহৎ কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। তিনি বাংলাদেশের লায়ন আন্দোলনের সাথে সক্রিয়ভাবে সংযুক্ত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট এবং সিনেটের ফাইন্যান্স আন্দোলনের কমিটির সদস্য ছিলেন। তিনি ভিকারুননেসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি-এর সদস্য ছিলেন।

মরহুম মোহাম্মদ সিরাজউদ্দিন

জনাব মোহাম্মদ সিরাজউদ্দিন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। ডিসিসিআই প্রতিষ্ঠার পিছনে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি ১৯২৩ সালের ২১ জুলাই ঢাকার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি মধুমিতা ফাইন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক। ১৯৫০ সালে তিনি প্রথম সিরকো সোপ অ্যান্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠা করেন, যেটি তৎকালীন সময়ের প্রথম সাবান ফ্যাক্টরি। এটি ব্রিটিশ কোম্পানী জেমস ফিনলে অ্যান্ড কোম্পানীর ডিস্ট্রিবিউটর হিসেবে কাজ করে। ১৯৬৬ সালে তিনি কোহিনূর জুট মিলস্ স্থাপন করেন এবং স্বাধীনতার পূর্ব পর্যন্ত নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি স্ট্যান্ডার্ড ব্যাংক অব পাকিস্তান এবং স্ট্যান্ডার্ড ইন্সুরেন্স লিমিটেড-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর ৫৩ বছর কর্মজীবনে দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে গিয়েছেন। ১৯৭৬ সালের ৮ জানুয়ারি তিনি মৃত্যুবরণ করেন।

মরহুম মোহাম্মদ সাখী মিঞা

জনাব মোহাম্মদ সাখী মিঞা পুরাতন ঢাকার প্রবীন ব্যক্তিত্ব, সাহিত্যিক, বিশিষ্ঠ ব্যবসায়ী ও সমাজসেবক। জনাব মোহাম্মদ সাখী মিঞা ১৯২১ সাল ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইস্ট বেঙ্গল ইনস্টিটিউশন থেকে কৃতিত্বের এনট্রান্স এবং ঢাকা কলেজ থেকে আইএ পাশ করেন ও পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি পাকিস্তান আমলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাকুরীর মাধ্যমে ক্যারিয়ার শুরু করেন। অতঃপর চাকুরী ছেড়ে তিনি লুব্রিকেন্টিং এর ব্যবসায় নিয়োজিত হন। তিনি লুব্রিকেন্ট ব্যবসায় বাঙালিদের মধ্যে অগ্রগণ্য এবং তাঁর প্রতিষ্ঠান নিশাত ট্রেডিং এ ব্যবসায় এখনও নিয়োজিত। তিনি ছিলেন বিনয়ী, দানশীল, ধর্মপ্রাণ ও মানবদরদী। তিনি ঢাকা মিউনিসিপ্যাল কমিটির (বর্তমান ঢাকা সিটি কর্পোরেশন) কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। তিনি ডিসিসিআই'র প্রতিষ্ঠালগ্ন থেকেই এর সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ পাবলিকেশনস লিমিটেডের অন্যতম পরিচালক ছিলেন। তিনি ঢাকার ইতিহাসও ইসলামী মূল্যবোধের উপর বেশ কয়েকটি অনুবাদও প্রকাশ করেছেন। এছাড়াও তিনি বিভিন্ন পত্রিকায় ঐতিহাসিক ও সমসাময়িক বিষয়ে লেখালেখি করতেন। তিনি তৎকালীন সময়ে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ধারার প্রবর্তনের প্রথম সারির একজন দিক্‌নির্দেশক। তিনি বর্তমান ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এই ব্যক্তিত্ব ৮৭ বছর বয়সে ২০০৮ সালের ১লা জুলাই ঢাকার বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন।

আলহাজ্ব আনোয়ার হোসেন

আলহাজ্ব আনোয়ার হোসেন ১৯৭৬-৭৮ মেয়াদকালে প্রথম বারের মত ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তিনি ১৯৮২-৮৩, ১৯৮৫ এবং ১৯৮৯-৯০ মেয়াদকাল ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ডিসিসআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর চেয়ারম্যান। তিনি আনোয়ার গ্রুপের বিভিন্ন কোম্পানীর চেয়ারম্যান ছাড়াও নির্বাহী পরিচালক, দি সিটি ব্যাংক লিমিটেড এর প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পরিচালক এবং প্রাক্তন ডিআইটির ট্রাস্টি ছিলেন।

একজন সফল উদ্যোক্তা আলহাজ্ব আনোয়ার হোসেন , তাঁর প্রচণ্ড ধী-শক্তি, মেধা, সুদূর প্রসারী ভবিষ্যত দৃষ্টির ক্ষমতাবলে বাংলাদেশের শিল্পায়নে খাতওয়ারী অসামঞ্জস্যতা দূর করার জন্য এবং দেশকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য নিজে উদ্যোগী হয়ে বিভিন্ন ক্ষেত্র যেমনঃ গৃহায়ন, শিক্ষা, বয়ন, নির্মাণ এবং প্রযুক্তি (আইটি) খাতে বিনিয়োগ করেছেন এবং আগামী প্রজন্মের জন্য দিক দিশারীর ভূমিকা পালন করেছেন।

তিনি বহু সমাজকল্যাণ কাজের অগ্রদূত এবং প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত যেমন ঃ উদয়ন বিদ্যালয়, জমিলা খাতুন বালিকা বিদ্যালয়, রহিমবক্স মেমোরিয়াল আই ক্লিনিকস, জমিলা খাতুন রেড ক্রিসেন্ট প্রসুতি এবং শিশু সেবা কেন্দ্র, আনোয়ার হোসেন ফ্রি মেডিকেল সেন্টার, আলহাজ্ব আনোয়ার হোসেন শহিদ নগর ফ্রি প্রাইমারী বিদ্যালয় প্রভৃতি। তিনি ঢাকা চেম্বারের বহুমুখী কার্যক্রমের অন্যতম উপদেষ্টা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নেতৃস্থানীয় আন্দোলনের অন্যতম অগ্রদূত। তিনি সামাজিক ও রাজনীতির ক্ষেত্রে সমভাবে অগ্রগণ্য। সময়ের প্রয়োজনে এবং এলাকার উন্নয়নকল্পে তিনি নব্বই-এর দশকে জাতীয় সংসদের সদস্য হিসেবে অমূল্য অবদান রাখেন এবং ঢাকাবাসীর প্রভূত উন্নয়ন সাধন করেন। এছাড়াও আলহাজ্ব আনোয়ার হোসেন লালবাগ ক্রিকেট ক্লাব, আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর আজীবন সদস্য। বর্তমানে তিনি মধুমতি ব্যাংকের পরিচালক।

জনাব এম এ সাত্তার

জনাব এম এ সাত্তার ১৯৮২-৮৪ সালে ঢাকা চেম্বারের সম্মানিত সভাপতির পদ অলংকৃত করেন। তিনি এফবিসিসিআই-এর সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন। ব্যবসায়ী মহলের যে কোনো জটিল মুহূর্তে অত্যন্ত ঠাণ্ডা মাথায় সিদ্ধান্ত নিতে তাঁর জুড়ি নেই। আর এ কারণেই ব্যবসায়ী মহলে যে কোন কঠিন বাস্তবতায় সঠিক পথ-প্রদর্শক হিসেবে আজও দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন। আর্থ-সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডেও তিনি দক্ষতার পরিচায় দেন। ঐতিহাসিক ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে তিনি দক্ষতার পরিচয় দেন এবং নব্বই-এর দশকে বাংলাদেশ সরকারের বাণিজ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মাহবুবুর রহমান

জনাব মাহবুবুর রহমান ১০ জুলাই, ১৯৪২ সালে কুমিল্লার প্রসিদ্ধ চৌদ্দগ্রাম থানার অর্ন্তগত জগন্নাথদিঘী ইউনিয়নে জন্মগ্রহণ করেন। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে ৬০-এর দশকে একজন সফল ব্যাংকার হিসেবে পরিচিতি লাভ করেন। অতঃপর ১৯৭৪-৭৯ সালে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসেবে শ্রীলংকার কান্ট্রি প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। একজন সফল ব্যবসায়ী হিসেবে তিনি মেসার্স ইস্টার্ন ট্রেডিং (বাংলাদেশ) লিমিটেডসহ বহু ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করেন। তিনি বর্তমানে ইটিবিএল হোল্ডিং এর চেয়ারম্যান, যার অনেকগুলো অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ১৯৮০ জুনিয়র চেম্বার ইন্টারন্যাশাল এ ন্যাশনাল প্রেসিডেন্ট অব বাংলাদেশ নির্বাচিত হন। ১৯৮৫-৮৬ সালে ঢাকা চেম্বারের সভাপতি, ১৯৯২-৯৪ সালে এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট এবং ১৯৯৪ সাল থেকে বর্তমান সময় অবধি আইসিসি-বাংলাদেশের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। ১৯৯৩-৯৫ ইসলামিক চেম্বার অব কমার্স-এর ভাইস প্রেসিডেন্ট, ১৯৮৭-১৯৮৮ সালে লায়ন্স ক্লাব অব ঢাকা এর প্রেসিডেন্ট এবং এ ছাড়া তিনি বিভিন্ন ব্যাংক, আর্থিক ও শিল্প প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে কাজ করে যাচ্ছেন।

জনাব মাহবুবুর রহমান আঞ্চলিক, আন্তর্জাতিক এবং বিশ্বায়ন সম্পর্কিত বহু প্রতিষ্ঠানে সক্রিয়ভাবে সুনাম ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি তাঁর অভিজ্ঞতার আলোকে ব্যবসায়ীদের বর্তমানে প্রয়োজন, ব্যবসা-বাণিজ্যের বাধা বিপত্তি এবং সর্বোপরি অন্তরায় দূর করার জন্য একনিষ্ঠভাবে সরকারী ও ব্যবসায়ী মহলে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন। সময় উপযোগী একটি ট্রেড অর্গানাইজেশন রুলস্ প্রণয়নে তিনি সরকারকে সক্রিয় সাহায্য করে ব্যবসায়ী ও সরকারী মহলে অভিনন্দিত হয়েছেন।

২০১৪ সালে আমরা যাদের হারিয়েছি

মরহুম মনজুর-উর রহমান (রাসকিন)

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি ও বিশিষ্ট আয়কর আইনজীবি মনজুর উর রহমান (রাসকিন) ৪ জানুয়ারি, ২০১৪, শনিবার সন্ধ্যায় রাজধানীর অ্যাপোলো হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে.... ..রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর। তিনি ২০০৫ সালে ঢাকা চেম্বারের উর্ধ্বতন সহ-সভাপতি এবং ২০০১-২০০৩ মেয়াদে পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ঢাকা কলেজিয়েট স্কুল, ঢাকা কলেজ থেকে এইচএসসি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর শিক্ষা গ্রহণ করেন। পরবর্তীতে আইনজীবি হিসেবে পেশাগত জীবন শুরু করেন। তিনি আয়কর উপদেষ্টা হিসেবে মেসার্স রহিম রহমান অ্যান্ড আগা এর ম্যানেজিং পার্টনার ছিলেন। তিনি এক দশক ধরে ওসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের পরিচালক এবং সিইও হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ-অস্ট্রেলিয়া, বাংলাদেশ থাই ও কানাডা-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন। মনজুর-উর রহমান (রাসকিন) এর সামাজিক কর্মকাণ্ডে পরিধিও ছিল সুবিস্তৃত। তিনি বিভিন্ন সামাজিক সংস্থার শীর্ষ পদে থেকে দীর্ঘদিন ধরে কাজ করেন। তিনি ঢাকা ক্লাবের আজীবন সদস্য ছিলেন। এছাড়াও তিনি বিভিন্ন সময় অনেক বাণিজ্যিক ও সামাজিক প্রতিষ্ঠান ও সংগঠনের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন।

মরহুম আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন

ঢাকা চেম্বারের সাবেক পরিচালক আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন গত ১০ জানুয়ারি, ২০১৪ তারিখ, শুক্রবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি ২০০৯, ২০১০ ও ২০১১ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি মহিউদ্দিন অটো হাউস-এর এ্যাডভাইজর হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহুম প্রকৌশলী সৈয়দ মোশাররফ হোসেন

ঢাকা চেম্বারের সাবেক পরিচালক প্রকৌশলী সৈয়দ মোশাররফ হোসেন, গত ১২ সেপ্টেম্বর, ২০১৪, শুক্রবার, ভোর ৩.৩০ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি ২০০১-২০০৩ এবং ২০০৯-২০১১ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি দি কনক্রিট বিল্ডার্স লিমিটেড-এর নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহুম আলহাজ্ব মোহাম্মদ ওয়াহিউলৰাহ

ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক আলহাজ্ব মোহাম্মদ ওয়াহিউল্লাহ্, গত ২৭ সেপ্টেম্বর, ২০১৪, শনিবার, ৮০ বছর বয়সে রাজধানীর স্কয়ার হাসপাতালে বাধ্যর্কজনিত কারণে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি ১৯৮৬-১৯৮৮ এবং ১৯৯১-৯৩ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহুম মোঃ ফজলুর রহমান

ঢাকা চেম্বারের সাবেক পরিচালক মোঃ ফজলুর রহমান, গত ১৭ সেপ্টেম্বর, ২০১৪, বুধবার, শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি ১৯৮২ এবং ১৯৮৪-৮৫ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহুম মামুন-উর রহমান

ঢাকা চেম্বারের সাবেক পরিচালক মামুন-উর রহমান গত ১৬ আগস্ট, ২০১৪, শনিবার, ভোর ৬.০০ টায়, শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি ১৯৯৯, ২০০০ ও ২০০১ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সুপিরিয়র ফুটওয়ার কোম্পানী লিমিটেড এর নির্বাহী পরিচালক এবং সুপিয়র এন্টারপ্রাইজ-এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর
উল্লেখযোগ্য ঘটনাপঞ্জী ২০১৩ -১৪

১৮ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই'র ৫২ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

১৯ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম বিএসটিআই'র সভায় যোগদান করেন।

২১ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের জরুরী সভা অনুষ্ঠিত।

২২ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই সাবেক সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী শিল্প মন্ত্রণালয় আয়োজিত ন্যাশনাল প্রডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড কমিটি ২০১৩-এর সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী ব্র্যাক ইন সেন্টারে অনুষ্ঠিত বাংলাদেশ ও ভারতের মধ্যকার ধানের বীজ আমদানি-রপ্তানিকরণে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ বিষয়ক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ আব্দুল হামিদ ইপিবিতে আয়োজিত কেনিয়ার নাইরবিতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ সিঙ্গেল কান্ট্রি ফেয়ার বিষয়ক সভায় যোগদান করেন।

২৪ ডিসেম্বর ২০১৩ ঃ ডিবিআইতে আইএসও ৯০০১ ঃ ২০০৮ এর সচেতনতা তৈরি বিষয়ক ট্রেনিং কোর্স অনুষ্ঠিত।

২৫ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরী বিনিয়োগ বোর্ডের সভায় যোগদান করেন।

২৭ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরী বিআইবিএম-এ অনুষ্ঠিত নূরুল ইসলাম স্মারক বক্তৃতা প্রদান বিষয়ক সভায় যোগদান করেন।

২৯ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই সিনিয়র অফিসার (গবেষণা) জনাব আজিজুর রহমান বাণিজ্য মন্ত্রণালয়ের সভায় যোগদান করেন।

৩১ ডিসেম্বর ২০১৩ ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম আইসিডি কমলাপুরে অনুষ্ঠিত সভায় যোগদান করেন।

০৪ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহাজাহান খান মায়ানমার এর স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশস্থ মায়ানমার দূতাবাস আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, প্রাক্তন সভাপতিবৃন্দ এবং ব্যবসায়িক নেতৃবৃন্দ ঢাকা চেম্বারের সাবেক ঊর্ধ্বতন সহ-সভাপতি মঞ্জুর-উর রহমান (রাসকিন)-এর জানাজায় অংশগ্রহণ করেন।

০৮ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সাবেক পরিচালক এবং আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে অনুষ্ঠিত ডিআইটিএফ-২০১৪ এর স্টিয়ারিং কমিটির ২য় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই উপ-সচিব জনাব মোঃ শামসুদ্দিন আজাদ ইপিবিতে অনুষ্ঠিত ব্যাংককে অনুষ্ঠিতব্য বাংলাদেশ সিঙ্গেল কান্ট্রি ফেয়ার বিষয়ক সভায় যোগদান করেন।

১০ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, প্রাক্তন সভাপতিবৃন্দ এবং ব্যবসায়িক নেতৃবৃন্দ ঢাকা চেম্বারের সাবেক ঊর্ধ্বতন সহ-সভাপতি মঞ্জুর-উর রহমান (রাসকিন)-এর কুলখানিতে অংশগ্রহণ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ইন্দো-বাংলাদেশ চেম্বার অব কমার্স আয়োজিত আলোচনা সভায় যোগদান করেন।

১১ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট্রি বোর্ডের ৪র্থ সভা অনুষ্ঠিত।

১২ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এবং সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম ঢাকা কাস্টমস হাউস অটোমেশন প্রকল্প বিষয়ে ডাটা সফট আয়োজিত সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, ঢাকা চেম্বারের সাবেক পরিচলক আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খানের আকস্মিক মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন।

১৫ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, আঞ্জুমান মফিদুল ইসলাম-এর প্রতিনিধির নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, ঢাকা সমিতির প্রতিনিধির নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম এ সময় উপস্থিত ছিলেন।

১৭ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ডিবিআই আয়েজিত "এমএলএস-এসসিএম (পি)" ট্রেনিং কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

১৮ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সাবেক সভাপতিবৃন্দ এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ দেশের বাণিজ্যিক পরিস্থিতির উপর আলোচনা সভায় যোগদান করেন।

২১ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত ব্যবসার সার্বিক পরিস্থিতির উপর মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ এন্টেপ্রেনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো বিষয়ক সভা ডিসিসিআই বোর্ড রুমে অনুষ্ঠিত।

২২ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, নীলফামারি চেম্বার অব কমার্স-এর প্রতিনিধির নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে কানাডা-বাংলাদেশ চেম্বার অব কমার্স (ক্যানচ্যাম)'র প্রধান উপদেষ্টা জনাব মাসুদুর রহমান সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান নীলফামারি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধির নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন।

২৩ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান অস্ট্রেলিয়ান এলামনাই এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৪ বিতরণ অনুষ্ঠানে যোগদান করেন।

২৫ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান গ্লোবাল ইকোনোমিস্ট ফোরাম-বাংলাদেশ এর দ্বিবার্ষিক সাধারণ সভা ২০১৪ তে যোগদান করেন।

ঃ ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের ১ম সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান উক্ত সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম দিনাজপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধির নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন।

২৬ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এম.পি এর সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের জরুরী সভা অনুষ্ঠিত।

২৮ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলামের সাথে আইএফসি-এর প্রতিনিধি জনাব মাসরুর রিয়াজ এবং জনাব লুৎফুল্লাহ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম আরবিট্রেশন বিষয়ক ডায়লগে যোগদান করেন।

২৯ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান "বাংলাদেশের জন্য দক্ষ, পরিচ্ছন্ন ও টেকসই টেক্সটাইল শিল্প" বিয়ষক ওয়ার্কশপে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান থাই ফুড ফেস্টিবলে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম হার্ড মেন্টাল গ্যালারির প্রতিনিধি জনাব মোঃ তোফাজ্জল হোসেনের নিকট শীতবস্ত্র হস্তান্তর করেন। ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম, জনাব হোসেন এ সিকদার এ সময় উপস্থিত ছিলেন।

৩০ জানুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান মধুমতি ব্যাংকের গুলশান ব্রাঞ্চ উদ্বোধন অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ব্র্যাক আয়োজিত উদ্যোক্তা উন্নয়ন ও দারিদ্র দূরীকরণ বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

০২ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এম.পি এর সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সিনিয়র অফিসার (গবেষণা) জনাব আজিজুর রহমান জাতীয় রাজস্ব বোর্ড আয়োজিত ন্যাশনাল ট্রেড ফেসিলিটেশন কমিটির সভায় যোগদান করেন।

০৩ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম.পি এর সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই এন্ট্রাপ্রেনিউরশিপ অ্যান্ড ইনোভেশন এক্সপো-বিষয়ক স্টিয়ারিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদের সম্মানে আয়োজিত নৈশভোজে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোহাম্মদ বশিরউদ্দিন "এসএমই ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভায় যোগদান করেন।

০৪ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিল্ডের ফিন্যান্সিয়াল সেক্টর ডেভেলপমেন্ট ওয়ার্কিং কমিটির ৩য় সভায় যোগদান করেন।

ঃ ডিবিআইতে "অগ্নিনির্বাপন ও প্রাথমিক চিকিৎসা" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত।

০৫ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে ইরানের বাণিজ্য প্রতিনিধিদলের সাক্ষাৎ। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম, জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে জেট্রো'র বাংলাদেশের আবাসিক প্রতিনিধি কাই কাওয়ানো সাক্ষাৎ করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব মোঃ সবুর খান, আলহাজ্ব আব্দুস সালাম এবং জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম ঢাকা ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়ে অনুষ্ঠিত ডিস্ট্রিক এনভায়রনমেন্ট অ্যান্ড ফরেস্ট ডেভেলপমেন্ট কমিটির সভায় যোগদান করেন।

০৭ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান রবি আয়োজিত "ইকোনোমিক রিপোর্টারস ফোরাম (ইআরএফ)-এর বার্ষিক পদক বিতরণ ২০১৪" অনুষ্ঠানে যোগদান করেন।

০৮ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে নেপালের ট্রেড অ্যান্ড প্রমোশন সেন্টারের নির্বাহী পরিচালক জনাব ইশ্বর প্রসাদ সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

১০ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৪ তে ঢাকা চেম্বারের বিশেষ ভূমিকা পালনের জন্য ইপিবি-এর নিকট থেকে ক্রেষ্ট গ্রহণ করেন।

ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত "ঢাকা জেলার অপরাধ নিয়ন্ত্রণ" বিয়ষক মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক জনাব এম আনোয়ারুল হক শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বিএসটিআই এবং ব্যুরো অফ ইন্ডিয়া স্ট্যান্ডার্ড এর মধ্যকার খসড়া সমঝোতা চুক্তি স্বাক্ষর বিষয়ক মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোস্তাফিজুর রহমান শিল্প মন্ত্রণালয় আয়োজিত বিশ্ব মেধাসম্পদ দিবস ২০১৪ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম ইনএবলিং বিজনেস এনভায়রনমেন্ট ইন বাংলাদেশ বিষয়ক সেমিনারে যোগদান করেন।

১১ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বাংলাদেশ বিমানের নতুন বিমান বোয়িং ৭৭৭-৩০০ইআর এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ইরানের জাতীয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশস্থ ইরান দূতাবাস আয়োজিত নৈশভোজ সভায় যোগদান করেন।

১২ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম ডিবিআই আয়োজিত "ইন্টারন্যাশনাল বিজনেস কমিউনিকেশন ইন ইংলিশ" কোর্সের সমাপনী অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহবায়ক ও সাবেক পরিচালক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে অনুষ্ঠিত সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহবায়ক ও সাবেক পরিচালক জনাব কামরুল ইসলাম, এফসিএ বিসিএসআইএর গবেষণা প্রকল্প নির্বাচন বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহকারী সচিব (গবেষণা) জনাব মোহাম্মদ মনির হোসেন আইএলও আয়োজিত বাংলাদেশে বাণিজ্য পরিস্থিতি এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সম্ভাবনা বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

১৩ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে ডাটা সফটের ব্যবস্থপনা পরিচালক জনাব মাহবুব জামান সাক্ষাৎ করেন এবং ঢাকা কাস্টম হাউট অটোমেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই উপ-সচিব (গবেষণা) জনাব নাফিস ইমতিয়াজ ইসলাম এফবিসিসিআই আয়োজিত বাংলাদেশ ন্যাশনাল সিঙ্গেল উইনডো বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

১৬ ফেব্রুয়ারি ২০১৪ ঃ শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) যৌথভাবে "রপ্তানি বৃদ্ধিতে এ্যাক্রেডিটেশনের ভূমিকা" শীর্ষক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এম.পি সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ ফরহাদ উদ্দিন সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে সভাপতিত্ব করেন ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক সর্বজনাব মোঃ শোয়েব চৌধুরী, মোক্তার হোসেন চৌধুরী এবং সাবেক সভাপতি জনাব বেনজির আহমেদ বেসিস আয়োজিত "ওয়ান বাংলাদেশ নেক্সট ফাইভ ইয়ারস" বিয়ষক অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ডের সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ হাবিব উল্ল্যাহ তুহিন ইপিবিতে অনুষ্ঠিত ১২তম সার্ক ট্রেড ফেয়ার বিয়ষক সভায় যোগদান করেন।

১৮ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সাবেক সভাপতি, সমন্বয়কারী পরিচালক, আহবায়ক ও সহ-আহবায়কবৃন্দের মধ্যকার মতবিনিময় সভা অনুষ্ঠিত।

১৯ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ফরেন ইনভেস্টরস চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ এবং জনাব সামির সাত্তার শ্রীলংকান হাইকমিশন আয়োজিত ফাস্ট জয়েন্ট ওয়াকিং গ্রুপ অন ট্রেড বিষয়ক সভায় যোগদান করেন।

২০ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ডব্লিউ ডব্লিউ টাওয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম সিপিডি এবং ডিএফআইডি যৌথভাবে আয়োজিত "বাংলাদেশের তৈরি পোষাক খাত ঃ উন্নয়ন ও কাঠামো পরিবর্তন" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব সামির সাত্তার বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড আয়োজিত "আউট অফ কোড ওয়ার্কআউট গাইডলাইন" বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই এস্টেট, কন্স্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

২১ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান এবং ঢাকা চেম্বারের কর্মকর্তাবৃন্দ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে জাতীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন।

২২ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ২য় সভা অনুষ্ঠিত।

২৩ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের ২য় সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এবং সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম উক্ত সভায় যোগদান করেন।

ঃ কাস্টমস, ভ্যাট, ট্যাক্সেশন, এনবিআর রিলেটেড ইস্যুস্ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ এফডিআই, ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রাইভেটাইজেশন অফ এসওইএস স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

২৪ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান ডিবিআই আয়োজিত "ফ্রন্ট ডেস্ক বিহেভিয়ার অ্যান্ড রিসিপশন স্কিল" ট্রেনিং কোর্সের সমপানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

ঃ ডিসিসিআই আহবায়ক জনাব এম এস সিদ্দিকী বিবিএস আয়োজিত অর্থনৈতিক শুমারি ২০১৪ বিষয়ক সভায় যোগদান করেন।

২৫ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান আইসিসি নলেজ সেন্টারের সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে যোগদান করেন।

২৬ ফেব্রুয়ারি ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম "বিবিএ প্রফেশনাল কোর্স ঃ হোয়াট এ্যান্ড হাউ" বিষয়ক সেমিনারে উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে বাংলাদেশে নিযুক্ত চিলির রাষ্ট্রদূত ক্রিস্টিয়ান বেরস সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এ্যামচেম আয়োজিত "ডুইয়ং বিজনেস ইন বাংলাদেশ ঃ সম্ভাবনা ও প্রতিবন্ধকতা" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব সামির সাত্তার ইউরোপীয় ইউনিয়ন আয়োজিত "উন্নয়নশীল দেশগুলোর টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারীখাতের ভূমিকা আরোও শক্তিশালীকরন" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক ও সাবেক সভাপতি জনাব মোঃ সবুর খান বুরকিনা ফাসোতে অনুষ্ঠিত "বিজনেস ডেভেলপমেন্ট ফোরাম"-এর সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই জুনিয়র অফিসার (ডিবিআই) জনাব আজিজুর রহমান জিপি হাউজে অনুষ্ঠিত "ভ্যালু চেইন এক্সিলেন্স নাইট ২০১৪" বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

২৭ ফেব্রুয়ারি ২০১৪ ঃ কান্ট্রি ব্রান্ডিং অ্যান্ড পজিশনিং বাংলাদেশ ফর ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন ডেভেলপমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরী শিল্প মন্ত্রণালয় আয়োজিত "ন্যাশনাল প্রডাক্টেটিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স" প্রদক প্রদান অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার এফবিসিসিআই আয়োজিত "বর্তমান সরকারের উন্নয়ন কর্মকাণ্ড এবং ভবিষৎ পরিকল্পনা" শীর্ষক মতবিনিময় সভায় যোগদান করেন।

০১ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক জনাব এস রুমি সাইফুল্লাহ "সামাজিক দায়বদ্ধতা এবং আন্তর্জাতিক মানদন্ড ঃ বাংলাদেশে আইএসও ২৬০০০ বাস্তবায়ন প্রেক্ষিত" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

০২ মার্চ ২০১৪ ঃ প্রটেকশন অফ কনজুমার রাইটস, এসেনশিয়াল কমুডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান উক্ত সভায় যোগদান করেন।

০৩ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এম.পি-এর সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশনস, ক্যাপিটাল মার্কেট অ্যান্ড সার্ভিসেস কমার্শিয়ালাইজেশন অফ এগ্রিকালচার স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান উক্ত সভায় যোগদান করেন।

০৪ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এসএমই ফাউন্ডেশন আয়োজিত "কাইজানের মাধ্যমে এসএমইদের দক্ষতা উন্নয়ন" বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ, ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী বিভিন্ন বিষয়ে বাংলাদেশ এনার্জী রেগুলেটরি কমিশনের পাবলিক হেয়ারিং-এ যোগদান করেন।

ঃ এগ্রোবেইজ ট্রেড/সার্ভিসেস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন অফ এগ্রিকালচার স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

০৫ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত ডঃ সৈয়দ বিন আল শাহী সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ আব্দুল হামিদ বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত সভায় যোগদান করেন।

ঃ কাস্টমস, ভ্যাট, এনবিআর বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

০৬ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের ১৭তম কনভেনশনে যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহবায়ক জনাব এম এস সিদ্দিকী বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত সভায় যোগদান করেন।

০৮ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই বার্ষিক বনভোজন ২০১৪ অনুষ্ঠিত।

০৯ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ কাস্টমস, ভ্যাট, ট্রাক্সশন, এনবিআর বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ঢাকা সিটি ট্রাফিক অ্যান্ড পাবলিক ট্রান্সপোর্টেশন স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত বাংলাদেশ-ভারত জয়েন্ট ওয়ার্কিং কমিটির সভায় যোগদান করেন।

১০ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম "ঢাকা শহরে অপরাধ নিয়ন্ত্রণ" বিষয়ক মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হুমায়ুন রশিদ বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের ৬৫তম উন্মুক্ত সভায় যোগদান করেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী বাংলাদেশস্থ অস্ট্রেলিয়া হাইকমিশন আয়োজিত অস্ট্রেলিয়া এ্যাওয়ার্ড প্রদান বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী কারিগরি শিক্ষা বোর্ড-এর জব ফেয়ার ম্যানেজমেন্ট কমিটির বৈঠকে যোগদান করেন।

ঃ ইন্ডাস্ট্রিয়াল লেবার রিলেসন্স, ফ্যাক্টরি কমপ্লাইয়েন্স অ্যান্ড কর্পোরেট সোশাল রেসপনসিবিলিটি বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১১ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এনটিএফ-থ্রি প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরী শিল্প মন্ত্রণালয় আয়োজিত "ন্যাশনাল প্রডাক্টেভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক জনাব বশির উল্লাহ ভূইয়া জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়োজিত "ট্রেড ফেসিলিটেশন এগ্রিমেন্ট (টিএফএ)" বাস্তবায়ন বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সিনিয়র অফিসার (গবেষণা) জনাব আজিজুর রহমান শিল্প মন্ত্রণালয় আয়োজিত বেটার ওয়ার্ক অ্যান্ড স্ট্যান্ডার্ড পোগ্রাম এর স্টিয়ারিং কমিটির সভায় যোগদান করেন।

১২ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বাজেট ২০১৪-১৫ বিষয়ক আলেচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর এক্সিবিশন অ্যান্ড ট্রেড ফেয়ার কমিটির চেয়ারম্যান এস ডি গুপ্তা সাক্ষাৎ করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সাবেক সহ-সভাপতি জনাব এম আবু হোরায়রা ঢাকা জেলা ক্রীড়া সংস্থার বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম বাংলাদেশ-কোরিয়া কারিগরি শিক্ষা কেন্দ্র কর্তৃক আয়োজিত ইন্সটিটিউশন্যাল ম্যানেজমেন্ট কমিটির বৈঠকে যোগদান করেন।

১৩ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে বিইপি-বি-এর কনসালটেন্ট সুখউন্ডর ওরুরা এবং বিইপি-বি'র পলিসি ম্যানেজার জনাব রাশেদ আলী হাসান সাক্ষাৎ করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান নারী উদ্যোক্তাদের পণ্য প্রদর্শনী অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হায়দার আহমদ খান, এফসিএ জাতীয় রাজস্ব বোর্ড আয়োজিত কাস্টমস এ্যাক্ট ১৯৯৬ এর উপর ফোকাস গ্রুপ আলোচনা সভায় যোগদান করেন।

১৫ মার্চ ২০১৪ ঃ কন্সটিটিউশন অ্যান্ড মেম্বারশীপ অ্যান্ড এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, উর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর এবং সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম উক্ত সভায় যোগদান করেন।

১৬ মার্চ ২০১৪ ঃ সিভিল এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম সার্ভিসেস সেক্টর ডেভেলপমেন্ট স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১৮ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিয়াকের কাউন্সিল সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হায়দার আহমদ খান, এফসিএ ঢাকা কাস্টম হাউস এর এ্যাডভাইজরি বোর্ড সভায় যোগদান করেন।

ঃ ইমপোর্ট পলিসি, ইমপোর্ট, ইনডেন্টিং, ট্যারিফ অ্যান্ড ট্রেড ফেসিলিটেশন স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১৯ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিল্ড এবং বিনিয়োগ বোর্ড-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ গোলাম হোসেনের সাথে সাক্ষাৎ করেন এবং জাতীয় বাজেট ২০১৪-১৫ তে ডিসিসিআই'র সুপারিশমালা হস্তান্তর করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব হায়দার আহমদ খান, এফসিএ এ সময় উপস্থিত ছিলেন।

২০ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এফবিসিসিআই আয়োজিত কাউন্সিল অফ চেম্বার প্রেসিডেন্ট এর সভায় যোগদান করেন।

২৩ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই এবং জেট্রো যৌথভাবে আয়েজিত "বিজনেস ক্লাইমেট ইন এশিয়া অ্যান্ড বাংলাদেশ পজিশন" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত।

২৪ মার্চ ২০১৪ ঃ ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশনস, ক্যাপিটাল মার্কেট অ্যান্ড সার্ভিসেস স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সিনিয়র অফিসার (গবেষণা) জনাব আজিজুর রহমান ইপিবি আয়োজিত "সিরামিক পণ্য রপ্তানির সম্ভাবনা ও প্রতিবন্ধকতা" বিষয়ক সভায় যোগদান করেন।

২৫ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম শিল্প মন্ত্রণালয় আয়োজিত প্রজেক্ট কনসেপ্ট পেপার প্রস্তুত বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনট্যানেন্স স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই আয়োজিত "রোল অফ মিডিয়া ইন বিজনেস অ্যান্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

২৬ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী ও জনাব মোক্তার হোসেন চৌধুরী দেশ টিভির প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে যোগদান করেন।

২৭ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই এন্ট্রাপ্রেনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো এর স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, সাবেক সভাপতিবৃন্দ উক্ত সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইন্সটিটিউট এর সভায় যোগদান করেন।

২৮ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ১৪তম বাংলাদেশ বিজনেস এ্যাওয়ার্ড বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

২৯ মার্চ, ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৩য় সভা অনুষ্ঠিত।

৩০ মার্চ ২০১৪ ঃ ডিসিসিআই আহবায়ক জনাব এমএস সিদ্দিকী বাংলাদেশ ট্যারিফ কমিশনের বৈঠকে যোগদান করেন।

৩১ মার্চ, ২০১৪ ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব ওসামা তাসীর, পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী ২২তম কুনমিং ফেয়ার বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম ঢাকা জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে অনুষ্ঠিত "পুরাতন কাপড় আমদানি" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক জনাব এম বশির উল্ল্যাহ ভূইয়্যা এফবিসিসিআই আয়োজিত কোরিয়া বাণিজ্য প্রতিনিধিদলের সাথে ওয়ান টু ওয়ান আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক জনাব দাতা মাগফুর ডিএমপি আয়োজিত "ঢাকা মেট্রো আরটিসি" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

২ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম নেদ্যারল্যান্ডের লজেস্টিক প্রতিষ্ঠানের সাথে বিটুবি ম্যাচ-মেকিং আলোচনায় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী ইপিবিতে অনুষ্ঠিত বাংলাদেশের কৃষিজাত পণ্য রপ্তানী বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই এন্ট্রাপ্রেনিউরশীপ অ্যান্ড ইনোভেশন এক্সপো স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম উক্ত সভায় উপস্থিত ছিলেন।

৩ এপ্রিল ২০১৪ ঃ ন্যাশনাল কমিউনিকেশন, ট্রান্সপোর্টেশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অ্যান্ড পোর্ট শিপমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

ঃ ল' অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি-স্মাগলিং ইনিশিয়েটিভ স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

৫ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম এফবিসিসিআই আয়োজিত বাজেট ২০১৪-১৫ বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

৬ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব নেসার মাকসুদ খান ও জনাব হুমায়ুন রশিদ শিল্প মন্ত্রণালয় আয়োজিত ইন্ডাস্ট্রিয়াল পলিসি রিভিউ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ এসএমই এন্ট্রাপ্রেনিউরশিপ ডেলেভপমেন্ট অ্যান্ড প্রোডাক্ট ডাইভারসিফিকেশন স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ টেলিকম, আইসিটি অ্যান্ড ইনটেলেকচুয়াল প্রপার্টি রাইটস স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

৭ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই এবং বাংলাদেশস্থ মার্কিন দূতাবাসের মধ্যকার অনুষ্ঠান আয়োজন বিষয়ে বৈঠক অনুষ্ঠিত। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম সভায় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের ৪র্থ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই আয়োজিত নতুন উদ্যোক্তাদের প্রশিক্ষণ কর্মশালায় ঢাকা চেম্বারের সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী বিআইআইএসএস আয়োজিত "ভারত-বাংলাদেশ সম্পর্ক" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই আহবায়ক জনাব এম এস সিদ্দিকী বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত টিক্‌ফা বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ আব্দুল হামিদ বাংলাদেশ ট্যারিফ কমিশনের সভায় যোগদান করেন।

৯ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সাবেক সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী ঢাকা জেলা লবন কমিটির ১ম সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক ও আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ইপিবি'র সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সদস্য জনাব এস এম মাহ্‌ফুজুল ইসলাম "মেরিটাইম সেফটি" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

১০ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক জনাব সামির সাত্তার শিল্প মন্ত্রণালয় আয়োজিত "পরবর্তী দশকের জন্য উন্নয়ন পরিকল্পনা" বিষয়ক সভায় যোগদান করেন।

১২ এপ্রিল ২০১৪ ঃ এফডিআই, ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রাইভেটাইজেশন স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ এক্সপোর্ট পলিসি, প্রমোশন, ডাইভারসিফিকেশন, মাল্টি-লেটারেল অ্যান্ড বাই-লেটারেল ট্রেড এগ্রিমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ হিউম্যান রিসোর্স স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড ওভারসিস এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১৫ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে জাপান-বাংলাদেশ চেম্বার অব কমার্সের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এফবিসিসিআই আয়োজিত ইউকে বাংলাদেশ চেম্বারের সাথে মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর) আয়োজিত দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক খন্দকার আতিক-ই-রাব্বানী এসএমই ফাউন্ডেশন আয়োজিত "এসএমই বান্ধব বাজেট" প্রণয়ন বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

১৬ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই এবং ইউকে-বাংলাদেশ ক্যাটালিস্ট চেম্বার অব কমার্সের মধ্যে দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান, উর্ধ্বতন সহ-সভাপতি জনাব ওসামা তাসীর, সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার এফবিসিসিআই আয়োজিত "ফিলিপাইনের সাথে ব্যাণিজ্য সম্পর্ক বৃদ্ধি" বিষয়ক সভায় যোগদান করেন।

১৭ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ আব্দুল হামিদ এফবিসিসিআই আয়োজিত "খসড়া ভ্যাট এ্যাক্ট পলিসি ২০১২" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

১৯ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান দক্ষতা উন্নয়ন বিষয়ক সভায় যোগদান করেন।

২০ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই আহবায়ক জনাব এম এস সিদ্দিকী বাণিজ্য মন্ত্রণালয় আয়েজিত "সেবা খাতের সম্ভাবনাময় বাজার প্রবেশাধিকার" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

২১ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব আব্দুস সালাম শিল্প মন্ত্রণালয় আয়োজিত "প্রজেক্ট কনসেপ্ট পেপার" প্রস্তুতকরণ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব মোঃ শোয়েব চৌধুরী "বাংলাদেশের জাতীয় বীজ নীতিমালা" বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশন্স, ক্যাপিটাল মার্কেট অ্যান্ড সার্ভিসেস স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

ঃ বিবিএ কলেজ, ডিবিআই, এডুকেশন, রিসার্চ, লাইব্রেরী অ্যান্ড নলেজ সেন্টার বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

২২ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক ক্যাপ্টেন নূরুল হক "ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিল"-এর বৈঠকে যোগদান করেন।

২৩ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র চেয়ারম্যান জনাব মোঃ গোলাম হোসেনের সাথে সাক্ষাৎ করেন এবং জাতীয় বাজেট ২০১৪-১৫ বিষয়ে ডিসিসিআই'র সুপারিশমালা উপস্থাপন করেন।

ঃ এনভায়রনমেন্ট, গ্লোবার ওয়ামিং, রিনিউএ্যাবল এনার্জী, কার্বন ট্রেডিং অ্যান্ড পলুশন কন্ট্রোল স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই উপ-সচিব (গবেষণা) জনাব নাফিজ ইমাতিয়াজ ইসলাম "রানা প্লাজা ধ্বসের এক বছর পূর্তি" উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় যোগদান করেন।

২৪ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব নেসার মাকসুদ খান ও জনাব হুমায়ুন রশিদ শিল্প মন্ত্রণালয় আয়েজিত ইনভেস্টমেন্ট পলিসি রিভিউ বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই উপ-সচিব (গবেষণা) জনাব নাফিজ ইমতিয়াজ ইসলাম ঢাকা কাস্টমস হাউস আটোমেশন বিষয়ক বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব ডঃ মোঃ মনোয়ার হোসেন বিনিয়োগ বোর্ড আয়োজিত অর্থনীতি ২০১৪-প্রেক্ষিত বিষয়ক গোল টেবিল আলোচনা সভায় যোগদান করেন।

২৬ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৪র্থ সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোস্তাফিজুর রহমান "বিশ্ব মেধা সম্পদ দিবস" উপলক্ষ্যে আয়োজিত সভায় যোগদান করেন।

২৭ এপ্রিল ২০১৪ ঃ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (এ্যামচেম) যৌথভাবে আয়োজিত "ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কো-অপারেশন ফোরাম এগ্রিমেন্ট (টিকফা)" বিষয়ক মধ্যাহ্ন ভোজ সভা ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি এবং মার্কিন প্রতিনিধিদলের প্রধান মাইকেল জে ডিল্যানি অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এবং এ্যামচেম সভাপতি জনাব আফতাব উল ইসলাম সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান মার্কিন দূতাবাস আয়োজিত নৈশভোজ সভায় যোগদান করেন।

২৮ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিএসসিসিএল-এর ৯২তম পরিচালনা পর্ষদের সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে প্রদত্ত নৈশভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক জনাব হুমায়ুন রশিদ বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত উইলিয়াম হান্না প্রদত্ত নৈশভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব হোসেন এ সিকদার এফবিসিসিআই আয়োজিত বেলারুসের বাণিজ্য প্রতিনিধিদলের সাথে আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত।

২৯ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিজেএমইএ আয়োজিত যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে প্রদত্ত নৈশভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক শ্রীলংকার বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে প্রদত্ত নৈশভোজ সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, পরিচালক সর্বজনাব নেসার মাকসুদ খান, হুমায়ুন রশিদ জেনেভায় অনুষ্ঠিত আঙ্কটার্ডের সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহ-আহবায়ক জনাব মোঃ রাশেদ আলী "বাংলাদেশের নতুন উদ্যোক্তাদের জন্য টেকসই উন্নয়ন" বিষয়ক আলোচনা সভায় যোগদান করেন।

৩০ এপ্রিল ২০১৪ ঃ ডিসিসিআই আহবায়ক জনাব মোহাম্মদ শাহজাহান জাতীয় রাজস্ব বোর্ড আয়োজিত "ড্রাফট এসওপি'এস" বিষয়ক বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান ইপিবি আয়োজিত ট্রেড সাপোর্টিভ কনসালট্যান্ট কমিটির ১ম সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সদস্য জনাব আশফাক আহমেদ "বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যকার সমুদ্র পথের যোগাযোগ বৃদ্ধি" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম-সচিব (কমন সার্ভিস) জনাব এম ফজলুল করিম বাংলাদেশ ব্যাংক আয়োজিত "এসএমই উদ্যোক্তাদের টেকসই উন্নয়ন" বিষয়ক সেমিনারে যোগদান করেন।

৩ মে ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান চ্যানেল ২৪-এ সাক্ষাৎকার প্রদান করেন।

৪ মে ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ভারতীয় বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে আয়োজিত নৈশভোজ সভায় যোগদান করেন।

৬ মে ২০১৪ ঃ ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের ৫ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সাবেক পরিচালক জনাব এম আনোয়ারুল হক বিআইটিসি-এর ৯৭তম গভার্নিং কমিটির সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই গবেষণা শাখার প্রধান ডঃ মনোয়ার হোসেন "বিজনেস মডেল ফর এসএমই ব্যাংকিং" বিষয়ক সভায় যোগদান করেন।

৭ মে ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে ভারতের ট্রেড পলিসি ইউনিটের প্রধান সেডরিক সুরিচ সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খানের সাথে নেদারল্যান্ডের বাণিজ্য প্রতিনিধিদল সাক্ষাৎ করেন।

৮ মে ২০১৪ ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান এনবিআর আয়োজিত ৩৭তম জাতীয় পরামর্শক কমিটির সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান বিয়াকের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকীর সভায় যোগদান করেন।

(গ) দেশের উন্নয়নে যোগাযোগ ব্যবস্থা দ্রুত উন্নয়নের জন্য যানবাহন প্রয়োজন যা বিদেশ হতে আমদানী করা হয়। উক্ত সেক্টরে উৎপাদন/সংযোজন খাতকে ট্যাক্স হলিডের অন্তর্ভূক্ত করা; এবং

(ঘ) আয়কর অধ্যাদেশের Sixth schedule এর Part A এর প্যারাগ্রাফ 35 এ বর্ণিত Handicraft রপ্তানি হতে উদ্ভূত আয়ের ক্ষেত্রে কর রেয়াত (Tax Holiday) এর সুবিধা ২০২৫ সাল পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব করা হয়।

১৭. Interest on bad and doubtful debtst

অনাদায়ী ও সন্দেহজনক ঋণের সুদের উপর কর আরোপের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৮ (৩) তে বাণিজ্যিক ব্যাংকের পাশাপাশি Non-Banking Financial Institutions (NBFI) কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।

১৮. *ধারা* 32(10) *এবং* 53(H) *পরস্পর বিরোধী ঃ*

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 32(10) অনুযায়ী ভূমি, মূলধনী যন্ত্রপাতি এবং কারখানা ভবন থেকে উদ্ভূত মূলধনী আয় বিনিয়োজিত ইকুইটি হিসেবে কর রেয়াতের যে বিধান আছে তা আয়কর অধ্যাদেশের 53(H) ধারায় অন্তর্ভূক্ত না থাকায় বিনিয়োগকারীদের বাধ্যতামূলক কর প্রদান করতে হয় যা পরস্পর বিরোধী। ঢাকা চেম্বার মনে করে 53(H) এ প্রয়োজনীয় সংশোধনপূর্বক এ সমস্যা দূর করা প্রয়োজন। এ পরস্পর বিরোধী ধারা বলবৎ থাকায় 32(10) ধারা অনুযায়ী কর রেয়াত সুবিধা গ্রহণ করা সম্ভব হয় না। ধারা 53(H) এ প্রয়োজনীয় সংশোধন আনয়ন জরুরী।

১৯. AIT *কর্তনের বিষয়টি অন-লাইনে সম্পাদনঃ*

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 62 তে উল্লেখিত "Credit of Tax Collection at Service" এ বর্ণিত ধারায় আমদানিকারক কর্তৃক মালামাল আমদানির ক্ষেত্রে AIT কেটে রাখা হয়। এর ফলে কর নির্ধারণের সময়েই কর্তনকৃত করের Credit দেয়ার বিধান রাখা হয়েছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে কর নির্ধারণের সময় বিশেষ করে আমদানি পর্যায়ে AIT সংশ্লিষ্ট সোনালী ব্যাংকে জমা দেয়া সত্তেও উপকর কমিশনারগণ পরবর্তীতে যাচাই সাপেক্ষে Credit নেয়ার পরামর্শ দিয়ে থাকেন। যা করদাতদের জন্য হয়রানিমূলক। যেহেতু সোনালী ব্যাংকের ন্যায় একটি রাষ্ট্রীয় ব্যাংক/ ট্রেজারী ব্যাংক এ কর্তিত কর জমা হয়, সুতরাং সোনালী ব্যাংক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের উপর ভিত্তি করে কর প্রত্যর্পন চূড়ান্ত করা যেতে পারে। এ ধরনের কর্তিত করের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড, সোনালী ব্যাংক এবং সংশ্লিষ্ট আয়কর অফিস এর মধ্যে অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করার প্রস্তাব করা হলো।

২০. *ধারা* 53(BB) তে উল্লেখিত উৎসে কর কর্তন Deemed export ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া প্রয়োজনঃ

বর্তমানে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৩(ইই) তে নিটওয়্যার এবং ওভেন গার্মেন্টস, টেরি টাওয়েল, কার্টুন ও গার্মেন্টস ইন্ডাস্ট্রির এক্সেসরিজ, জুট গুডস, ফ্রোজেন ফুড, ভেজিটেবল, লেদার গুডস, প্যাকড ফুড সহ অন্যান্য রপ্তানির ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন ০.৮০% হারে হয়ে থাকে যা চূড়ান্ত কর দায় হিসেবেও বিবেচিত হয়। কিন্তু নিটিং, ডায়িং এবং উইভিং ইন্ডাস্ট্রিসমূহ যা গার্মেন্টস ইন্ডাস্ট্রির সাথে অঙ্গাঙ্গি সম্পৃক্ত এবং ব্যাক-টু-ব্যাক এলসির মাধ্যমে সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রিসমূহে মালামাল সরবরাহ করে থাকে এবং এ ধরনের ব্যবসাকে Export Business হিসেবে বিবেচনাপূর্বক Deemed Export হিসেবে বিবেচিত করা এবং আয়কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করার সুপারিশ করা হলো।

২১. *ধারা* 53E *কে স্পষ্টীকরণঃ*

Deduction of tax at source should be applicable only when the commission or cash discount or fees are paid to distributors for distribution of goods and not on product discounts allowed to customers or trade discount or lowering the mark-up.

২২. *সার্বজনিন স্বনির্ধারণী পদ্ধতিঃ*

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 82(BB) তে বর্ণিত সর্বজনিন স্বনির্ধারণী পদ্ধতি (Universal Self Assessment) সংক্রান্ত ধারায় বর্ণিত অডিটের ক্ষেত্রে কি কি বিষয় অন্তর্ভূক্ত হলে অডিট হবে না তার একটি বিস্তারিত তালিকা রিটার্ণ দাখিলের পূর্ববর্তী সময়ে প্রত্যেক বৎসর প্রজ্ঞাপণের মাধ্যমে করদাতাদের সচেতনতার জন্য অবহিত করার প্রস্তাব করা হয়। এর ফলে খুব বেশী অডিটের প্রয়োজন হবে না এবং জনগণ আয়কর প্রদানের ক্ষেত্রে সকল তথ্য সংযোজন করতে পারবে।

২৩. *কর আপীলাত ট্রাইবুনালে কর হ্রাসঃ*

কর আপীলাত ট্রাইবুনালে আপীল দায়েরের ক্ষেত্রে ১০% পরিবর্তে ৫% কর পরিশোধের বিধান করার প্রস্তাব করা হয়। বর্তমানে waiver প্রথা থাকা সত্ত্বেও করদাতা তার সুফল পান না।

২৪. *হাইকোর্টের রেফারেন্স দায়েরের ক্ষেত্রে কর পরিশোধঃ*

হাইকোটের রেফারেন্স মামলা দায়েরের ক্ষেত্রে ট্রাইব্যুনালের আদেশের প্রেক্ষিতে আরোপিত আয়ের উপর প্রদেয় কর এবং করদাতার বিধানে প্রদর্শিত আয়ের পার্থক্যের ১৫% টাকা পরিশোধের বিধান করার প্রস্তাব করা হয়।

২৫. Local L/C *এর উপর আরোপিত কর প্রত্যাহার করাঃ*

২০১২-১৩ অর্থবছরের বাজেটে স্থানীয় ঋণপত্র (Local L/C) এর উপর পণ্য সরবরাহ বা চুক্তি সম্পাদনের জন্য ঠিকাদার ও সরবরাহকারীর ন্যায় করারোপ করা হয়েছে। স্থানীয় ঋণপত্র খোলার উপর এ ধরনের করারোপ করার ফলে ব্যবসায়িক ব্যয় বৃদ্ধি পাচ্ছে। তাই বেসরকারী খাতের পক্ষ থেকে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে এ ধরনের অযৌক্তিক কর প্রত্যাহার করার জন্য প্রস্তাব করা হয়।

২৬. ২০১৩-১৪ অর্থবছর থেকে যে কোন কোম্পানি তার পণ্য কোন ডিস্ট্রিবিউটির বা অন্য কারো কাছে বিক্রি করার সময় ঐ পণ্যের কোম্পানি বিক্রয় মূল্য ও খুচরা বিক্রয় মূল্যের ব্যবধানের উপর ৫% হারে আয়কর সংগ্রহের যে বিধান রয়েছে তা প্রত্যাহার করার প্রস্তাব করা হয়।

২৭. প্লাস্টিক পণ্য রপ্তানির ক্ষেত্রে ১৫% হারে নগদ প্রণোদনা (cash incentive) প্রদানের বিধান করার প্রস্তাব করা হয়।

২৮. *চেম্বার ও ট্রেড বডির উপর কর প্রত্যাহার ঃ*

চেম্বার ও ট্রেড এসোসিয়েশনের ক্ষেত্রে চেম্বারের সকল ধরনের আয়কে পূর্বের ন্যায় কর মুক্ত ঘোষণা করার জন্য সুপারিশ করছি এবং এ লক্ষ্যে চেম্বারকে TIN (Tax Identification Number) এর আওতার বাহিরে রাখা প্রয়োজন। চেম্বার ও এসোসিয়েশনগুলোর উপর আরোপিত করের বিধান পরিবর্তন করে বিগত ১৯৬৫ সালে ইস্যুকৃত এসআরও ৮১ (আর)/৬৫ এর ন্যায় অ-লাভজনক সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে করমুক্তভাবে পরিচালিত করার সুযোগ দেওয়ার প্রস্তাব করা হলো।

আমদানি শুল্ক ও সম্পূরক শুল্ক সংক্রান্ত প্রস্তাব

১. *সম্পূরক শুল্কঃ*

দেশের আভ্যন্তরীণ শিল্প পণ্যসমূহের সুরক্ষার জন্য বৎসর-ভিত্তিক পর্যালোচনা পূর্বক সম্পূরক শুল্ক আরোপ করা যেতে পারে। ব্যাকওয়ার্ড লিঙ্কেজ শিল্প সৃষ্টির লক্ষ্যে সম্পূরক শুল্ক আরোপ করে দেশীয় শিল্পকে সুরক্ষার ব্যবস্থা নেয়া দরকার। স্থানীয় শিল্পের সংরক্ষণ এবং আমদানি বিকল্প শিল্প গড়ে তোলা এবং সম্প্রসারণের লক্ষ্যে তৈরী পণ্যের ক্ষেত্রে সর্বোচ্চ শুল্ক হার আরোপের পাশাপাশি প্রয়োজনীয় হারে সম্পূরক শুল্ক আরোপ/বৃদ্ধি করার প্রস্তাব করা হয়।

২. *৪-ষ্ট্রোক মটর সাইকেল সিকেডি, এইচ.এস.কোড ৮৭১১.২০.১১ (২৫০ সিসি পর্যন্ত)ঃ*

বাংলাদেশে যোগাযোগ ব্যবস্থার উন্নতির সঙ্গে পরিবহন সেক্টরে মোটরসাইকেলের অবদান অপরিসীম। জীবনযাত্রার মানবৃদ্ধি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির কারণে মোটরসাইকেলের চাহিদা ১৮-২০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে এবং এর ধারাবাহিকতায় স্থানীয় পর্যায়ে মোটরসাইকেল তৈরী হচ্ছে। বর্তমানে কাচাঁমালের মূল্য বৃদ্ধি পেয়েছে এবং এই প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার স্বার্থে সিকেডি পর্যায়ে সম্পূরক শুল্ক ২০% ধার্য করলে স্থানীয় শিল্পসমূহ টিকে থাকতে পারবে। তাই এর উপর আরোপিত সম্পূরক শুল্ক ৩০% থেকে কমিয়ে ২০% করার প্রস্তাব করছি।

৩. *পিক-আপ(Petrol) সিকেডি, এইচ.এস.কোড ৮৭০৪.৩১.১৯ঃ*

বর্তমানে পিক-আপ সিকেডি এবং সিবিইউ এর শুল্ক কর সমান। অন্যদিকে সিকেডির ক্ষেত্রে উৎপাদনে মূল্য সংযোজন কর (১৫%) থাকার ফলে সংযোজিত পিকআপের মূল্য বৃদ্ধি পাচ্ছে ফলে বাণিজ্যিকভাবে আমদানীকৃত সিবিইউ পণ্যের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা অত্যন্ত কষ্টকর হচ্ছে। তাই বর্তমানে আমদানী শুল্ক ২৫% থেকে কমিয়ে ১০% করা এবং উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (১৫%) রোহিত করার প্রস্তাব করছি।

৪. বিযুক্ত ট্রাক ও বাসের যন্ত্রাংশ উৎপাদনঃ

সরকার এস.আর.ও নং ২১৩/আইন/২০১০/৫৬২/ভ্যাট তাং ১০/০৬/২০১০ ইং এর মাধ্যমে মোটরসাইকেল উৎপাদনকারীদেরকে যে প্রণোদনা দিয়েছে (অর্থাৎ আমদানী শুল্ক ৫-১২%, সম্পূরক শুল্ক- শূন্য, মূসক-শূন্য, অগ্রিম আয়কর-শূন্য), তা বাস ও ট্রাকের যন্ত্রাংশ স্থানীয় পর্যায়ে উৎপাদনকারীদেরকেও প্রদানের প্রস্তাব করছি।

৫. লিকুইড গ্লুকোজ তথা গ্লুকোজ সিরাপঃ

লিকুইড গ্লুকোজ তথা গ্লুকোজ সিরাপ দেশে উৎপাদিত কৃষিপণ্য যথা মিষ্টি আলু, কাসাভা, ভুট্টা ইত্যাদি ব্যবহার করে দেশে উৎপাদিত হয়। দেশীয় শিল্প প্রতিষ্ঠান এর অভ্যন্তরীন চাহিদা পূরণে সক্ষম। অথচ এর আমদানী শুল্ক দফায় দফায় কমিয়ে ২৫% করা হয়েছে। দ্বিতীয়তঃ সম্পুরক শুল্ক নূন্যতম পর্যায়ে মাত্র ৩০% আরোপ করা হয়েছে। ফলে আমদানীকৃত লিকুইড গ্লুকোজের সাথে দেশীয় লিকুইড গ্লুকোজ প্রতিযোগিতায় টিকে থাকতে পারছে না। দেশীয় শিল্প ও কৃষকের স্বার্থে লিকুইড গ্লুকোজ ও গ্লুকোজ সিরাপের বর্তমান ৩০% সম্পুরক শুল্কের স্থলে ৬০% সম্পুরক শুল্ক ধার্য্য করা এবং ২০% রেগুলেটরি শুল্ক আরোপ করার প্রস্তাব করা হয়।

৬. ডেক্সট্রোজ মনোহাইড্রেটঃ

ডেক্সট্রোজ মনোহাইড্রেট দেশে উৎপাদিত কৃষিপণ্য যথা মিষ্টি আলু, কাসাভা, ভুট্টা ইত্যাদি ব্যাবহার করিয়া দেশে উৎপাদিত হয়। দেশীয় শিল্প প্রতিষ্ঠান এটার চাহিদা পূরণে সক্ষম। অথচ ইহার আমদানী শুল্ক দফায় দফায় কমিয়ে ২৫% করা হয়েছে। ফলে আমদানীকৃত ডেক্সট্রোজ মনোহাইড্রেটের সাথে দেশীয় ডেক্সট্রোজ মনোহাইড্রেট প্রতিযোগিতায় টিকে থাকতে পারছে না। দেশীয় শিল্প ও কৃষকের স্বার্থে ডেক্সট্রোজ মনোহাইড্রেটের উপর সম্পূরক শুল্ক ৩০% স্থলে ৬০% সম্পুরক শুল্ক আরোপ করা এবং ২০% রেগুলেটরি শুল্ক আরোপ করার প্রস্তাব করা হয়।

৭. ডেক্সট্রিন, মডিফাইড ষ্টার্চ ও গ্লুঃ

১৭০২ হেডিং এর লিকুইড গ্লুকোজ এবং ৩৫০৫ হেডিং এর ডেক্সট্রিন, মডিফাইড ষ্টার্চ ও গ্লু ইত্যাদি একই কাঁচামাল হতে মূলতঃ একই প্রক্রিয়ায় উৎপাদিত হয়। সুতরাং ১৭০২ হেডিং এর পণ্য যথা লিকুইড গ্লুকোজ মিথ্যা ঘোষণা দিয়ে ৩৫০৫ হেডিং এর মডিফাইড ষ্টার্চ, গ্লু ইত্যাদি নামে আমদানির প্রবনতা রয়েছে এবং এইরুপ আমদানী ধরাও পড়েছে। গত বৎসর ৩৫০৫ হেডিং এর সকল পণ্যের আমদানী শুল্ক ১৭০২ হেডিং এর পণ্যের আমদানী শুল্কের সমান করা হয়েছে। তাই ৩৫০৫ হেডিং এর সকল পণ্যের উপর ৬০% সম্পূরক শুল্ক এবং ২০% রেগুলেটরি শুল্ক আরোপ করার প্রস্তাব করা হয়।

৮. *সরবিটলঃ*

১৭০২ হেডিং এর লিকুইড গ্লুকোজ এবং ২৯০৫.৪৪.০০ ও ৩৮২৪.৬০.০০ হেডিং এর সরবিটল দেখতে অনেকটা একই রকম। এগুলো একই কাঁচামাল হতে উৎপাদিত হয়। সুতরাং ১৭০২ হেডিং এর পণ্য যথা লিকুইড গ্লুকোজ মিথ্যা ঘোষণা দিয়ে ২৯০৫.৪৪.০০ ও ৩৮২৪.৬০.০০ হেডিং এর সরবিটল নামে আমদানি হতে পারে। তাই এর উপর ১৭০২ হেডিংয়ের সমান ৬০% সম্পুরক শুল্কও আরোপ করার প্রস্তাব করা হয়।

৯. *ভুট্টা (শস্য) ষ্টার্চ* (H. S. Code 11081200 & 11022000)*ঃ*

১০০% দেশীয় কাঁচামাল ভুট্টা দিয়ে ষ্টার্চ তৈরী হচ্ছে এবং কাঁচামাল হিসাবে ভুট্টা ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সেখানে আমাদের দেশে ২৫ লক্ষ মেঃ টন ভুট্টা উৎপাদিত হয় সেখানে আমদানী নিরুৎসাহিত করার লক্ষ্যে সর্বাধিক কাষ্টমস ডিউটি ২৫% প্রয়োগ করার পাশাপাশি ৬০% সম্পূরক শূল্ক ও ২০% রেগুলেটরি শুল্ক আরোপের প্রস্তাব করা হয়।

১০. ইউরিয়া রেজিন, এইচ এস কোড ৩৯০৯.১০.০০ঃ

বর্তমান অর্থবছরে ইউরিয়া রেজিনের উপর উৎপাদনের অধিকাংশ কাঁচামালের উপর ১০% আমদানি শুল্ক হার আরোপিত আছে। এই সামান্য শুল্ক পার্থক্যের কারণে স্থানীয় ইউরিয়া রেজিন উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর উৎপাদিত পণ্য বাজারজাত করা অসম্ভব হয়ে পড়েছে এবং স্থানীয় ইউরিয়া রেজিন উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো দারুণভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়ে রুগ্নশিল্পে পরিণত হবার উপক্রম হয়েছে। তাই ইউরিয়া রেজিনের উপর বর্তমানে আরোপিত ২৫% আমদানি শুল্ক বহাল রেখে ২০% সম্পূরক শুল্ক আরোপের প্রস্তাব করা হয়।

১১. টমেটো কেচাপ, এইচ এস কোড ২১০৩.২০.০০ এবং জ্যাম জেলী, এইচ এস কোড ২১০৭.১০.০০ ও ২১০৭.৯১.০০ঃ

এই পণ্য দুটি বেশী ভাগ স্কুলগামি ছাত্রছাত্রী, অফিস ও ব্যবসায়িরা সকালে ও বিকালে নাস্তায় ব্যবহার করেন। এটা স্বাস্থ্য সম্মত বটে। সাপ্লিমেটারী ডিউটি রহিত করা হলে কম মূল্যে বেশী লোক পণ্যটি ব্যবহার করে উপকৃত হবে। তাই এই পণ্য দুটির উপর আরোপিত ৩০% সাপ্লিমেটারী ডিউটি রহিত করার প্রস্তাব করা হয়।

১২. পিভিসি ফ্লিম (৩৯২০.৪৯.১০ ও ৩৯২০.৯২.৯০) এবং ইথাইল এসিটেট ২৯১৫.৩১.০০ঃ

উল্লেখিত এইচএস কোডের আওতায় পণ্যসমূহের আমদানির উপর বিদ্যমান শুল্কহ্রাস করে ৫% করার প্রস্তাব করা হয়।

১৩. ওয়ারান্টির বিপরীতে আমদানি ঃ

ওয়ারান্টির বিপরীতে আমদানিকৃত চালান, ওয়ারান্টি এবং মুল চালানের কাগজপত্র দেখে সম্পূর্ণ শুল্ক-কর-মুক্ত খালাস দেবার আইনী ব্যবস্থা করার প্রস্তাব করা হয়।

১৪. রিট্রেড টায়ার শিল্পে ব্যবহৃত কাঁচামাল ট্রেড রাবার (৪০০৮.২১.০০, ৪০১২.৯০.৯০)ঃ

বাস, ট্রাক, মিনিবাস, লাইট ট্রাকে ব্যবহৃত মধ্যবর্তী কাঁচামাল ট্রেড রাবার এর আমদানি শুল্ক ২৫% থেকেহ্রাস করে ১২% করার প্রস্তাব করা হয়।

মূল্য সংযোজন কর

১. মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীনে ''ন্যায় নির্ণয়কারী" কোন কর্মকর্তা তার প্রদত্ত ন্যায় নির্ণয় আদেশ- সংশ্লিষ্ট মামলায় তথ্য সংগ্রহ থেকে ন্যায় নির্ণয় আদেশ প্রদান পর্যন্ত কোন কাজের জন্য মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও টার্ণওভার কর (পুরস্কার মঞ্জুরী) বিধি মালার অধীনে কোন পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবেন না" মর্মে বিধান করা হউক। এইজন্য উক্ত বিধিমালার বিধি-৩ এর শেষে এই মর্মে একটি প্রোভাইসো যোগ করা হোক।

২. (ক) একটি শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান একটি করবর্ষের জন্য সরকারের পক্ষ থেকে একবারই নিরীক্ষা করা যাবে এমন নিশ্চয়তা বিধান করা; এবং

(খ) স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দপ্তর সহ নিরীক্ষাকারী যে কোন প্রতিষ্ঠান কর্তৃক কৃত শিল্প প্রতিষ্ঠান সমূহের মূসক সংশ্লিষ্ট হিসাব নিরীক্ষায় উত্থাপিত আপত্তি উপযুক্ত মূসক কর্তৃপক্ষ (এ সি- র নিম্নে নয়) কর্তৃক নিরীক্ষাকারীর (বাধ্যতামূলক) উপস্থিতিতে শিল্পটিকে যথাযথ শুনানী প্রদান পূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত নিরীক্ষা আপত্তি চূড়ান্ত আপত্তি হিসাবে বিবেচন্য হবে না মর্মে আইনী বিধান করার প্রস্তাব করা হয়।

৩. টার্ণ ওভার ট্যাক্স এর সীমা বৃদ্ধি ঃ

টার্ণ ওভার ট্যাক্স এর জন্য বার্ষিক টার্ণ ওভার ৮০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১ কোটি টাকা নির্ধারন এবং টার্ণ ওভার ট্যাক্স ২% করার প্রস্তাব করা হয়। ক্ষুদ্র ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান দেশের শিল্পায়নে এবং ব্যবসা বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং দেশের অর্থনীতিতে ব্যাপক ভূমিকা রাখে। তাই ক্ষুদ্র ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের উৎসাহিত করতে এ প্রস্তাব করা হয়।

৪. কুটির শিল্প প্রতিষ্ঠানের মূসক অব্যাহতির সীমাঃ

কুটির শিল্প প্রতিষ্ঠানের আওতায় মূসক অব্যাহতির জন্য প্ল্যান্ট এন্ড মেশিনারিজ ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন অনধিক ৮০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১ কোটি টাকা করার প্রস্তাব করা হয়।

৫. মূসক আইনে দন্ড হ্রাসঃ

মূসক আইনে দন্ডসমূহ সর্বোচ্চ ২৫% অথবা একটি যুক্তিসংগত এবং সহনশীল পর্যায়ে রাখার প্রস্তাব করা হয়।

৬. মূসক আইনে ন্যায়-নির্ণয়ন আদেশের বিরবদ্ধে আপিলের শর্ত শিথিলঃ

ন্যায়-নির্ণয়ন আদেশের বিরুদ্ধে আপিল করতে গেলে মূসকের কমিশনার(আপীল) এর কাছে আপীল করার সময় ০% ও ট্রাইবুনালের জন্য ৫% মূসক/অর্থদন্ড জমা দেওয়ার বিধান করার প্রস্তাব করা হয়। এ অর্থ নগদে, ট্রেজারীতে বা চলতি হিসাব সমন্বয়ের মাধ্যমে প্রদান করার বিধান করা হোক।

৭. মূল্য সংযোজন কর আইন এর ধারা ৯ (২) সংশোধনঃ

(ক) মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৯ (২) এর বর্তমান বিধান সংশোধন করে কারণ দর্শাও নোটিশ জারী এবং ব্যক্তিগত শুনানী প্রদানের বিধান অন্তর্ভুক্ত করা হোক।

(খ) ৯(১) ধারার কোন বিধানটি লঙ্ঘিত হয়েছে তা সুস্পষ্ট উল্লেখ না করে ৯ (২) ধারায় কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে না মর্মে বিধান করা হোক এবং সেই লংঘন অবশ্যই আক্ষরিক হতে হবে, মূসক দপ্তর বা ন্যায়-নির্ণয়ন কর্মকর্তার ব্যাখ্যা-নির্ভর বা অনুসিদ্ধান্ত নির্ভর হতে পারবে না।

৮. আমদানি পর্যায়ে এ টি ভি আদায়ঃ

আমদানী পর্যায়ে অগ্রিম মূসক (এ টি ভি) আদায় ব্যবস্থা বাতিল করা হোক। অথবা আমদানী পর্যায়ে আদায়কৃত অগ্রিম মূসক (এটিভি) চুড়ান্ত আদায় গণ্য করে পরবর্তী ধাপের জন্য মূসক পরিশোধিত গণ্য করার বিধান করা হোক।

৯. বাণিজ্যিক বাড়ী ভাড়ার উপর মূসক প্রত্যাহার ঃ

বাণিজ্যিক বাড়ী ভাড়ার উপর বর্তমানে প্রযোজ্য ৯% মুসক বাতিল করা হোক। দীর্ঘ মেয়াদী বাড়ীভাড়া কোন সেবার মধ্যে গণ্য করা যায়না। এটি একটি বিকল্প আয়ের উপায় এবং এই আয়ের উপর উচ্চহারে আয়কর প্রযোজ্য ।

১০. জেনারেটর আমদানির ক্ষেত্রে এটিভি প্রত্যাহার করাঃ

দেশে বিদ্যুৎ ঘাটতি পূরণের লক্ষ্যে জেনারেটর আমদানির ক্ষেত্রে ১৫% ভ্যাট পরিহার করা হয়েছে কিন্তু এটিভি ৪% বহাল রাখা হয়েছে। ৪% এটিভি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা হল এবং এই প্রস্তাব কার্যকর এবং দ্ব্যর্থহীন করার জন্য ব্যাখ্যা পত্র নং-৩২/মূসক/২০০৮ তাং ২৭/০৬/২০০৮ ইং এর প্রয়োজনীয় সংশোধনের জন্য অনুরোধ করা হয়।

১১. সাধারনত শিল্প কারখানাসমূহ ট্রাক স্ট্যান্ড অথবা সড়ক থেকে ট্রাক ভাড়া করে থাকে। তাই তাদের স্বার্থে পরিবহন বিলের উপর উৎসে মূসক কর্তনের বিধান প্রত্যাহার করা প্রয়োজন।

১২. বিস্কুট, ফ্লেভার্ড মিল্ক, চানাচুর, ডাল ভাজা, বাদাম ভাজা ইত্যাদি পণ্যের ট্যারিফ ভেল্যু নির্ধারণের ক্ষেত্রে প্রত্যেকটি আইটেমের ”Conversion Cost” কে ভিত্তি হিসেবে বিবেচনার প্রস্তাব করছি।

১৩. ঢালাওভাবে টার্ণওভার বৃদ্ধি না করা ঃ

উৎপাদনকারী সকল প্রতিষ্ঠানের উপর ঢালাওভাবে ১০ শতাংশ হারে টার্ণওভার বৃদ্ধি করে তার উপর কর নির্ধারণ করা মোটেও যুক্তি সংগত নয়। কাজেই যে সকল উৎপাদনকারী প্রতিষ্ঠান লোকসানের সম্মুখীন তাদের উপর টার্ণওভার এর পরিমাণ বৃদ্ধি না করার প্রস্তাব করা হলো। কোন কোন ক্ষেত্রে কুটির শিল্পের উপর টার্ণওভার কর আরোপ করা হচ্ছে যা প্রত্যাহার করার প্রস্তাব করছি।

১৪. পাইকারী ও খুচরা পর্যায়ে ভ্যাট প্যাকেজ বহাল রাখা ঃ

পাইকারী ও খুচরা পর্যায়ে ভ্যাট প্যাকেজ বর্তমান অর্থ বৎসরের ন্যায় রাখার জন্য প্রস্তাব করছি।

ক) ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা - ১১,০০০/-
খ) অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা - ৮,০০০/-
গ) জেলা শহরের পৌর এলাকা - ৬,০০০/-
ঘ) দেশের অন্যান্য এলাকা - ৩,০০০/-
(এই হার দোকান প্রতি)

২. *ত্রি-বার্ষিক রপ্তানি নীতি (২০১৫-১৮)-তে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর প্রস্তাবণা*

ক্রমিক নং	*প্রস্তাব*	*প্রস্তাবের বর্তমান অবস্থা*	*প্রস্তাবের পড়ো যৌক্তিকতা*
০১	তৈরী পোশাক শিল্পকে অতি গুরুত্বপূর্ণ রপ্তানি খাত হিসেবে চিহ্নিত করে Policy Preamble-এ স্থান দেয়ার প্রস্তাব করা হলো।	উপধারাঃ ১.১ রপ্তানি নীতির লক্ষ্য (Objectives)ঃ	জাতীয় রপ্তানি আয়ের ৭৭% আসে তৈরি পোশাক খাত থেকে। বাংলাদেশী উদ্যোক্তাদের বিগত তিন দশকেরও অধিক সময়ের নিরলস প্রচেষ্টা, অকান্ত পরিশ্রম এবং সরকারের সক্রিয় সহায়তায় তৈরি পোশাক শিল্প দেশের বৈদেশিক মুদ্রার মজুদ বৃদ্ধি, বৈদেশিক মুদ্রা লেনদেন পরিস্থিতি নিয়ন্ত্রণ, বিশাল জনগোষ্ঠি বিশেষ করে মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র দূরীকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। ৪৪ লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। বিগত তিন বছরে বিভিন্ন Foreign Buyer তাদের আঞ্চলিক অফিস এদেশে স্থাপন করেছে। এছাড়া সরকারের নীতিগত সহায়তার কারণে জিএসপি শিথিল করণের মাধ্যমে EU, Japan, Norway এবং Switzerland-এ আমাদের জন্য নতুন বাজার সৃষ্টির সম্ভাবনা দেখা দিয়েছে। এছাড়া ল্যাটিন আমেরিকা ও আফ্রিকার দেশ সমূহেও নতুন নতুন তৈরি পোশাকের বাজার সৃষ্টি হচ্ছে। এই সম্ভাবনার সদ্ব্যবহার করতে হলে তৈরি পোষাক খাতকে সরকারের অতি গুরুত্বপূর্ণ রপ্তানি খাত হিসেবে চিহ্নিত করা দরকার।
০২	বর্তমানে রপ্তানিকারকগণ নিম্ন সুদ হারে ঋণ পাচ্ছেন না। তাই রপ্তানিকারকগণ যাতে নিম্ন সুদ হারে ঋণ পায় তা নিশ্চিত করার প্রস্তাব করছি।	১.২.১৪ অপেক্ষাকৃত নিম্ন সুদ হারে রপ্তানি ঋণ প্রদানসহ রপ্তানিকারকদেরকে বিভিন্ন আর্থিক ও রাজস্ব প্রণোদনা (Incentive) প্রদান করা;	এতে করে রপ্তানিকারকগণ উৎসাহিত হবেন এবং নতুন নতুন রপ্তানি বাজার তৈরিতে ভূমিকা রাখতে সক্ষম হবেন।
০৩	এ অনুচ্ছেদে রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা এর পরে "এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চল" শব্দগুলো সংযোজন করা যেতে পারে।	১.৩.৩ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা ছাড়া বাংলাদেশের অন্যান্য সকল এলাকায় এই নীতি প্রযোজ্য হবে;	যেহেতু সরকার সারা দেশে মোট ৫টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) প্রতিষ্ঠা করতে যাচ্ছে তাই রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকার পাশাপাশি বিশেষ অর্থনৈতিক অঞ্চলকেও এখানে সংযোজিত করা দরকার।

০৪	রপ্তানিকারকদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে রপ্তানি নীতিতে সরকার এবং জাতীয় রাজস্ব বোর্ডের জন্য দিক্-নির্দেশনা থাকা উচিৎ।	১.৩.৪ ট্যাক্স/ট্যারিফ সংক্রান্ত কোন বিষয়ে জাতীয় বাজেট ও জাতীয় রাজস্ব বোর্ড ঘোষিত কোন সিদ্ধান্ত রপ্তানি নীতির উপর প্রাধান্য পাবে; এ নীতিতে যা কিছু থাকুক না কেন, অন্য কোন সরকারী আদেশে রপ্তানি সংক্রান্ত সুনির্দিষ্ট কোন সিদ্ধান্ত জারী করা হলে তা যদি এ রপ্তানি নীতির কোন বিধানের সহিত অসংগতিপূর্ণ হয়, তবে উক্ত সরকারী আদেশ রপ্তানি নীতির উপর প্রাধান্য পাবে;	যেহেতু জাতীয় বাজেট বা জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তে রপ্তানি নীতির যে কোন অনুচ্ছেদ অকার্যকর হয়ে যেতে পারে তাই এর সুরক্ষার্থে এ নীতিতে সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা থাকা উচিৎ।
০৫	রপ্তানিকারকদের বিভিন্ন অসুবিধার কথা বিবেচনায় নিয়ে ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন এ্যাক্ট সংশোধনের ব্যাপারে রপ্তানি নীতিতে পরামর্শ দেয়া যেতে পারে।	২.০ পণ্য রপ্তানিতে প্রতিপালনীয় বিধি-বিধানঃ-বাংলাদেশ হতে পণ্য রপ্তানির ক্ষেত্রে এই নীতিতে বর্ণিত অথবা এতদ্‌বিষয়ক অন্য কোন আইনে বর্ণিত শর্তাবলী, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বৈদেশিক মুদ্রা বিনিময় সংক্রান্ত বিধি-বিধান ও নিয়মাবলী পালন এবং এদের আওতায় নির্ধারিত দলিলাদি দাখিল করতে হবে।	এতে করে বৈদেশিক মুদ্রায় লেনদেনে বা ব্যবসায়ের প্রয়োজনে বিদেশে অর্থ বা সার্ভিস চার্জ প্রেরণের ক্ষেত্রে যে সকল সমস্যায় পড়েন তা দূর হবে।
০৬	ঔষধ রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিদেশে নমুনা পাঠানোর উপরে আরোপিত limit বা সীমা বৃদ্ধি করা যেতে পারে।	২.২.১.২ (ই) নমুনা হিসাবে বিনা মূল্যে প্রেরিত পণ্য, তবে শর্ত থাকে যে, ঔষধের ক্ষেত্রেঃ (১) রপ্তানি এলসি (Letter of Credit) বা ঋণপত্র ব্যতিরেকে বছরে সর্বোচ্চ ৬০,০০০ মার্কিন ডলার, অথবা (২) প্রতি এলসি বা ঋণপত্রের বিপরীতে মোট এলসি/ ঋণপত্র মূল্যের ১০% বা সর্বোচ্চ ১০,০০০ মার্কিন ডলারের ঔষধ যেটি কম হবে। (৩) প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কেস টু কেস পরীক্ষা করে এ সীমা বৃদ্ধি করতে পারবে;	ফার্মাসিউটিক্যালস একটি সম্ভাবনাময় পণ্য; এ খাতের রপ্তানি প্রসারে সামগ্রিক ব্যবস্থা নেয়া দরকার।

০৭	১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প কর্তৃক বার্ষিক সর্বোচ্চ ১০,০০০/- মার্কিন ডলার মূল্যের তৈরী পোশাকের নমুনা এর স্থলে ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প কর্তৃক তৈরী পোশাকের নমুনা রপ্তানি মূল্য সীমা বৃদ্ধি করে বার্ষিক সর্বোচ্চ ১৫,০০০/- মার্কিন ডলার মূল্য করা যেতে পারে।	উপধারাঃ ২.২.১.২ নিম্নোক্ত শর্তাদি পালন সাপেক্ষে নমুনা (sample) রপ্তানি- (C) ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প কর্তৃক বার্ষিক সর্বোচ্চ ১০,০০০/- মার্কিন ডলার মূল্যের তৈরী পোশাকের নমুনা;	তৈরি পোষাক খাতে সেক্টরে বর্তমানে বিদেশী ক্রেতাদের ভিন্ন ভিন্ন আইটেম ও ডিজাইনের অর্ডারের পরিমান ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় তাদের চাহিদা অনুযায়ী রপ্তানীকারকদের প্রচুর সংখ্যক নমুনা তৈরি করতে হয়। যার কারণে শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্পের জন্য নমুনা রপ্তানি মূল্য সীমা বৃদ্ধি করা প্রয়োজন।
০৮	"রপ্তানি বাজার উন্নয়নকল্পে প্রদর্শনীর নিমিত্তে বিদেশে যাওয়ার ক্ষেত্রে ভিসা প্রসেসিং সহজীকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে দূতাবাস-কে সহজে অল্প সময়ে ভিসা পাওয়ার ব্যাপারে সুপারিশ করা হবে" মর্মে সংযোজন করা যেতে পারে।	২.২.১.২ (উ) জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কাস্টমস বন্ড কমিশনারেট হতে বন্ড লাইসেন্স প্রাপ্ত বন্ডে হীরা প্রক্রিয়াকারক প্রতিষ্ঠান অথবা মূসক (ভ্যাট) কমিশনারেট হতে উৎপাদক হিসাবে মূসক নিবন্ধিত হীরা/হীরা খচিত স্বর্ণালংকার প্রক্রিয়াকারক প্রতিষ্ঠান বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ অথবা রপ্তানি বাজার উন্নয়নকল্পে প্রদর্শনীর নিমিত্তে বার্ষিক ৫০,০০০(পঞ্চাশ হাজার) মার্কিন ডলার মূল্যের কাট ও পলিশড হীরা এবং হীরা খচিত স্বর্ণালংকার নমুনা হিসেবে প্রেরণ করতে পারবে এবং প্রদর্শনী শেষে তা দেশে ফেরৎ আনতে হবে........।	বিদেশে পণ্য প্রদর্শনী রপ্তানি বাজার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। বিদেশে যাওয়ার ক্ষেত্রে ভিসা প্রসেসিং সহজীকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে দূতাবাস-কে সহজে অল্প সময়ে ভিসা পাওয়ার ব্যাপারে সুপারিশ করা হলে বিদেশে পণ্য প্রদর্শনীতে বাংলাদেশী ব্যবসায়ীদের উৎসাহিত করার পাশাপাশি রপ্তানি বাজার সম্প্রসারণ করা সম্ভব হবে।
০৯	"নমুনা" বা স্যাম্পল বাণিজ্যিক মূল্যহীন সহজে সনাক্তযোগ্য সীমিত পরিমাণ" কথাটি স্বচ্ছ নয়, এটি স্পষ্ঠীকরণ করা দরকার।	২.২.২ "নমুনা" বা স্যাম্পল বলতে বাণিজ্যিক মূল্যহীন সহজে সনাক্তযোগ্য সীমিত পরিমান পণ্যকে বুঝাবে; এবং	"সহজে সনাক্তযোগ্য সীমিত পরিমাণ" কথাটির বিশদ ব্যাখ্যা করে সংখ্যা বা পরিমান নির্ধারণ করে দেয়া যুক্তিযুক্ত। বিষয়টির অস্পষ্টতার জন্য নানা জটিলতার সৃষ্টি হয়।
১০	"গিফট পার্সেল" বলতে কুরিয়ার সার্ভিস ছাড়াও By air অথবা By Hand এ প্রেরিত কোন উপহার সামগ্রী বুঝানো যেতে পারে;	২.২.৩ "গিফট পার্সেল" বলতে কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন উপহার সামগ্রীকে বুঝাবে।	বর্তমানে কুরিয়ার সার্ভিস ছাড়াও ক্ষেত্র বিশেষে প্রয়োজনে বিমান যোগে ও হাতে হাতে উপহার সামগ্রী প্রেরণ করা হয়ে থাকে, যা অন্তর্ভুক্ত করা প্রয়োজন।
১১	এখানে ১০০% বাদ দিয়ে শুধু ব্যাংক গ্যারান্টির কথা বলা যেতে পারে।	২.৪.৪ আমদানি ও রপ্তানি বন্দর ভিন্ন হলে ডিউটি ড্র-ব্যাকের আওতায় শুল্ককর পরিশোধ অথবা ১০০% ব্যাংক গ্যারান্টির বিপরীতে শুল্ক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রপ্তানি বন্দরে স্থানান্তর পূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে পণ্য রপ্তানি করতে হবে।	এতে রপ্তানিকারকদের হয়রানি কমবে।

১২	(১) ত্রুটিযুক্ত কাপড় ফেরত প্রদানের ক্ষেত্রে ঃ যে সকল ত্রুটিযুক্ত কাপড় সরবরাহকারী কর্তৃক ফেরত নিতে আগ্রহী এবং বাংলাদেশ হতে কোন বৈদেশিক মুদ্রা ব্যয় করা হয়নি এবং লিয়েন ব্যাংক ঐ অর্থ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে প্রদান করতে হবে না মর্মে নিশ্চিত হয়ে সনদপত্র প্রদান করেছে সে সকল ক্ষেত্রে ব্যাংকের প্রত্যয়নের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে বন্ড কমিশনার বা সংশ্লিষ্ট কাস্টমস কমিশনার পুনঃরপ্তানি/ফেরত প্রদান অনুমোদন করবেন এবং সে অনুযায়ী রপ্তানি সম্পাদিত হবে। (২) যে সকল ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা হয়েছে এবং সরবরাহকারী কর্তৃক ত্রুটিযুক্ত কাপড় পুনঃরপ্তানির/ ফেরত প্রদানের জন্য রপ্তানি ঋণপত্র স্থাপন করা হয়েছে বা টিটি'র মাধ্যমে অর্থ অগ্রীম প্রেরণ করা হয়েছে সে সকল ক্ষেত্রে ব্যাংকের প্রত্যয়নপত্র এবং বন্ডারের আবেদনের পরিপ্রেক্ষিতে বন্ড কমিশনার পুনঃরপ্তানির অনুমোদন করবেন।	২.৪.৯ ত্রুটিযুক্ত কাপড় ফেরত প্রদানের ক্ষেত্রেঃ (যে ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা ব্যয় করা হয় নাই) (১) যে সকল ত্রুটিযুক্ত কাপড় সরবরাহকারী/ রপ্তানিকারক কর্তৃক ফেরত নিতে আগ্রহী এবং বাংলাদেশ হতে কোন বৈদেশিক মুদ্রা প্রেরণ করা হয়নি সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) পুনঃরপ্তানির জন্য ছাড়পত্র প্রদান করবেন। (যে ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা প্রেরণ করা হয়েছে) (২) যে সকল ত্রুটিযুক্ত কাপড় সরবরাহকারী/ রপ্তানিকারক ফেরত নিতে আগ্রহী এবং ইতোমধ্যে বাংলাদেশ হতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধ করা হয়ে থাকলে Buyer-Seller এর দ্বিপাক্ষিক সম্মাতিতে Invenrory প্রস্থতের ভিত্তিতে ত্রুটিযুক্ত কাপড়ের পরিমান নির্দিষ্ট করতঃ Zreve` বৈদেশিক মুদ্রা TT অথবা At Sight LC এর মাধ্যমে পরিশোধ অথবা সমপরিমান পণ্য প্রতিস্থাপনের পর সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক ও শুল্ক কর্তৃপক্ষের অনাপত্তির ভিত্তিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) ত্রুটিযুক্ত কাপড় পুনঃরপ্তানির ছাড়পত্র প্রদান করবেন।	(১) যেহেতু বৈদেশিক মুদ্রা ব্যয় করা হয় নাই সে জন্য সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্রের ভিত্তিতে বন্ড কমিশনার/ সংশ্লিষ্ট কমিশনার পুনঃরপ্তানি/ ফেরত প্রদান অনুমোদন করতে পারেন। এজন্য আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) এর নিকট হতে ছাড়পত্র গ্রহণের শর্তটি বাদ দেয়া যেতে পারে। তাতে করে সময় ও জটিলতা উভয়ই লাঘব হবে। (২) যেহেতু বৈদেশিক মুদ্রা প্রেরণ বা ব্যয় করা হয়েছে সে ক্ষেত্রে সরবরাহকারীর ব্যাংক কর্তৃক ক্রেতার ব্যাংকের মাধ্যমে অর্থ অগ্রিম প্রেরণ করা হয়েছে বা Payment এর নিশ্চয়তা পাওয়া গেছে সে সকল ক্ষেত্রে ব্যাংকের প্রত্যয়নপত্র এবং বন্ডারের আবেদনের পরিপ্রেক্ষিতে বন্ড কমিশনার/সংশ্লিষ্ট কাস্টমস কমিশনার পুনঃরপ্তানি অনুমোদন করতে পারেন, এজন্য আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) এর নিকট হতে ছাড়পত্র গ্রহণের শর্তটি বাদ দেয়া যেতে পারে। তাবে করে সময় ও হয়রানী উভয়ই লাঘব হবে।
১৩	এখানে মেশিনারী, ইক্যুইপমেন্ট বা সিলিন্ডার মেরামত, রি-ফিলিং বা মেইনটেইন্যান্স ইত্যাদির জন্য বিদেশে প্রেরণের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষের নিকট পণ্যের সমমূল্যের ব্যাংক গ্যারান্টি প্রদানের বিধানটি রহিত করা যেতে পারে।	২.৬.১ (১) মেশিনারী, ইক্যুইপমেন্ট বা সিলিন্ডার মেরামত, রি-ফিলিং বা মেইনটেইন্যান্স ইত্যাদির জন্য বিদেশে প্রেরণের ক্ষেত্রে শুল্ক কর্তৃপরে নিকট পণ্যের সমমূল্যের ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে। এক্ষেত্রে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের (সিসিআইএন্ডই) নিকট হতে রপ্তানি-কাম-আমদানি পারমিট গ্রহণ করতে হবে।	এর ফলে এসকল কাজ সহজতর হবে।

১৪	যে সকল পণ্য রপ্তানির ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ সনদপত্র গ্রহণ বাধ্যতামূলক, সে সকল পণ্যের একটি তালিকা পরিশিষ্ট-তে সংযোজন করা যেতে পারে।	২.৮ মান নিয়ন্ত্রণ সনদপত্র- যে সকল পণ্য রপ্তানির ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ সনদপত্র গ্রহণ বাধ্যতামূলক, সে সকল পণ্য রপ্তানিকালে যথোপযুক্ত কর্তৃপ কর্তৃক ইস্যুকৃত মান নিয়ন্ত্রণ সনদপত্র কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।	এর ফলে কোন কোন পণ্য রপ্তানির ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ সনদপত্র গ্রহণ বাধ্যতামূলক সে সম্পর্কে রপ্তানিকারকগণ সচেতন থাকতে পারবেন।
১৫	সহজ শর্তে ও হ্রাসকৃত সুদ হারে প্রকল্প ঋণ এবং রপ্তানি ঋণ প্রদান নিশ্চিতকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৩.৪.১. অগ্রাধিকার ভিত্তিতে হ্রাসকৃত সুদ হারে প্রকল্প ঋণ প্রদান করা; ৩.৪.৪ সহজ শর্তে ও হ্রাসকৃত সুদ হারে রপ্তানি ঋণ প্রদান করা;	সহজ শর্তে ও হ্রাসকৃত সুদ হারে প্রকল্প ঋণ এবং রপ্তানি ঋণ প্রদান নিশ্চিত করা গেলে রপ্তানিকারকগণ আরো অধিকহারে রপ্তানিতে উৎসাহিত হবেন যা রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে উল্লেখযোগ্য অবদান রাখতে সাহায্য করবে।
১৬	বহিঃর্বিশ্বে বাজার অন্বেষণ ও রপ্তানি পণ্য বহুমূখীকরণে সহায়তা প্রদান করা হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৩.৪.১০ বহিঃর্বিশ্বে বাজার অন্বেষণে সহায়তা প্রদান করা;	রপ্তানি আয় বাড়ানোর জন্য নতুন রপ্তানি বাজার তৈরি করা যেমন জরুরী ঠিক তেমনি রপ্তানি পণ্য বহুমূখীকরণের প্রতি গুরুত্বারোপ করা খুবই জরুরী।
১৭	পণ্য উৎপাদনের জন্য হ্রাসকৃত সুদে ও সহজ শর্তে ভেঞ্চার-ক্যাপিটাল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৪.২.১ পণ্য উৎপাদনের জন্য হ্রাসকৃত সুদে ও সহজ শর্তে ভেঞ্চার-ক্যাপিটাল প্রদান;	এ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রকৃত উৎপাদনকারীগণ ভেঞ্চার-ক্যাপিটাল পাবে, যা উৎপাদনমুখী শিল্পের বিকাশে অবদান রাখবে।
১৮	বর্তমান বছরের রপ্তানি বৃদ্ধির সম্ভাবনা/ পরিকল্পনা অনুসারেও ক্যাশ ক্রেডিট সীমা নির্ধারণ হতে পারে যদি পূর্ববর্তী বছরের তুলনায় রপ্তানি বৃদ্ধি বা অর্ডার বেশী পাওয়া কিংবা ক্যাপাসিটি বৃদ্ধির সম্ভাবনা থাকে।	৪.৫.৪ রপ্তানি ঋণঃ পূর্ববর্তী বছরের রপ্তানি আয়ের সাফল্যের ভিত্তিতে ও ব্যাংক-গ্রাহক সম্পর্কের উপর নির্ভর করে ব্যাংক কর্তৃক রপ্তানিকারকের ক্যাশ ক্রেডিট সীমা নির্ধারণ করা হবে।	পূর্ববর্তী বছরের রপ্তানি আয়ের সাফল্যের ভিত্তিতে রপ্তানিকারকের ক্যাশ ক্রেডিটসীমা নির্ধারণ এর পাশাপাশি বর্তমান বছরের রপ্তানি বৃদ্ধির সম্ভাবনা/পরিকল্পনা অনুসারেও ক্রেডিট সীমা নির্ধারণ করা যেতে পারে।
১৯	এখানে বেসরকারি খাতকে অন্তর্ভূক্ত করে বাংলাদেশ ব্যাংক-এর নেতৃত্বে "রপ্তানি ঋণ মনিটরিং কমিটি" গঠন করা হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৪.৫.৭ একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন "রপ্তানি ঋণ মনিটরিং কমিটি" থাকবে এবং কমিটি রপ্তানি ঋণের চাহিদার পরিমাণ নির্ধারণ, ঋণ প্রবাহ পর্যালোচনা ও মনিটর করবে। বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে এই "ঋণ মনিটরিং কমিটি"র কার্যক্রম পরিচালিত হবে;	উচ্চ ক্ষমতাসম্পন্ন "রপ্তানি ঋণ মনিটরিং কমিটি" গঠনের ব্যাপারে বেসরকারি খাত অবহিত নয়। তাই বেসরকারি খাত-কে এ ব্যাপরে সম্পৃক্ত করা প্রয়োজন।
২০	"এক্সপোর্ট ক্রেডিট গ্যারান্টি স্কীম (ECGS)" এর অনুরূপ ফান্ড গঠন করে ক্ষতিগ্রস্থ রপ্তানি প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখ বা সময়সীমার মধ্যে আর্থিক ক্ষতিপূরণ প্রদানের, সুস্পষ্ট উল্লেখ এবং তা কার্যকর করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৪.৫.১০ "এক্সপোর্ট ক্রেডিট গ্যারান্টি স্কীম (ECGS)" এর অনুরূপ ফান্ড গঠন করে তার আওতায় ক্ষতিগ্রস্থ রপ্তানি প্রতিষ্ঠানকে আর্থিক ক্ষতিপূরণ প্রদানের উদ্যোগ নেয়া হবে।	ক্ষতিগ্রস্থ রপ্তানি প্রতিষ্ঠানকে এ ব্যবস্থায় আর্থিক ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করা গেলে নতুন রপ্তানিকারকগণ রপ্তানি-তে এগিয়ে আসবে।

২১	তৈরি পোশাক শিল্পের ক্ষেত্রে রেয়াতী হারে অগ্নি ও নৌ বীমার প্রিমিয়াম নির্ধারণ করা যেতে পারে।	৪.৬.১ রেয়াতী বীমা প্রিমিয়ামঃ অপ্রচলিত খাতে রপ্তানিমুখী শিল্পে বিশেষ রেয়াতী হারে অগ্নি ও নৌ-বীমা প্রিমিয়াম দেয়ার ব্যবস্থা থাকবে। এ ব্যবস্থায় রপ্তানিকারক জাহাজীকরণের পর প্রিমিয়াম পরিশোধে রেয়াত পেতে পারে।	তৈরি পোশাক রপ্তানিকে আরও প্রতিযোগী করে তোলার জন্য রেয়াতী হারে অগ্নি ও নৌ বীমার প্রিমিয়াম নির্ধারণ করা প্রয়োজন।
২২	অপ্রচলিত ও নতুন পণ্য রপ্তানির ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক সুবিধা দেয়া হবে এবং এ ক্ষেত্রে মূল্য সংযোজনের হার কমপক্ষে শতকরা ২৫ ভাগ হতে হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৪.৭.১ অপ্রচলিত ও নতুন পণ্য রপ্তানির ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক সুবিধা দেয়া হবে এবং এ ক্ষেত্রে মূল্য সংযোজনের হার কমপক্ষে শতকরা ৪০ ভাগ হতে হবে;	
২৩	রপ্তানিকারকদের কি কি সহায়তা প্রদান করা হবে তার একটি তালিকা পরিশিষ্ট-তে সংযোজন করা যেতে পারে।	৪.১২.৩ অধিকতর Compliant হওয়ার জন্য রপ্তানিকারকদেরকে সহায়তা প্রদান করা হবে;	এতে করে রপ্তানিকারকগণ নিজেদেরকে Compliant রপ্তানিকারক হিসেবে প্রতিষ্ঠিত করতে সক্ষম হবেন।
২৪	প্রধানতঃ রপ্তানিমুখী শিল্পের জন্য মূলধনী যন্ত্রপাতির ২০% খুচরা যন্ত্রাংশ প্রতি বছর শুল্কমুক্ত আমদানির সুযোগ দেয়া হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	৪.১২.৫ প্রধানতঃ রপ্তানিমুখী শিল্পের জন্য মূলধনী যন্ত্রপাতির ১০% খুচরা যন্ত্রাংশ প্রতি ২ বছর অন্তর শুল্কমুক্ত আমদানির সুযোগ দেয়া হবে;	এর ফলে রপ্তানিকারকগণ আধুনিক যন্ত্রপাতিতে সমৃদ্ধ হয়ে বিশ্ব বাজারে আরো প্রতিযোগিশীল হতে পারবে।
২৫	প্রকৃত কার্যাদেশ লাভের পূর্বে যোগাযোগ, টেন্ডার ডকুমেন্ট ক্রয় ইত্যাদির জন্য কোন প্রতিষ্ঠান সর্বোচ্চ বার্ষিক ১৫,০০০ মার্কিন ডলার এর স্থলে ২৫,০০০ মার্কিন ডলার পর্যন্ত ব্যয় করতে পারবে মর্মে উল্লেখ করা প্রয়োজন। এর অতিরিক্ত বৈদেশিক মুদ্রা প্রয়োজন হলে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নেয়া যেতে পারে।	সাব-কন্ট্রাক্টিং ভিত্তিতে রপ্তানিতে উৎসাহ ও সুবিধাঃ ৪.১৭.১ প্রকৃত কার্যাদেশ লাভের পূর্বে যোগাযোগ, প্রতিনিধি প্রেরণ, বিদেশ ভ্রমন, টেন্ডার ডকুমেন্ট ক্রয় ইত্যাদির জন্য কোন প্রতিষ্ঠান সর্বোচ্চ বার্ষিক ১৫,০০০ মার্কিন ডলার পর্যন্ত ব্যয় করতে পারবে। এর অতিরিক্ত বৈদেশিক মুদ্রা প্রয়োজন হলে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন প্রয়োজন হবে।	এ সমস্ত কার্যাবলী সম্পাদন করা ব্যয়বহুল এবং ক্রমাগত অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেতেই থাকে। অতএব এ সীমা বৃদ্ধি করা প্রয়োজন।
২৬	প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রত্যক্ষ রপ্তানিকারকের ন্যায় ডিউটি ড্র-ব্যাকসহ রপ্তানির সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য সরকারি গ্যাজেটের মাধ্যমে এটা বাধ্যতামূলক করা দরকার।	৪.২৮.১ প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রত্যক্ষ রপ্তানিকারকের ন্যায় ডিউটি ড্র-ব্যাকসহ রপ্তানির সকল সুযোগ-সুবিধা পাবে। রপ্তানি পণ্য উৎপাদনের জন্য ব্যবহৃত স্থানীয় কাঁচামাল এবং বৈদেশিক বিনিয়োগে স্থাপিত শিল্প/ প্রকল্পে ব্যবহৃত স্থানীয় দ্রব্য ও কাঁচামাল “প্রচ্ছন্ন রপ্তানি” বলে বিবেচিত হবে;	কারণ জাতীয় রাজস্ব বোর্ড শুধুমাত্র প্রত্যক্ষ রপ্তানিকারকদের জন্য নগদ প্রণোদনা ঘোষণা করে। সরকারি গ্যাজেটের মাধ্যমে এটা বাধ্যতামূলক করা হলে প্রচ্ছন্ন রপ্তানিকারকরাও এ সুবিধা পাবে এবং এ খাতের উন্নয়ন ত্বরান্বিত হবে।

২৭	এ অনুচ্ছেদে উল্লেখিত বিষয়ে তথ্য ও উপাত্ত সমৃদ্ধ একটি ডাটাব্যাংক প্রতিষ্ঠা ও পরিচালনা করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার প্রস্তাব করা হলো।	৪.২৯.১১ বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ও উদ্যোগে ও অন্যান্য সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় এবং জাতীয় ট্রেড পোর্টালের আওতায় একটি ডাটাব্যাংক প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে।.................	বাণিজ্য সংক্রান্ত এ সকল তথ্য ও উপাত্ত একটি ডাটাব্যাংকে সংরক্ষণ করা গেলে রপ্তানিকারক, আমদানিকারক এবং দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য অনেক উপকারী হবে।
২৮	এ অনুচ্ছেদের শেষে "মেলায় অংশগ্রহণের নিমিত্তে বিদেশে যাওয়ার ক্ষেত্রে ভিসা প্রসেসিং সহজীকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে দূতাবাস-কে সহজে অল্প সময়ে ভিসা পাওয়ার ব্যাপারে সুপারিশ করা হবে" মর্মে সংযোজন করা যেতে পারে।	৫.১.৭ তৈরি পোষাকের বাজার সম্প্রসারণ ও সুসংহতকরণের জন্য বিদেশে বিপণন মিশন প্রেরণ, বিদেশে একক দেশীয় বস্ত্র ও তৈরি পোষাক মেলার আয়োজন, দেশে ও বিদেশে আন্তর্জাতিক মেলার আয়োজন ও অংশ গ্রহণের ব্যবস্থা করা হবে,	এর ফলে নতুন রপ্তানি বাজার সম্প্রসারণ এবং রপ্তানি পণ্য বহুমূখীকরণ ত্বরান্বিত হবে।
২৯	উপধারাঃ ৫.১.১০, Cotton Security Council গঠন করার বিষয়ে নীতিতে উল্লেখ থাকা প্রয়োজন। উদাহরন স্বরুপঃ বিশ্ববাজারে Raw Cotton Price ১০% বাড়লে বাংলাদেশের স্পিনার মিলগুলো সুতার যথেচ্ছ মূল্য বৃদ্ধি করে থাকে। Cotton Security Council এ ধরনের মূল্য নিয়ন্ত্রণে রাখার ব্যবস্থা নিবে।	উপধারাঃ ৫.১ তৈরি পোশাক শিল্পঃ Cotton Security Council গঠন করণ প্রসঙ্গে; (উপধারাঃ ৫.১.১০ এর প্রেক্ষিতে অধিকতর সংযোজনের প্রস্তাব করা হলো)	মাঝে মধ্যে হঠাৎ করে আন্তর্জাতিক বাজারে তুলার দর বৃদ্ধি পেয়ে থাকে। পোশাক রপ্তানিতে আমাদের সম্ভাবনা ব্যাপক এবং তা কাঁচামাল বা তুলা আমদানি নির্ভর, তাই পোশাক খাতের উদ্যোক্তাদের নিরবিচ্ছিন্ন ভাবে এবং স্বস্তির সাথে ব্যবসা করার স্বার্থে একটি Cotton Security Council গঠনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন। প্রস্তাবিত এই Cotton Security Council বাজারে তুলার চাহিদা, যোগান ও মূল্য নিয়ন্ত্রণসহ ভবিষ্যতে তুলার আমদানি প্রবাহ নিরবিচ্ছিন্ন করার জন্য তুলার বাজার অনুসন্ধান, এবং বর্তমান বাজারে Commercial Diplomacy চালিয়ে যাওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে।
৩০	এ অনুচ্ছেদের শেষে "এছাড়াও চাহিদা মতো বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা প্রদান করবে" সংযোজন করা যেতে পারে।	৫.৩.৬ হস্তশিল্পজাত পণ্যের উৎকর্ষ সাধনের জন্য বাংলাক্রাফট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে	এতে হস্তশিল্পজাত পণ্যের উৎকর্ষ সাধন ও সম্প্রসারণে সহায়তা হবে।
৩১	এ অনুচ্ছেদে "বিদেশে বাংলাদেশী মিশনসমূহ এ বিষয়ে দেশীয় রপ্তানিকারী প্রতিষ্ঠানকে রপ্তানির ক্ষেত্রে চাহিদা মতো সকল ধরনের সহায়তা/তথ্য প্রদান করবে এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এ বিষয়গুলি নিয়ে ব্যবস্থা গ্রহণ করে সুবিধা প্রদান করা যাবে" মর্মে সংযোজন করা যেতে পারে।	৫.৫.৩ বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে পাটের পরিবেশ সহায়ক গুণাগুণ তুলে ধরে পাটের ব্যবহার জনপ্রিয় করার উদ্যোগ গ্রহণ করা হবে;	রপ্তানিকারক এবং বিদেশি আমদানিকারকের এ সংক্রান্ত তথ্য বিশ্লেষণ পূর্বক সম্যক ধারণা গ্রহণ করা সম্ভব হবে।

৩২	এ অনুচ্ছেদের শেষে "মেলায় অংশগ্রহণের নিমিত্তে বিদেশে যাওয়ার ক্ষেত্রে ভিসা প্রসেসিং সহজীকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে দূতাবাস-কে সহজে অল্প সময়ে ভিসা পাওয়ার ব্যাপারে সুপারিশ করা হবে" মর্মে সংযোজন করা যেতে পারে।	৫.৫.৪ বাজার সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাকে আন্তর্জাতিক মেলা ও প্রদর্শনীতে যোগদানে সহায়তা দেয়া হবে;	এতে নতুন রপ্তানি বাজার সম্প্রসারণ ত্বরান্বিত হবে।

২. রপ্তানি নীতি ২০১২-১৫ প্রণয়নের সময় ডিসিসিআই থেকে প্রেরিত যে সকল প্রস্তাবণা বাস্তবায়িত হয়নি সেগুলোর মধ্যে উলেৱখযোগ্য হলো ঃ

ক্রমিক নং	প্রস্তাব	প্রস্তাবের বর্তমান অবস্থা	প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা
০১	রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এর পাশাপাশি ডিসিসিআই-কে GSP Certificate issue করার Authorization দেয়া যেতে পারে।	বর্তমানে শুধু রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) GSP Certificate issue করে থাকে।	রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এক সাথে অনেক দায়িত্ব পালন করে। GSP Certificate ও ইপিবি ইস্যু করে থাকে। বর্তমানে EU এবং Japan GSP সুবিধা প্রাপ্তির শর্ত শিথিল করায় GSP Certificate নেয়ার পরিমান বৃদ্ধি পেয়েছে। এতে ইপিবিতে দীর্ঘ লাইনের সৃষ্টি হচ্ছে। তাই GSP সেবা যত দ্রুত সম্ভব অটোমেটেড করার লক্ষ্যে ডিসিসিআই-কে GSP Certificate issue করার Authorization দেয়া যেতে পারে।
০২	আমদানি নীতি আদেশের মত প্রণীতব্য রপ্তানি নীতিও সরকারী গেজেট আকারে প্রকাশ করা যেতে পারে।	বর্তমানে রপ্তানি নীতি গেজেট আকারে প্রকাশিত নয়।	এতে করে রপ্তানি নীতির গুরুত্ব আরো বৃদ্ধি পাবে এবং এর বাস্তবায়ন সহজ হবে।
০৩	বিভিন্ন দেশে পণ্য রপ্তানির ক্ষেত্রে যে বিশাল সুযোগ রয়েছে তার যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হলে রপ্তানিতে আরোপিত বিভিন্ন অশুল্ক বাঁধাসমূহ দূর করার জন্য একটি Compliance Guidelines প্রণয়ন এবং বিতরণ করার প্রস্তাব করা হলো।	বর্তমানে রপ্তানি নীতিতে অশুল্ক বাঁধা দূর করার ব্যাপারে কোন দিক্-নির্দেশনা নেই।	অশুল্ক বাঁধার কারণে পণ্য রপ্তানির সুযোগ পুরোপুরি ব্যবহার করা যাচ্ছে না।
০৪	রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে বিদেশে অবস্থিত Trade Mission গুলোর দক্ষতা বাড়ানো, প্রশিক্ষণ, তথ্য আদান-প্রদান এবং বেসরকারি খাতের প্রতি তাদের সহযোগিতা বাড়ানোর পদক্ষেপ নেয়া প্রয়োজন।		রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে বিদেশে অবস্থিত Trade Mission গুলো ব্যাপক ভূমিকা পালন করে থাকে। BFTI এর মাধ্যমে বিদেশে অবস্থিত Trade Mission গুলোর জন্য প্রশিক্ষণ কর্মসূচী বিশেষভাবে পরিচালনা করা দরকার।

০৫	প্রণীতব্য রপ্তানি নীতি-তে সিল্ক খাত-কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।	বিদ্যমান রপ্তানি নীতি-তে সিল্ক খাত সম্পর্কে কোন দিক্-নির্দেশনা অন্তর্ভূক্ত নেই।	পণ্য-ভিত্তিক রপ্তানিতে সিল্ক একটি গুরুত্বপূর্ণ খাত। তাই এ খাতকে নতুন রপ্তানি নীতিতে অন্তর্ভূক্ত করা যায়।

৩. আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ তে অন্তর্ভুক্তির জন্য ডিসিসিআই এর মতামত/সুপারিশমালা

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিদ্যমান অবস্থা আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫</th><th>আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮-তে অন্তর্ভুক্তির জন্য ডিসিসিআই এর সুপারিশমালা</th></tr>
<tr><td>০১</td><td>দ্বিতীয় অধ্যায়, অনুচ্ছেদ ৫ (৩) কঃ প্রাক-জাহাজীকরণ পরিদর্শনঃ এই আদেশে যে সকল পণ্য আমদানির ক্ষেত্রে প্রাক-জাহাজীকরণ শর্ত রহিয়াছে তাহা অবশ্যই প্রতিপালন করিতে হইবে।</td><td>বর্তমানে যেহেতু আমদানিকৃত পণ্যের প্রাক-জাহাজীকরণ পরিদর্শন (পিএসআই) বিষয়টি ঐচ্ছিক তাই ‘অবশ্যই’ শব্দের পরিবর্তে ‘ঐচ্ছিক’ শব্দটি প্রতিস্থাপন করা যেতে পারে।</td></tr>
<tr><td>০২</td><td>তৃতীয় অধ্যায়, অনুচ্ছেদ ৯(১) ঃ আমদানি সংক্রান্ত ফিসঃ নিবন্ধন সনদপত্র।- (১) ২০১২-২০১৩ হইতে ২০১৪-২০১৫ অর্থ বৎসরের জন্য বাণিজ্যিক এবং শিল্প খাতের আমদানিকারকগণ বার্ষিক মোট আমদানি মূল্য-সীমার ভিত্তিতে নিম্ন বর্ণিত ছয়টি শ্রেণীতে শ্রেণীভুক্ত হইবেন এবং তাহাদের নিবন্ধন (আইআরসি) ও নবায়ন ফিস হইবে নিম্নরূপ, যথাঃ-
<table>
<tr><th>শ্রেণী নং</th><th>বার্ষিক মোট আমদানির সর্বোচ্চ মূল্যসীমা</th><th>প্রাথমিক নিবন্ধন ফিস</th><th>বার্ষিক নবায়ন ফিস</th></tr>
<tr><td>প্রথম</td><td>টাঃ ৫,০০,০০০</td><td>টাঃ ৫,০০০</td><td>টাঃ ৩,০০০</td></tr>
<tr><td>দ্বিতীয়</td><td>টাঃ ২৫,০০,০০০</td><td>টাঃ ১০,০০০</td><td>টাঃ ৬,০০০</td></tr>
<tr><td>তৃতীয়</td><td>টাঃ ৫০,০০,০০০</td><td>টাঃ ১৮,০০০</td><td>টাঃ ১০,০০০</td></tr>
<tr><td>চতুর্থ</td><td>টাঃ ১,০০,০০,০০০</td><td>টাঃ ৩০,০০০</td><td>টাঃ ১৫,০০০</td></tr>
<tr><td>পঞ্চম</td><td>টাঃ ৫,০০,০০,০০০</td><td>টাঃ ৪৫,০০০</td><td>টাঃ ২২,০০০</td></tr>
<tr><td>ষষ্ঠ</td><td>টাঃ ৫,০০,০০,০০০ এর উর্দ্ধে</td><td>টাঃ ৬০,০০০</td><td>টাঃ ৩০,০০০</td></tr>
</table></td><td>দ্রব্যমূল্যের উবর্ধ গতির সাথে সামঞ্জস্য সাধন করে বার্ষিক মোট আমদানি মূল্য-সীমার পূর্ণবিন্যাস করা প্রয়োজন। বাণিজ্যিক এবং শিল্প খাতের আমদানিকারকগণ বার্ষিক মোট আমদানি মূল্য-সীমার ভিত্তিতে নিম্ন বর্ণিত ৬টি শ্রেণীতে শ্রেণীভুক্ত হইবেন এবং তাহাদের নিবন্ধন (আইআরসি) ও নবায়ন ফিস নিম্ন লিখিত ভাবে পূণর্বিণ্যাসের সুপারিশ করা হল।
<table>
<tr><th>শ্রেণী নং</th><th>বার্ষিক মোট আমদানির সর্বোচ্চ মূল্যসীমা</th><th>প্রাথমিক নিবন্ধন ফিস</th><th>বার্ষিক নবায়ন ফিস</th></tr>
<tr><td>প্রথম</td><td>টাঃ ৮,০০,০০০</td><td>টাঃ ২,০০০</td><td>টাঃ ১,০০০</td></tr>
<tr><td>দ্বিতীয়</td><td>টাঃ ২০,০০,০০০</td><td>টাঃ ৫,০০০</td><td>টাঃ ২,০০০</td></tr>
<tr><td>তৃতীয়</td><td>টাঃ ৫০,০০,০০০</td><td>টাঃ ১০,০০০</td><td>টাঃ ৪,০০০</td></tr>
<tr><td>চতুর্থ</td><td>টাঃ ১,০০,০০,০০০</td><td>টাঃ ১৮,০০০</td><td>টাঃ ৬,০০০</td></tr>
<tr><td>পঞ্চম</td><td>টাঃ ৫,০০,০০,০০০</td><td>টাঃ ২৫,০০০</td><td>টাঃ ১২,০০০</td></tr>
<tr><td>ষষ্ঠ</td><td>টাঃ ৫,০০,০০,০০০ এর উর্দ্ধে</td><td>টাঃ ৩০,০০০</td><td>টাঃ ১৮,০০০</td></tr>
</table></td></tr>
<tr><td>০৩</td><td>তৃতীয় অধ্যায়, অনুচ্ছেদ ৯ (২৬)ঃ
তিন বৎসরের অধিক সময়ের জন্য নবায়ন ফিস প্রদানে ব্যর্থ হইয়াছেন এইরূপ আমদানিকারক, রপ্তানিকারক ও ইনডেন্টরগণের নিবন্ধন সনদপত্র নবায়নের আবেদন গুনাগুনের ভিত্তিতে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি কর্তৃক নিষ্পত্তি করা হইবে।</td><td>অনেক সময়ে আমদানিকারক এবং রপ্তানিকারক বিদেশে অবস্থানের কারণে ব্যবসা পরিবর্তন বা অন্যান্য অনেক কারণে তিন বৎসরের অধিক সময় নবায়ন ফিস প্রদানে ব্যর্থ হন। বিষয়টি প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি এর মর্জির উপর ছেড়ে দেয়া হলে তা ব্যবসায়ী উদ্যোক্তাদের জন্য হয়রানীর কারণ হতে পারে। এ ব্যাপারে যথোপযুক্ত প্রমাণসহ কাগজ পত্র উপস্থাপিত হলে সারচার্জ ছাড়াও নবায়নের ব্যবস্থা করা যেতে পারে।</td></tr>
</table>

০৪	চতুর্থ অধ্যায়, অনুচ্ছেদ ১৪ (১)ঃ পূনঃ রপ্তানির জন্য অস্থায়ী আমদানি ঃ- বিদেশী প্রস্তুতকারীগণের এজেন্ট এবং প্রতিনিধিগণ বাংলাদেশে প্রদর্শণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে তাহাদের প্রিন্সিপাল অথবা প্যারেন্ট কোম্পানীর যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম আমদানি করিতে পারিবেন, যথাঃ- (ক) আমদানিকৃত যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম এক বৎসরের মধ্যে পুনঃ রপ্তানি করিতে হইবে; (খ) সময়মত পুনঃরপ্তানি করা হইবে মর্মে প্রত্যয়নপত্র এবং একটি ব্যাংক গ্যারান্টি অথবা আইনগত দলিল যাহা মাল খালাসের সময় আমদানিকারক কর্তৃক দাখিল করিতে হইবে।	এতে করে রপ্তানিকারকগণ উৎসাহিত হবেন এবং নতুন নতুন রপ্তানি বাজার তৈরিতে ভূমিকা রাখতে সক্ষম হবেন।
০৫	চতুর্থ অধ্যায়, অনুচ্ছেদ ১৪ (১৪)ঃ ওয়ারেন্টি রিপ্লেসমেন্ট হিসাবে পণ্যাদি আমদানি এবং তদ্‌প্রেক্ষিতে ত্রুটিপূর্ণ মালামাল সংশ্লিষ্ট সরবরাহকারীর নিকট ফেরৎ প্রদানের জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে।	আমদানিকারক কর্তৃক আবেদনের সর্বোচ্চ কত দিনের মধ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অনুমতি প্রদান করবে তা নির্দিষ্টভাবে উল্লেখ করা দরকার। এর ফলে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি গ্রহণের প্রক্রিয়া আরো সহজ ও দ্রুত হবে।
০৬	চতুর্থ অধ্যায়ঃ বিশেষ অর্থনৈতিক অঞ্চলের (এসইজেড) সম্পর্কে কিছু উল্লেখ নেই।	নতুন অনুচ্ছেদ ১৬ সংযোজন বিশেষ অর্থনৈতিক অঞ্চলের (এসইজেড) জন্য আমদানি এবং উক্ত অঞ্চল হইতে রপ্তানিঃ যেহেতু সরকার সারা দেশে মোট ৫টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) প্রতিষ্ঠা করতে যাচ্ছে তাই এ অঞ্চলের জন্য আমদানি এবং এখান হতে রপ্তানিকে এ আদেশের বাইরে রাখার জন্য নতুন এ অনুচ্ছেদ সংযোজন করা যেতে পারে।
০৭	চতুর্থ অধ্যায়, অনুচ্ছেদ ১৮ (৩)ঃ শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আটককৃত মালামাল খালাসঃ প্রধান নিয়ন্ত্রক উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত কেসসমূহ আনুসংগিক সকল বিষয়াদি যথাযথ বিচার-বিবেচনা করিয়া নিয়ন্ত্রিত পণ্যের তালিকাভুক্ত পণ্য এবং অন্যান্য অনুচ্ছেদে যে সকল পণ্যের আমদানি নিয়ন্ত্রিত করা হইয়াছে সেই সকল পণ্য ছাড় করার জন্য আইপি বা সিপি জারি ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আমদানি নীতি আদেশের বিধান মোতাবেক দ্রুত নিষ্পত্তি করিবেন।	এখানে দ্রুত শব্দের পরিবর্তে সর্বোচ্চ কত দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা দরকার।
০৮	পঞ্চম অধ্যায়ঃ অনুচ্ছেদ ২৪ (৩৯) এর 'ক' ধারা সংযুক্ত করে সংশোধনীতে শুধু "ফরমালিন" শব্দটি ব্যবহার করা হয়েছে। ফরমালিনের জেনেরিক বা রাসায়নিক নাম আছে যা এখানে উল্লেখ করা হয়নি। তাছাড়া, ফরমালিন ব্যবহারের বিষয়েও কোন দিক্‌-নির্দেশনা দেয়া হয়নি।	ফরমালিনের জেনেরিক বা রাসায়নিক নাম উল্লেখ না থাকায় বর্তমানে ফরমালডিহাইড বা অন্য নামে ফরমালিন আমদানি করা হচ্ছে। তাই নতুন আমদানি নীতিতে ফরমালিনের জেনেরিক বা রাসায়নিক নাম উল্লেখ সহ বিশেষজ্ঞদের মতামত নিয়ে যে যে নামে ফরমালিন আমদানি হতে পারে সে সকল নাম এই 'ক' ধারায় সংযুক্ত করার সুপারিশ করছি। তাছাড়া, ফরমালিন ব্যবহারের বিষয়েও সুনির্দিষ্ট দিক্‌-নির্দেশনা থাকা প্রয়োজন।

০৯	ষষ্ঠ অধ্যায়ঃ অনুচ্ছেদ ২৬ এর ২৮(ক)-তে উল্লেখিত ৪৩টি পণ্যের তালিকায় নিউজপ্রিন্ট এবং রাইটিং ও প্রিন্টিং পেপার অন্তর্ভূক্ত নেই।	উল্লেখিত ৪৩টি পণ্যের তালিকায় নিউজপ্রিন্ট এবং রাইটিং ও প্রিন্টিং পেপার অন্তর্ভূক্ত না থাকায় আমদানি করা এসব পণ্য বিএসটিআই এর পরীক্ষা ও গুনগতমানের ছাড়পত্র ছাড়াই সরাসরি বন্দর থেকে খালাস করা হয়। গুনগতমান পরীক্ষা ছাড়া এসকল পণ্য খালাস করার ফলে ভোক্তারা কাড়িক্ষতমানের কাগজ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন এবং দেশীয় কাগজ শিল্প ক্ষতিগ্রস্থ হচ্ছে। দেশীয় শিল্প ও ভোক্তা স্বার্থ সংরক্ষণের জন্য আমদানি করা নিউজপ্রিন্ট এবং রাইটিং ও প্রিন্টিং পেপার কাস্টমস থেকে ছাড়করণের আগে বিএসটিআই থেকে পরীক্ষা ও গুনগতমানের ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক করার জন্য এই ৪৩ টি পণ্যের তালিকায় 'আমদানি করা নিউজপ্রিন্ট এবং রাইটিং ও প্রিন্টিং পেপার'-কে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করছি।
১০	ষষ্ঠ অধ্যায়ঃ অনুচ্ছেদ ২৬ এর ২৮(ক)-তে উল্লেখ করা আছে যে, আমদানিকৃত কমপেক্ট ফুরোসেন্ট ল্যাম্প (সিএফএল) বিএসটিআই এর পরীক্ষা এবং মান সনদ ব্যতীত বন্দর হতে পণ্য খালাস করতে পারবে না।	বাস্তবে দেখা যায় যে, আমদানিকৃত কমপেক্ট ফুরোসেন্ট ল্যাম্প (সিএফএল) এর গুনগতমান বিএসটিআই এর মাধ্যমে পরিপূর্ণভাবে পরীক্ষা ছাড়াই বন্দর হতে খালাস করা হয়। এতে করে নিম্ন-মানের সিএফএল দিয়ে বাজার ভরে গেছে। এসকল নিম্ন-মানের সিএফএলে বিষাক্ত পারদ থাকে যা জন-স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। তাই নিম্ন-মানের সিএফএল এর ব্যবহার দূর করতে বিএসটিআই এর মাধ্যমে পরিপূর্ণভাবে পরীক্ষা ছাড়া যাতে বন্দর হতে সিএফএল খালাস করা না হয় তা নিশ্চিতকরনের সুপারিশ করা হলো।
১১	ষষ্ঠ অধ্যায়, অনুচ্ছেদ ২৬ (১) (খ)ঃ প্রজ্বলনীয় কঠিন পদার্থ, জারক পদার্থ, বিষাক্ত পদার্থঃ প্রধান বিষ্ফোরক পরিদর্শক এর পূর্বানুমতি ব্যতিরেকে এইচ এস হেডিং নম্বর ২৫.০৩ ও ২৮.০২ এর বিপরীতে শ্রেণী বিন্যাসযোগ্য সালফার--- আমদানি করার অনুমতি দেওয়া হইবে না।	এইচ এস কোড ২৮.০২ এবং এইচ এস কোড ২৫.০৩ এ দুটি শ্রেণীবিন্যাসযোগ্য সালফারের কোড নম্বরে কোনটি চূড়ান্ত পণ্য এবং কোনটি কাঁচামাল তা আমদানি নীতি আদেশে স্পষ্টীকরণ করা প্রয়োজন। বর্তমানে চূড়ান্ত পণ্য সালফার (এইচ এস কোড ২৮.০২) আমদানি করে শিল্পের কাঁচামাল (এইচ এস কোড ২৫.০৩) হিসেবে শুল্কায়িত হচ্ছে। এতে মিথ্যা ঘোষণা দিয়ে আমদানি বন্ধ হবে।

8. Bangladesh National Quality Policy (BNQP), ২০১৪ খসড়া-এর উপর ডিসিসিআই-এর প্রস্তাবসমূহঃ

ক্রমিক নং	*বিদ্যমান নীতির ধারা/উপ-ধারা*	*প্রস্তাব*
১.		এ নীতিটি জাতীয় গুনগত মান (পণ্য ও সেবা) নীতি, ২০১৪ হিসেবে প্রণয়ন করা যেতে পারে।
২.	১ম অধ্যায়, পয়েন্ট ৪ অতএব আন্তর্জাতিক বাজারে প্রবেশাধিকার পেতে	এখানে রাষ্টের সংশোধন করে "রাষ্ট্রের" লিখতে হবে। এখানে অতএব এর পর "বিদ্যমান রপ্তানি বাজার বজায় রাখা এবং নতুন" সংযোজন করা যেতে পারে।
৩.	১ম অধ্যায়, পয়েন্ট ১০, ছক-১: মান একটি পণ্য, প্রক্রিয়া বা সেবাকে কি কি শর্ত.............	সেবার বিবরনটি অস্পষ্ট; এটা আরো স্পষ্ট করা প্রয়োজন।

৪.	১ম অধ্যায়, পয়েন্ট ১৬ ...... ফলে পণ্য উৎপাদনকারী শিল্পসমূহের উন্নয়ন ঘটবে ও বেশি বেতনের চাকুরীর সুযোগ সম্প্রসারিত হবে, ...	শুধু বেশি বেতনের চাকুরী সম্প্রসারণের মাধ্যমে দেশের দারিদ্র্য দূরীকরণ সম্ভব নয়; বরঞ্চ তা বৈষম্য বাড়াবে। তাই বেশি বেতনের এই শব্দদ্বয় বাদ দেয়া যেতে পারে।
৫.	১ম অধ্যায়, পয়েন্ট ১৯ এছাড়া, উৎপাদন সেক্টরের উন্নয়নে সহায়তা প্রদানের ক্ষেত্রে মান প্রমিতকরণ এবং সাযুজ্য নিরূপণ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে তার স্বীকৃতি ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এভাবে দেয়া হয়েছে ঃ	এছাড়া, উৎপাদন সেক্টরের উন্নয়নে সহায়তা প্রদানের ক্ষেত্রে মান প্রমিতকরণ এবং সাযুজ্য নিরূপণ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে তার স্বীকৃতি ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সঠিকভাবে দেয়া হয়েছে এবং পরবর্তীতে প্রণীত পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও একে একইভাবে গুরুত্ব দেয়া হবে মর্মে সংযোজন করা যেতে পারে।
৬.	১ম অধ্যায়, ৪.৩ শিল্পনীতি, ২০১০ বিদ্যমান শিল্পনীতিতে জাতীয় গুনগত মান নীতি সম্পর্কে কিছু উল্লেখ নেই।	ইতোমধ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীনে নতুন শিল্প নীতি প্রণয়নের উদ্যোগ গৃহীত হয়েছে; তাই নতুন শিল্প নীতিতে জাতীয় গুনগত মান নীতি সম্পর্কে বিস্তারিতভাবে উল্লেখ থাকা প্রয়োজন।
৭.	১ম অধ্যায়, ৪.৪ বাণিজ্যনীতি	২২ (ঙ) নতুন সংযোজনঃ ইতোমধ্যে আমদানি নীতি আদেশ ২০১৫-১৮ এবং রপ্তানী নীতি ২০১৫-১৮ প্রণয়নের কাজ শুরু হয়েছে: তাই নতুন এই নীতি সমূহে জাতীয় গুনগত মান নীতি সম্পর্কে উল্লেখ থাকা প্রয়োজন।
৮.	১ম অধ্যায়, পয়েন্ট ২৪ ...... উক্ত ব্যাপক বাণিজ্য নীতি এবং আলোচ্য গুনগত মাননীতি সাংঘর্ষিকতা পরিহার পূর্বক হবে পরস্পরের নিরবিচ্ছিন্নভাবে পরিপূরক।	এখানে "উক্ত ব্যাপক বাণিজ্য নীতি এবং আলোচ্য গুনগত মাননীতি সাংঘর্ষিকতা পরিহার পূর্বক পরস্পরের নিরবিচ্ছিন্নভাবে পরিপূরক হবে মর্মে সাজিয়ে লেখা যেতে পারে।"
৯.	১ম অধ্যায়, পয়েন্ট ২৫ এই অনুচ্ছেদের শেষে উল্লেখ আছে- .... বেশ কয়েকটি কর্তৃপক্ষ এবং সর্বোচ্চ জাতীয় পর্যায় থেকে নিম্নে স্থানীয় পর্যায় পর্যন্ত সকল স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার প্রয়োজন হয়।	বেশ কয়েকটি কর্তৃপক্ষ এবং সর্বোচ্চ জাতীয় পর্যায় থেকে নিম্নে স্থানীয় পর্যায় পর্যন্ত সরকারি-বেসরকারি সকল স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার প্রয়োজন হয় মর্মে সংশোধন করা যেতে পারে।
১০.	১ম অধ্যায়, পয়েন্ট ২৬ নীতিটি বাস্তবায়নের ব্যবস্থাপনার দায়িত্ব অর্পিত থাকবে ইতোমধ্যে প্রতিষ্ঠিত জাতীয় নিরাপদ খাদ্য পরামর্শক কাউন্সিলের (NFSAC) উপর, থাকে অধিকতর কর্তৃত্ব এবং এর একটি স্থায়ী কার্যালয় প্রতিষ্ঠার ক্ষমতা দেয়া হবে।	নীতিটি বাস্তবায়নের ব্যবস্থাপনার দায়িত্ব অর্পিত থাকবে ইতোমধ্যে প্রতিষ্ঠিত জাতীয় নিরাপদ খাদ্য পরামর্শক কাউন্সিলের (NFSAC) উপর, যাকে অধিকতর কর্তৃত্ব এবং এর একটি স্থায়ী কার্যালয় প্রতিষ্ঠার ক্ষমতা দেয়া হবে মর্মে সংশোধন করা যেতে পারে। তাছাড়া, অধিকতর কর্তৃত্বের সংজ্ঞা ও পরিধি উল্লেখ করা দরকার নতুবা বেসরকারি খাত এ ক্ষেত্রে হয়রানির শিকার হতে পারে।

১১.	১ম অধ্যায়, ৪.৬	এখানে ভোক্তা সুরবা সংশোধন করে "ভোক্তা সুরক্ষা" করা প্রয়োজন।
১২.	১ম অধ্যায়, পয়েন্ট ২৭ ভোক্তা অধিকার রক্ষা আইন, ২০০৯...... সুরক্ষা পাওয়ার অধিকারকে স্বীকার করে নেয়া হয়েছে।	ভোক্তা অধিকার রক্ষা আইন, ২০০৯...... সুরক্ষা পাওয়ার অধিকারকে স্বীকৃতি দেয়া হয়েছে মর্মে সংশোধন করা যেতে পারে। ভোক্তা অধিকার রক্ষা আইন ২০০৯ সম্পর্কে এখানে যে মন্তব্য করা হয়েছে তা নীতিতি না থাকাই শ্রেয়; এর পরিবর্তে বলা যেতে পারে যে, প্রকৃত ভোক্তা অধিকার সুরক্ষায় এই নীতি সংশ্লিষ্ট আইনের সাথে একসাথে কাজ করবে।
১৩.	১ম অধ্যায়, পয়েন্ট ২৮ .... খসড়া নীতিটির মূল অংশগুলি হচ্ছে: কারিগরি প্রতিষ্ঠানগুলি শক্তিশালীকরণ যাতে সেগুলি স্বয়ং-সম্পূর্ণভাবে টিকে থাকতে সমর্থ হয়, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সৃষ্ট দক্ষ ব্যক্তিদের সমন্বয়ে সংগঠিত চক্রের বিস্তার ঘটানো..........	এখানে খসড়া নীতিটির মূল অংশগুলি হচ্ছে: কারিগরি প্রতিষ্ঠানগুলি শক্তিশালীকরণ যাতে সেগুলি স্বয়ং-সম্পূর্ণভাবে টিকে থাকতে সমর্থ হয়, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সরকারি ও বেসরকারি খাতের দক্ষ ব্যক্তিদের সমন্বয়ে সংগঠিত টিমের বিস্তার ঘটানো মর্মে সংশোধন ও সংযোজন করা যেতে পারে।
১৪.	১ম অধ্যায়, পয়েন্ট ২৯ একটি উন্নত জাতীয় টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তোলার লক্ষ্য নিয়ে ১৯৯৮ সনে জাতীয় টেলিযোগাযোগ নীতি গ্রহণ করা হয়।	একটি উন্নত জাতীয় টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তোলার লক্ষ্য নিয়ে ১৯৯৮ সনে জাতীয় টেলিযোগাযোগ নীতি প্রণয়ন করা হয় মর্মে সংশোধন করা যেতে পারে।
১৫.	২য় অধ্যায়, পয়েন্ট ৩২	এ পয়েন্ট-এ "বেসরকারি খাতকে এ খাতে বিনিয়োগে আগ্রহী করে তোলার জন্য প্রয়োজনীয় প্রণোদনা প্রদান করা হবে" মর্মে উল্লেখ করা যেতে পারে।
১৬.	২য় অধ্যায়, পয়েন্ট ৪১ সুতরাং বাংলাদেশে বিদ্যমান আইনী ও প্রাতিষ্ঠানিক....... নিয়ন্ত্রণ চালু করা প্রয়োজন।	এ ব্যাপারে সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা থাকা দরকার বলে আমরা মনে করি।
১৭.	২য় অধ্যায়, পয়েন্ট ৪২	এখানে উল্লেখিত প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের মাঝে সু-সমন্বয় নিশ্চিত করার যথাযথ উদ্যোগ নেয়া হবে মর্মে উল্লেখ থাকতে পারে।
১৮.	৩য় অধ্যায়, পয়েন্ট ৪২ .... ইস্যুটি এই নীতির সেই জায়গায় আলোচনা করা হয়েছে যেখানে NQI এবং SPS খাতের মধ্যে গুরুত্বপূর্ণ আন্ত সম্পর্ক কারন NQI TBT ও SPS দুই খাতকেই সমান সেবা দিয়ে থাকে।	"ইস্যুটি এই নীতির সেই জায়গায় আলোচনা করা হয়েছে যেখানে NQI এবং SPS খাতের মধ্যে গুরুত্বপূর্ণ আন্তঃ সম্পর্ক রয়েছে কারণ NQI TBT ও SPS দুই খাতকেই সমান সেবা দিয়ে থাকে" মর্মে সংশোধন করা যেতে পারে।

১৯.	৩য় অধ্যায়, পয়েন্ট ৪৬ .... এই বিধিমালা ডব্লিউটিও-টিবিটি চুক্তির সকল শর্ত পূরণ করবে, ফলে বাংলাদেশের শীর্ষস্থানীয় বাণিজ্য অংশীদারদের নিকট এটি গ্রহণযোগ্য হবে...... ।	এখানে বিধিমালা এর পরিবর্তে নীতিমালা লেখা যেতে পারে।
২০.	৪র্থ অধ্যায়, পয়েন্ট ৫৯	এ পয়েন্ট এর শেষে উল্লেখিত অন্তর্ভূক্তি এর পরিবর্তে অন্তর্ভূক্তি লেখা প্রয়োজন।
২১.	৪র্থ অধ্যায়, পয়েন্ট ৬৩ জাতীয় পর্যায়ে মান নির্ধারণের ক্ষেত্রে সরকারের দেখার বিষয় হবে মান প্রণয়নের প্রক্রিয়াটি যেন এ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকল পক্ষের ঐক্যমতের ভিত্তিতে হয়।	জাতীয় পর্যায়ে মান নির্ধারণের ক্ষেত্রে সরকারের দেখার বিষয় হবে মান প্রণয়নের প্রক্রিয়াটি যেন এ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সকল পক্ষের ঐক্যমতের ভিত্তিতে হয় মর্মে সংযোজন করা যেতে পারে।
২২.	৪র্থ অধ্যায়, পয়েন্ট ৬৫ বিএসটিআই এবং এসডিওগুলি বাংলাদেশের জাতীয় মানদন্ড নির্ধারণের লক্ষ্যে সংশ্লিষ্ট কারিগরি কমিটিসমূহ গঠন করবে।	বিএসটিআই এবং এসডিওগুলি বাংলাদেশের জাতীয় মানদন্ড নির্ধারণের লক্ষ্যে সরকারি-বেসরকারি প্রতিনিধিদের সমন্বয়ে সংশ্লিষ্ট কারিগরি কমিটিসমূহ গঠন করবে মর্মে সংযোজন করা যেতে পারে।
২৩.	৪র্থ অধ্যায়, পয়েন্ট ৭১ সরকার সাযুজ্য নিরূপণ সেবাসমূহ, বিশেষত: ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানকে প্রদানের লক্ষ্যে সরকারি খাতে সাযুজ্য নিরূপণ	সরকার সাযুজ্য নিরূপণ সেবাসমূহ, বিশেষত: ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানকে (এসএমই) প্রদানের লক্ষ্যে সরকারি খাতে সাযুজ্য নিরূপণ .... মর্মে সংশোধন করা যেতে পারে।

৫. খসড়া বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন-২০১৩ এর উপর ডিসিসিআই এর মতামত

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা/উপধারা	মতামত/সুপারিশ
১.	ধারা ১ এ নতুন উপধারা (৪) সংযোজন	এই আইন কার্যকর হওয়ার পর থেকে স্বত্বাধিকারীর আবেদনের প্রেক্ষিতে এটা ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে মর্মে নতুন উপধারা (৪) সংযোজন করা যেতে পারে।
২.	ধারা ২	এ ধারায় স্বত্বাধিকারী, ডিজাইনার, নিয়োগকর্তা, নিবন্ধনধারী এগুলোর সংজ্ঞা অন্তর্ভূক্ত করা প্রয়োজন।
৩.	ধারা ৪ এর উপধারা (২) ধারা ৪ এর উপধারা (২) এবং (৫)	---- উহা বিশ্বের যেকোন স্থানে ইন্দ্রিয়গ্রাহ্য আকারে- ---- এখানে "বিশ্বের" শব্দের আগে দেশের ভিতরে এবং শব্দত্রয় সংযোজন করা যেতে পারে। এখানে অগ্রাধিকার তারিখ এবং অগ্রাধিকার মূলক আবেদনের তারিখ বলতে কি বোঝানো হয়েছে তা স্পষ্ট করা দরকার।

৪.	ধারা ৪ এর নতুন উপধারা (৫) সংযোজন	কোন ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন যদি জনস্বার্থ বিরোধী বা নৈতিকতা বিবর্জিত বা কোন ধর্মীয় মূল্যবোধে আঘাতজনক হয় তবে তা নিবন্ধনযোগ্য হবে না মর্মে নতুন উপধারা ৪ (৫) করা যেতে পারে।
৫.	ধারা ৪ এর বিদ্যমান উপধারা (৫)-কে উপধারা (৬)-এ প্রতিস্থাপন	এ ধারায় নতুন উপধারা (৫) সংযোজন করে বিদ্যমান উপধারা (৫)-কে উপধারা (৬)-এ প্রতিস্থাপন করা যেতে পারে।
৬.	ধারা ৫ এর উপধারা (৫)	ধারাটি নিম্নরূপে সাজানো যেতে পারেঃ এই ধারার অধীনে কোন "ডিজাইনার", কোন পারিশ্রমিক পাইবার অধিকারী হইলে তিনি তাহা গ্রহণ করিবেন না মর্মে পূর্বাহ্নে কোনরূপ প্রতিশ্রুতি বা ওয়াদা করিয়া থাকিলে আইনগতঃ উহা কার্যকর হইবে।
৭.	ধারা ৬ এর উপধারা (১)	উপধারা (১) নিম্নরূপে সংশোধন করা যেতে পারে ঃ শিল্প ডিজাইনের প্রকৃত স্বত্ত্বাধিকারী কর্তৃক অথবা যে ক্ষেত্রে দুই বা ততোধিক স্বত্ত্বাধিকারী সে ক্ষেত্রে সকল স্বত্ত্বাধিকারীগণ কর্তৃক যৌথভাবে অথবা অন্য কোনভাবে চুক্তিবদ্ধ হয়ে থাকলে সে মোতাবেক তারা ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন নিবন্ধনের জন্য আবেদন করতে পারবেন। শিল্প ডিজাইন নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে রেজিস্টার বরাবর আবেদন দাখিল করতে হবে এবং উহাতে যা থাকতে হবে সেগুলো হলো ঃ (অ)-------- (আ)------- (ই)--------
৮.	ধারা ৬ এর উপধারা (৩)	"এখানে একটি আবেদনে একটি শিল্প ডিজাইন থাকতে পারবে" মর্মে বলা আছে; কিন্তু একই আবেদনকারীর একের অধিক শিল্প ডিজাইন নিবন্ধনের প্রয়োজন হতে পারে। তাই এর পরিবর্তে একই আবেদনে দুই বা ততোধিক শিল্প ডিজাইন থাকতে পারবে মর্মে উল্লেখ করা যেতে পারে। এতে একই আবেদনকারীকে ভিন্ন ভিন্ন ডিজাইনের জন্য আলাদাভাবে সময় ও অর্থ ব্যয় করতে হবে না।
৯.	ধারা ৬ এর উপধারা (৪)	এখানে "নির্ধারিত এক মাস সময়ের মধ্যে নির্ধারিত ফি সহ লিখিত কোন আপত্তি পাওয়া না গেলে "পরবর্তীতে" নিবন্ধন সনদ জারী করা হবে" মর্মে বলা আছে। "পরবর্তীতে" শব্দের স্থলে "দশ কার্যদিবসের মধ্যে" সংযোজন করা যেতে পারে। "ক্ষেত্রমতে" শব্দের পরিবর্তে কোন এক পক্ষ অনুপস্থিত থাকলে এক পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণের মাধ্যমে বিষয়টি নিস্পত্তি করা হইবে মর্মে সংশোধন করা যেতে পারে। ---- 'প্রকাশনার পর কেহ আপত্তি করিতে চাহিলে আইন ও বিধি অনুযায়ী নিবন্ধন বাতিলের আবেদন করতে পারবেন' মর্মে উল্লেখ আছে কিন্তু বিধিতে কি অন্তর্ভূক্ত করা হবে তা না জেনে মন্তব্য করা যুক্তিযুক্ত হবে না। এ সমস্যা সমাধানের জন্য আইন ও বিধিমালা একই সাথে প্রণয়ন করা একান্ত জরুরী।

১০.	ধারা ৬ এর উপধারা (৫)	এ উপধারাটির শেষাংশে সহ-অংশীদার "হিসাবে" শব্দটির পরিবর্তে "হিসেবে" শব্দ দিয়ে সংশোধন করা যেতে পারে।
১১.	ধারা ৮ (২) (ক)	এখানে আবারো বিধির কথা বলা হয়েছে; অথচ বিধি প্রণীত হয়নি। তাই আইন ও বিধি একসাথে প্রণয়ন করা দরকার।
১২.	ধারা ৮ (২) (খ)	এখানে "যৌক্তিক অনুরোধে রেজিস্ট্রার ঐ সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন" বলে উল্লেখ আছে। এখানে "যৌক্তিক অনুরোধে" বলতে কি বোঝানো হয়েছে তা স্পষ্ট করা প্রয়োজন।
১৩.	ধারা ৯	এ ধারার শিরোনাম সংশোধন করে "নিবন্ধনসূত্রে নিবন্ধনকারীকে প্রদত্ত অধিকারসমূহ" করা যেতে পারে।
১৪.	ধারা ৯ এর উপধারা (২)	এখানে নিবন্ধিত শিল্প ডিজাইন "ব্যবহার" এর সংজ্ঞা দেয়া হয়েছে যা ধারা ২ এ অন্তর্ভূক্ত সংজ্ঞায় সন্নিবেশ করা যেতে পারে।
১৫.	ধারা ১১ এর নতুন উপধারা (৪) সংযোজন	নিম্নোক্তভাবে উপধারা (৪) সংযোজন করা যেতে পারে ঃ নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরেও যদি নিবন্ধনের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করা না হয় বা মেয়াদ বৃদ্ধির জন্য এই ধারানুযায়ী নির্ধারিত ফি পরিশোধ করা না হয়, তাহলে নিবন্ধন মেয়াদোত্তীর্ণ বলে গণ্য হবে এবং নিবন্ধন মেয়াদোত্তীর্ণের বিষয়টি গেজেটে প্রকাশ করা হবে। এ সংক্রান্ত গেজেট প্রকাশের তারিখ হইতে এক বছরের মধ্যে শিল্প ডিজাইনটির স্বত্ত্বাধিকারী মেয়াদোত্তীর্ণ শিল্প ডিজাইনটি পুনর্বহালের জন্য নিম্নোক্ত নিয়মে আবেদন করতে পারবেন ঃ (অ) নির্ধারিত ফরমে ডিজাইন পুনর্বহালের অনুরোধ জমা; (আ) নির্ধারিত সারচার্জ পরিশোধ; (ই) যে অনিবার্য কারণে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনটির নিবন্ধনের মেয়াদ বর্ধিত করতে অসমর্থ হয়েছিল সে কারণ উল্লেখ।
১৬.	ধারা ১১ এর নতুন উপধারা (৫) সংযোজন	যে ক্ষেত্রে রেজিস্ট্রার এ মর্মে সন্তুষ্ট হয় যে স্বত্ত্বাধিকারী কোন দূর্ঘটনা বা ভুলবশতঃ নিবন্ধনের মেয়াদ বর্ধিত করতে অসমর্থ হয়েছেন, তাহলে তিনি ডিজাইনের নিবন্ধন পুনর্বহালের ইচ্ছা প্রকাশ করে গেজেট জারী করতে পারেন।
১৭.	ধারা ১১ এর নতুন উপধারা (৬) সংযোজন	কোন ব্যক্তি যদি ডিজাইন নিবন্ধন পুনর্বহালের বিরোধিতা করেন, তাহলে উক্ত গেজেট প্রকাশের তারিখ হতে দুই মাসের মধ্যে রেজিস্ট্রারের কাছে আবদেন করতে পারবেন, তবে এ ক্ষেত্রে ঐ নোটিশের এক কপি ডিজাইন পুনর্বহালের আবেদনকারীকে প্রেরণ করতে হবে।

১৮.	ধারা ১১ এর নতুন উপধারা (৭) সংযোজন	যদি এই দু'মাসের মধ্যে উপ-ধারা (৬) অনুযায়ী কোন আপত্তি না আসে তাহলে উপ-ধারা (৫) অনুযায়ী রেজিস্ট্রার ঐ ডিজাইনটির নিবন্ধন পুনর্বহালের গেজেট জারী করতে পারবেন।
১৯.	ধারা ১১ এর নতুন উপধারা (৮) সংযোজন	উপ-ধারা (৬) অনুযায়ী কোন ব্যক্তি যদি আপত্তি তুলে রেজিস্ট্রার বরাবর আবেদন করে, তবে রেজিস্ট্রার দুই পক্ষের শুনানীর পর সিদ্ধান্ত নিবেন যে, ডিজাইনটির নিবন্ধন পুনর্বহাল করা যুক্তিযুক্ত হবে কি না।
২০.	ধারা ১১ এর নতুন উপধারা (৯) সংযোজন	রেজিস্ট্রারের সিদ্ধান্তে যদি কোন পক্ষ সংক্ষুব্ধ হন, তাহলে তিনি আদালতে এর বিরুদ্ধে আবেদন করতে পারবেন।
২১.	ধারা ১৫ এর উপধারা (৪)	এখানে "যুক্তিযুক্ত সময়" এর পরিবর্তে সুস্পষ্ট সময় উল্লেখ করা দরকার যা বিধিতে উল্লেখ করা যেতে পারে।
২২.	ধারা ১৫ এর উপধারা (৫)	শুরুতেই "কেসের" এর পরিবর্তে মামলার শব্দটি ব্যবহার করা যুক্তিযুক্ত বলে মনে হয়। ----- বিজ্ঞপ্তি জারীর কুড়ি এর পরে "(২০)" সংযোজন করা যেতে পারে।
২৩.	ধারা ১৭ এর উপধারা (১)	--- অধিকারধারীকে লংঘনজনিত ক্ষতির পর্যাপ্ত এর পরিবর্তে "১০০ শতাংশ শব্দদ্বয় ব্যবহার করা যেতে পারে।
২৪.	ধারা ১৯	এখানে জেলা জজ আদালত লংঘনকারীকে লংঘিত উল্লেখ আছে, বানানটি সংশোধন করে "লংঘিত" লেখা দরকার।
২৫.	ধারা ২৬ (১)	নিবন্ধকের স্বেচ্ছাধীন ক্ষমতার পরিবর্তে তার ক্ষমতা নির্দিষ্ট করে দেয়া দরকার। তাছাড়া স্বেচ্ছাধীন ক্ষমতা বলতে কি বোঝানো হয়েছে, তাও এখানে স্পষ্ট করা দরকার।
২৬.	ধারা ২৭	------ বাংলাদেশে বসবাসকারী কোন ব্যক্তি আবেদনের সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করার জন্য তাহার প্রতিনিধিত্ব করিতে পারিবেন। যতক্ষণ পর্যন্ত ঐ বিদেশী আবেদনকারী স্থানীয় কোন প্রতিনিধি নিয়োগ না দেয়, ততক্ষণ পর্যন্ত রেজিস্ট্রার ঐ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের নিবন্ধন করবে না মর্মে সংশোধন করা যেতে পারে।
২৭.	চতুর্থ অধ্যায়ে ধারা ২৬ এর আগে একটি নতুন ধারা সংযোজন	রেজিষ্ট্রারের ক্ষমতা ঃ (১) রেজিষ্ট্রারকে সর্বময় ক্ষমতা প্রদান না করে তার ক্ষমতাকে নিম্নরূপে নির্ধারিত করে দেয়া যেতে পারেঃ (অ) সমন জারীর ক্ষমতা (আ) স্বাক্ষ্য-প্রমাণ গ্রহণ ও যাচাই করার ক্ষমতা (ই) যেকোন প্রয়োজনীয় ডকুমেন্ট উপস্থাপনের নির্দেশ প্রদান (ঈ) সংক্ষুব্ধ পক্ষের অনুকুলে খরচাদি আরোপ ইত্যাদি। (২) কোন ব্যক্তি কোন আইনগত কারন ব্যতিত সমন জারীর আদেশ পালনে ব্যর্থ হলে সে অপরাধী বলে গণ্য হবে এবং এজন্য তাকে সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অথবা সর্বোচ্চ দুই মাসের বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রাখা যেতে পারে।

২৮.	চতুর্থ অধ্যায়ে নতুন ধারা সংযোজন	(১) রেজিস্ট্রারকে নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন সমূহের একটি রেজিস্ট্রার রক্ষণাবেক্ষণ করা দরকার। রেজিস্টারে যা যা থাকা দরকার ঃ (অ) নিবন্ধিত ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের মালিকের নাম ও ঠিকানা; (আ) আবেদনের তারিখ ও নিবন্ধনের তারিখ; (ই) অন্যান্য দিক যা রেজিস্ট্রার প্রয়োজনীয় মনে করে। (২) রেজিস্ট্রারটি সফট কপি ও হার্ড কপি দুভাবেই রাখা যেতে পারে। রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত ও সিল প্রদত্ত রেজিস্টারের যে কোন এন্ট্রি বা ডকুমেন্টের কপি নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে যে কাউকে প্রদান করা যেতে পারে।
২৯.	সাধারণ মতামত	(১) এ খসড়া আইনে ব্যক্তির নামে শিল্প ডিজাইন নিবন্ধনের ব্যাপারে বলা হয়েছে; কিন্তু কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের নামে শিল্প ডিজাইন নিবন্ধনের বিষয়ে কিছু উল্লেখ করেনি। তাই শিল্প ডিজাইন নিবন্ধনের প্রাতিষ্ঠানিক দিকটি বিবেচনায় আনা যেতে পারে। (২) এ আইনের পাশাপাশি বিধিটিও প্রণয়ন করা একান্ত প্রয়োজন।

৬. শিল্প নীতি-২০১০ সংশোধনের মাধ্যমে যুগোপযোগী করার লক্ষ্যে ডিসিসিআই এর প্রস্তাবসমূহ

ক্রমিক নং	*প্রস্তাব*	*বিদ্যমান অবস্থা*	*যুক্তি*
১.	শিল্প নীতিকে গেজেট আকারে প্রকাশ করে এর আইনগত অবস্থান দৃঢ় করা যেতে পারে।	বর্তমানে শিল্প নীতি গেজেট আকারে প্রকাশ করা নেই।	শিল্প নীতির পরিপূর্ণ বাস্তবায়নের জন্য এ নীতিমালাকে আইনী সমর্থন দিয়ে গেজেট আকারে প্রকাশ করে এর আইনগত অবস্থান দৃঢ় করা যেতে পারে।
২.	শিল্পনীতিতে অনেক প্রতিশ্রুতি রয়েছে যা বাস্তবায়নে অন্যান্য মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/এজেন্সি এর সাথে সমন্বয়ের প্রয়োজন। আর এজন্য একটি কাঠামো প্রতিষ্ঠা করতে হবে।	বিদ্যমান শিল্পনীতির প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে অন্যান্য মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/এজেন্সি এর সাথে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়।	এতে করে শিল্পনীতির প্রতিশ্রুতিসমূহের বাস্তবায়ন অনেকটা সহজ হবে।
৩.	পরিবহন শিল্পের জন্য একটি পৃথক অধ্যায় থাকতে পারে যেখানে এখাত এর প্রতি বিশেষ করে রেল, সড়ক ও নৌপরিবহনে বিরাজমান সমস্যার প্রতি বিশেষ নজর থাকবে। তাছাড়া নৌপথে কন্টেইনার পরিবহণ সুবিধার উপর গুরুত্ব দেয়া উচিত যাতে এটি শিল্প উন্নয়নের ক্ষেত্রে একটি দক্ষ	বিদ্যমান শিল্প নীতিতে পরিবহন শিল্প নিয়ে পৃথক কোন অধ্যায় নেই।	এতে পরিবহন শিল্পের প্রভূত উন্নয়ন নিশ্চিত করা সম্ভব হবে।

	পরিবহন ব্যবস্থা হিসেবে গড়ে উঠতে পারে। নদীর পাশে কন্টেইনার সুবিধা যেমন Inland Container Port (ICP) গড়ে তোলার ক্ষেত্রে বেসরকারী খাতকে উৎসাহিত করা যেতে পারে। একই সাথে PPP মডেলে দক্ষ যোগাযোগ এবং যাতায়ত ব্যবস্থা গড়ে তোলার প্রচেষ্টা নেয়া দরকার। একই সাথে নৌ-পথে চলাচল নিরাপদ করার স্বার্থে নৌ-টহল গার্ড (Internal Riverine Guard) সৃষ্টি করে যাত্রীবাহী নৌযানের নিরাপদ চলাচল নিশ্চিত করার ব্যবস্থা করা যেতে পারে।		
৪.	বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের বিনিয়োগ উৎসাহিত করতে একটি পৃথক অধ্যায় থাকতে পারে যেখানে এনআরবি বিনিয়োগ কৌশল ও বিনিয়োগ খাত সম্পর্কে উল্লেখ থাকবে। এ ব্যাপারে দেশের চেম্বার সমূহের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয় ও দূতাবাস সমূহের যোগাযোগ রাখার ব্যবস্থা রাখা যেতে পারে।	বিদ্যমান শিল্প নীতিতে পরিবহন শিল্প নিয়ে পৃথক কোন অধ্যায় নেই। বিদ্যমান শিল্প নীতিতে এনআরবি বিনিয়োগ কৌশল ও বিনিয়োগ খাত সম্পর্কে পৃথক কোন অধ্যায় নেই।	এতে বিদেশে অবস্থানরত বাংলাদেশীরা বিনিয়োগে উৎসাহিত হবে।
৫.	অধ্যায় ৪ এ উল্লেখিত রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্কার এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রস্তাবগুলো আরো স্বচ্ছ হওয়া প্রয়োজন (ধারা ৪.১ থেকে ৪.৬)। প্রাইভেটাইজেশন কমিশনকে আরো সক্রিয় করা দরকার। শিল্পনীতিতে প্রাইভেটাইজেশন কমিশনের অধীনে বিরাষ্ট্রীয়করণ সম্পর্কিত সুস্পষ্ট কর্মসূচীর উল্লেখ থাকা বাঞ্ছনীয়। বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে বেসরকারিকরণ কমিশনের সাথে দেশের চেম্বারসমূহের প্রাতিষ্ঠানিক যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা প্রয়োজন।	অধ্যায় ৪ এ উল্লেখিত রাষ্ট্রায়ত্ব শিল্প সংস্কার এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রস্তাবগুলো সুস্পষ্টভাবে উল্লেখ করা নেই।	এতে করে প্রাইভেটাইজেশন কমিশনকে আরো সক্রিয় করা সম্ভব হবে।

৬.	ধারা ২.৩৮ শিল্প নীতিতে রুগ্ন শিল্পের সুস্পষ্ট সংজ্ঞা অন্তর্ভূক্ত করা প্রয়োজন।	ধারা ২.৩৮ বিদ্যমান নীতিতে রুগ্ন শিল্পের কোন সুস্পষ্ট সংজ্ঞা দেয়া নেই।	এতে রুগ্ন শিল্প সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা পাওয়া সম্ভব হবে।
৭.	ধারা ২.৩৮ (সংশোধন) কোন শিল্প যাতে রুগ্ন না হয় সে ব্যাপারে মনিটরিং ব্যবস্থা জোরদার করা দরকার। এ লক্ষ্যে একটি রুগ্ন শিল্প কমিশন গঠন করা হবে। যে সকল শিল্প রাজনৈতিক সমস্যা, এনার্জি বা বিদ্যুৎ সংযোগের অভাবে রুগ্ন হয়ে পড়েছে সেগুলো পুনরায় চালুর ব্যবস্থা গ্রহণসহ তাদের ঋণ কোন ডাউন পেমেন্ট ছাড়া পুনঃতফশীলিকরণের সুযোগ দেয়া হবে। জবাবদিহিতাসহ বাস্তব অবস্থা পর্যালোচনান্তে এ সকল শিল্প পুনরুদ্ধারে সরকারি এবং বেসরকারি বিনিয়োগ বিবেচনা করা যেতে পারে।	ধারা ২.৩৮ রুগ্ন শিল্পের সমস্যা থেকে দেশকে পরিত্রাণ পেতে যথাযথ পদক্ষেপ নেয়া হবে। এ লক্ষ্যে রুগ্ন শিল্প আইন প্রণয়নের উদ্যোগ নেয়া হবে। যে সব রুগ্ন শিল্প পূণরায় চালু করার সুযোগ বা সম্ভাবনা নেই, সেগুলো সনাক্ত করা হবে।	রুগ্ন শিল্প কমিশন গঠন করা হলে এ শিল্পের উদ্যোক্তাদের পুনরায় উজ্জীবিত করা সম্ভব হবে।
৮.	ধারা ২.৩৯ (সংশোধন) দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে জাতীয় বাজেটে বিশেষ বরাদ্দের মাধ্যমে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হবে। তবে দেউলিয়াত্বেও জবাবদিহিতা নিরুপণ স্বচ্ছ থাকতে হবে।	ধারা ২.৩৯ দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হবে।	দেউলিয়াত্ব রোধকল্পে এবং কোন কারণে দুরবস্থায় পতিত শিল্প প্রতিষ্ঠান পুনর্বাসনের লক্ষ্যে অগ্রিম পদক্ষেপ গ্রহণে জাতীয় বাজেটে বিশেষ বরাদ্দের মাধ্যমে ব্যাংকিং খাতকে উৎসাহ প্রদান করা হলে তা ফলপ্রসূ হবে।
৯.	ধারা ২.৩৭ (সংশোধন) দেশে ইকো ট্যুরিজম শিল্পের প্রসারে গতি সৃষ্টি করতে সরকার বাংলাদেশ পর্যটন নীতি অনুসরণ করে পর্যটন কর্পোরেশনের মাধ্যমে বিশ্ব ইকোট্যুরিজম মার্কেটিং প্রসারের ক্ষেত্র তৈরী করবে। তাছাড়া, ইকো ট্যুরিজম শিল্পের প্রসারে পিপিপি অনুসরন অগ্রাধিকার পেতে পারে।	ধারা ২.৩৭ (সংশোধন) দেশে ইকো ট্যুরিজম শিল্পের প্রসারে গতি সৃষ্টি করতে সরকার বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মাধ্যমে বিশ্ব ইকোট্যুরিজম মার্কেটিং প্রসারের ক্ষেত্র তৈরি করবে ।	ইকো ট্যুরিজম শিল্পের প্রসারে বাংলাদেশ পর্যটন নীতি অনুসরণ করা দরকার।

১০.	ধারা ২.৪৫ বস্ত্রখাতের সরকারি মালিকানাধীন বস্ত্রকলগুলোর পরিচালনা পদ্ধতির মৌলিক সংস্কার কাজ কোন কর্তৃপক্ষ করবে তা সুস্পষ্ট করে উল্লেখ করা যেতে পারে। বস্ত্র কলগুলোর পরিচালনা পদ্ধতির সংস্কারে মালিক-শ্রমিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে শ্রমিকদের প্রাতিষ্ঠানিক অংশগ্রহণ বিবেচনা করা যেতে পারে।	ধারা ২.৪৫ বস্ত্রখাতের সরকারি মালিকানাধীন বস্ত্রকলগুলোর পরিচালনা পদ্ধতির মৌলিক সংস্কার করে বস্ত্রকলগুলো চালু রাখার ব্যবস্থা করা হবে। এই ক্ষেত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।	এতে অস্পষ্টতা হ্রাস পাবে।
১১.	অধ্যায়-৩ ঃ সংজ্ঞা ও শ্রেণী বিণ্যাস ঃ শিল্পনীতিতে ৯ (নয়) ধরনের শিল্পের সংজ্ঞা দেয়া হয়েছে। প্রতিটি ক্ষেত্রে কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড সেই ক্যাটাগরির অন্তর্ভূক্ত হলেও আর একটি ক্যাটাগরিতে উর্ধ্বতন ক্যাটাগরির সমপর্যায়ভূক্ত হলে তাকে উর্ধ্বতন ক্যাটাগরির অন্তর্ভূক্ত করা হবে শিল্পনীতিতে এমন বিধান রাখা হয়েছে। এ ধরনের সংজ্ঞা শিল্পের শ্রেণী বিন্যাসের ক্ষেত্রে ভুল বোঝা বুঝি সৃষ্টি করতে পারে। কাজেই এ সব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্পকে উচ্চতর শ্রেণীতে অন্তর্ভূক্ত না করে নিম্নতর শ্রেণীতে অন্তর্ভূক্ত বলে গণ্য করা যেতে পারে। এ ক্ষেত্রে সার্বিকভাবে সংশ্লিষ্ট শিল্পের অবদান বিবেচনায় ক্যাটাগরীভূক্ত করার বিধান করা যেতে পারে।	শিল্পনীতিতে ৯ (নয়) ধরনের শিল্পের সংজ্ঞা দেয়া হয়েছে, সেগুলো হলো ঃ বৃহৎ, মাঝারী, ক্ষুদ্র, মাইক্রো, কুটির, হাইটেক, সংরতি, অগ্রাধিকার এবং নিয়ন্ত্রিত শিল্প। প্রতিটি ক্ষেত্রে কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড সেই ক্যাটাগরির অন্তর্ভূক্ত হলেও আর একটি ক্যাটাগরিতে উর্ধ্বতন ক্যাটাগরির সমপর্যায় ভূক্ত হলে তাকে উর্ধ্বতন ক্যাটাগরির অন্তর্ভূক্ত করা হবে শিল্পনীতিতে এমন বিধান রাখা হয়েছে।	এতে অস্পষ্টতা দূর হবে।
১২.	বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এসএমই ফাউন্ডেশন, এনবিআর এ সকল ক্ষেত্রে শিল্পের একই সংজ্ঞা ব্যবহার করা প্রয়োজন।	বর্তমানে বিভিন্নভাবে শিল্পের সংজ্ঞা ব্যবহৃত হচ্ছে।	শিল্পের একটি স্বতন্ত্র সংজ্ঞা থাকলে তার বিধান বাস্তবায়ন সহজ হবে।

১৩.	ধারা ২.৪১ (সংযোজন) চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুণরায় লাভজনক করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। দেশীয় এ শিল্পকে পরিবেশ-বান্ধব দেশজ উৎপাদের প্রধানতম কাচামাল এবং বিশ্বে রপ্তানী বৃদ্ধির হাতিয়ার হিসেবে পৃষ্ঠপোষকতা দিতে হবে।	ধারা ২.৪১ চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুণরায় লাভজনক করার প্রচেষ্টা নেয়া হবে।	চালু সরকারি পাটকলগুলোর অতীতের অব্যবস্থাপনা দূরীভূত করে সংস্কার কার্যক্রম এর মাধ্যমে পুণরায় লাভজনক করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হলে উদ্যোক্তারা উৎসাহিত হবেন।
১৪.	ধারা ৩.১০.৪ অগ্রাধিকারপ্রাপ্ত শিল্পসমূহের তালিকা রপ্তানী নীতির সাথে সঙ্গতিপূর্ণ হওয়া উচিৎ।	অগ্রাধিকারপ্রাপ্ত শিল্পসমূহের তালিকা পরিশিষ্ট-২ এ পরিবেশিত হয়েছে।	এতে আলাদা দুই নীতির সাথে সামঞ্জস্য থাকবে।
১৫.	ধারা ৩.১১.১ নিয়ন্ত্রিত শিল্পঃ অন্যান্য মন্ত্রণালয়/ কমিশন হতে অনুমোদন/অনাপত্তিপত্র ইত্যাদি গ্রহণ সংক্রান্ত জটিলতা পরিহার করা উচিৎ এবং বাস্তবায়ন প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছ হওয়া উচিত।	প্রাকৃতিক/খনিজ সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত কল্পে, দেশের স্বার্থে সেবামূলক/বিনোদনমূলক কিছু শিল্প স্থাপনের বিষয়ে সরকারের যথাযথ সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণকল্পে এবং জাতীয় নিরাপত্তা ও সংস্কৃতির প্রতি হুমকির কারণ হতে পারে বা অর্থনীতি তিগ্রস্ত হতে পারে এমন সকল শিল্প সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/ কমিশনের (যেমন: সংস্কৃতি/ধর্ম মন্ত্রণালয়, বিটিআরসি ইত্যাদি) অনুমোদন/অনাপত্তি গ্রহণ সাপেক্ষে বেসরকারি খাতে স্থাপন করা যাবে।	অযথা হয়রানি দূর করা গেলে বেসরকারি খাত দেশের উন্নয়নে অংশগ্রহণে আরো বেশি উৎসাহিত হবে।
১৬.	অধ্যায় -৪ (সংযোজন) .... এছাড়া ক্ষেত্র বিশেষে শেয়ার অফলোডের মাধ্যমে কোম্পানী আইন ১৯৯৪-এর আওতায় বা নতুন কোন কোম্পানী আইন প্রণিত হলে তার আওতায় অথবা অন্য কোন আইনী প্রক্রিয়ায় সরকারি ও দেশি-বিদেশি বেসরকারি অংশীদারিত্বে লিমিটেড কোম্পানীতে রূপান্তরর বিষয়টিও সরকার বিবেচনা করবে।	অধ্যায় -৪ ধারা ৪.৩ রাষ্ট্রায়ত্ত শিল্পে ব্যবস্থাপনা উন্নয়নের জন্য সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালাবে এবং এই সব শিল্প খাতের প্রতিযোগিতামূলক মতা সৃষ্টির উদ্দেশ্যে প্রযুক্তি বা ব্যবস্থাপনা উন্নয়নে চুক্তিভিত্তিক সহযোগিতা প্রদানে দেশি বা বিদেশি সহযোগী বা বিনিয়োগকারীকে আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া ক্ষেত্র বিশেষে শেয়ার অফলোডের মাধ্যমে কোম্পানী আইন ১৯৯৪-এর আওতায় অথবা অন্য কোন আইনী প্রক্রিয়ায় সরকারি ও দেশি-বিদেশি বেসরকারি অংশীদারিত্বে লিমিটেড কোম্পানীতে রূপান্তরর বিষয়টিও সরকার বিবেচনা করবে।	নতুন কোম্পানী আইন প্রণীত হচ্ছে যা এ নীতিতে অন্তর্ভূক্ত থাকা প্রয়োজন।

১৭.	ধারা ৫.১ পরিশিষ্ট-৫ এ প্রদর্শিত উন্নত ও অনগ্রসর এলাকার তালিকাটি পুনরায় বিবেচনা করা যেতে পারে। কারণ সময়ের সাথে সাথে পরিস্থিতি অনেক পরিবর্তন হয়েছে।	ধারা ৫.১ দেশে সুষম উন্নয়ন নিশ্চিত করতে আমদানীকৃত মূলধনী যন্ত্রপাতির উপর শুল্ককর সুবিধার জন্য এলাকা বিভাজন তথা উন্নত ও অনগ্রসর এলাকার একটি তালিকা থাকবে (পরিশিষ্ট-৫) এবং সেই অনুযায়ী প্রনোদনা প্যাকেজ থাকবে।	পরিশিষ্ট-৫ এ প্রদর্শিত উন্নত ও অনগ্রসর এলাকার তালিকাটি পুনরায় বিবেচনা করা যেতে পারে। কারণ সময়ের সাথে সাথে পরিস্থিতি অনেক পরিবর্তন হয়েছে।
১৮.	ধারা ৫.২ জাতীয় সংসদে পাশ হওয়া অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী দেশের বিভিন্ন অঞ্চলে দ্রুত অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার তাগিদ শিল্প নীতিতে থাকা দরকার।	৫.২ শিল্পায়নে সবচেয়ে পশ্চাৎপদ ও অনুন্নত দেশের উত্তরাঞ্চলের জেলা সমূহে (বৃহত্তর রংপুর, দিনাজপুর, রাজশাহী) শিল্প স্থাপনে ব্যাপক অবকাঠামোগত সুবিধা সৃষ্টিসহ প্রণোদনার ব্যবস্থা করা হবে। এসব এলাকায় অর্থনৈতিক অঞ্চল স্থাপন করা হবে।	
১৯.	ধারা ৫.৪ (২) যেহেতু এ উপ-ধারাটি প্রতি বছর জাতীয় বাজেটে প্রকাশিত অর্থ বিল এর সাথে সরাসরি সম্পৃক্ত, তাই এক্ষেত্রে "প্রতি বছর জাতীয় বাজেটে প্রকাশিত অর্থ বিল অনুযায়ী পরিবর্তন হতে পারে" মর্মে সংশোধন করা দরকার	ধারা ৫.৪ (২) (২) এলাকা ভেদে বিদ্যমান কর অবকাশ সুবিধা নির্দিষ্ট সময়ের জন্য অব্যাহত রাখার উদ্যোগ নেয়া হবে; ৩০/০৬/২০১১ সালের মধ্যে বাণিজ্যিক উৎপাদনে যাবে এরূপ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নরূপ কর অবকাশ সুবিধা রয়েছে ঃ (ক) তিন পার্বত্য জেলা ব্যতীত ঢাকা ও চট্টগ্রাম বিভাগে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম দু'বছর আয়ের ১০০% ভাগ, পরবর্তী দু'বছর ৫০% ও শেষ (৫ম) বছর ২৫% ভাগ কর অবকাশ। (খ) রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও রংপুর বিভাগ এবং তিন পার্বত্য জেলায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠাগুলোর জন্য ৭ (সাত) বছর মেয়াদী কর অবকাশের মধ্যে প্রথম তিন বছর কর অবকাশের হার ১০০%, পরবর্তী ৩ বছর ৫০% ও শেষ বছরে (৭ম বছর) ২৫%।	

২০.	ধারা ৫.৬ (সংশোধন) স্থানীয় ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের চাহিদার দিকটি মাথায় রেখে সরকার (৫) ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামোর ব্যবস্থা করেছে।	স্থানীয় ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের চাহিদার দিকটি মাথায় রেখে সরকার ৪ ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামোর ব্যবস্থা করেছে। ভবিষ্যতেও শুল্ক কর কাঠামো প্রণয়নকালে সরকার এই দিকটি বিবেচনায় রেখে বিশেষ শুল্ক সুবিধা প্রদানের বিষয়ে যথাযথ পদপে গ্রহণ করবে।	বর্তমানে ৫ ধাপ বিশিষ্ট আমদানি শুল্ক কাঠামো বিদ্যমান আছে, তাই এখানে সংশোধন প্রয়োজন।
২১.	ধারা ৫.৭ স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদির আমদানির উপর শুল্ক ও কর এবং আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও করের বৈষম্য এমনভাবে নির্ধারন করা যেতে পারে যাতে তা স্থানীয় শিল্প সহায়ক হয়।	ধারা ৫.৭ স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদি আমদানির উপর আরোপিত শুল্ক ও কর হার এসব দ্রব্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও কর হার থেকে বেশি হবে।	স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্যাদির আমদানির উপর শুল্ক ও কর এবং আমদানিকৃত কাঁচামালের উপর আরোপিত শুল্ক ও করের বৈষম্য এমনভাবে নির্ধারন করা দরকার যাতে তা স্থানীয় শিল্প সহায়ক হয়।
২২.	ধারা ৫.৭ (গ) শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহৃত ইন্টারনেট সার্ভিস আইসিটি নীতি অনুযায়ী সকল প্রকার শুল্ক ও কর হতে অব্যাহতি প্রাপ্ত হবে; এ বিষয়টি উল্লেখ থাকা দরকার।	ধারা ৫.৭ (গ) শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহৃত ইন্টারনেট সার্ভিস-এর ক্ষেত্রে প্রণোদনা হিসেবে শুল্ক রেয়াতি সুবিধা ব্যবস্থা নেয়া হবে;	এতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আইসিটি সম্পর্কে আধুনিক শিক্ষা প্রদানে উৎসাহিত হবে এবং সরকারের ডিজিটাল বাংলাদেশ তৈরির কাজও বেগবান হবে।
২৩.	ধারা ৫.৭ (ঘ) ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান প্ল্যান্ট, মেশিনারিজ ও ইকুইপমেন্ট এর উপর কর অব্যাহতি এবং বিনিয়োগকৃত মূলধনের সীমাঃ এ বিষয় শিল্পনীতিতে নির্দিষ্টভাবে উল্লেখ না করে জাতীয় বাজেটে ঘোষিত এবং পরবর্তীতে অর্থ বিল-এ অন্তর্ভূক্ত বিধান অনুযায়ী এ সব সুবিধা প্রাপ্য হবে শিল্পনীতিতে এভাবে উল্লেখ করা যেতে পারে। কারণ এ সুবিধাগুলো প্রতি বছরই কিছু না কিছু পরিবর্তিত হয়।	ধারা ৫.৭ (ঘ) ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান কর অব্যাহতির সুবিধা অব্যাহত থাকবে। কুটির শিল্পের সুবিধা গ্রহণের জন্য প্ল্যান্ট, মেশিনারিজ ও ইকুইপমেন্টে বিনিয়োগকবৃত বর্তমান মূলধন পনের লক্ষ টাকা থেকে ৬৭ শতাংশ বৃদ্ধি করে অনধিক পঁচিশ লক্ষ টাকায় সম্প্রসারণ করা হবে। একই সাথে কুটির শিল্পের সুবিধা ভোগী প্রতিষ্ঠান কর্তৃক অপর কোন মুসক নিবন্ধিত স্থানীয় উৎপাদকের ব্রান্ড পণ্য সাব-কন্ট্রাক্টিং এর মাধ্যমে উৎপাদন বারিত করা সংক্রান্ত বিদ্যমান শর্ত বিলুপ্ত হবে। উপরোক্ত, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কাঙ্খিত বিকাশ নিশ্চিত করতে মুসকের বার্ষিক টার্ণওভারের সীমা ৪০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ৬০ লক্ষ টাকায় সম্প্রসারণ করা হবে;	যেহেতু প্রতি বছরই এ সুবিধাগুলো কিছু না কিছু পরিবর্তিত হয় তাই এভাবে সংশোধন করা যেতে পারে।

২৪.	ধারা ৫.১০ প্রাথমিক সাধারণ শেয়ারের ক্ষেত্রে অনাবাসী বাংলাদেশিদের জন্য সংরক্ষিত অংশ বর্তমানের ১০% থেকে বৃদ্ধি করে ১৫% করা যেতে	ধারা ৫.১০ অনাবাসীরা বাংলাদেশি কোম্পানিগুলোর নতুন ছাড়কৃত শেয়ার/ডিবেঞ্চার ক্রয় করতে পারবে। প্রাথমিক সাধারণ শেয়ারের ক্ষেত্রে অনাবাসী বাংলাদেশিদের জন্য ১০% শেয়ার সংরক্ষিত থাকবে।	এতে অনাবাসীরা বাংলাদেশি কোম্পানিগুলো এদেশে শেয়ার বাজারে বিনিয়োগে এগিয়ে আসবে।
২৫.	ধারা ৫.১৫ (সংশোধন) ২০১২ সালের জুন পর্যন্ত যে সব বেসরকারি বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান উৎপাদন শুরু করবে........ যেহেতু ২০১২ সাল শেষ হয়ে গেছে সেহেতু এখানে সংশোধন দরকার।	২০১২ সালের জুন পর্যন্ত যে সব বেসরকারি বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান উৎপাদন শুরু করবে সে সব বিদ্যুৎ উৎপাদন কোম্পানিগুলোর আয়ের উপর থেকে উৎপাদনের দিন হতে ১৫ বছর পর্যন্ত কর অব্যাহতির সুযোগ থাকবে;	যেহেতু ২০১২ সাল শেষ হয়ে গেছে সেহেতু এখানে সংশোধন দরকার।
২৬.	ধারা ৫.১৬ (সংশোধন) এ ব্যাপারে শিল্প নীতিতে নির্দিষ্টভাবে উল্লেখ না করে জাতীয় বাজেট এবং অর্থ বিল অনুযায়ী সুবিধা প্রদত্ত হবে মর্মে সংশোধন করা যেতে পারে।	ধারা ৫.১৬ স্টক এক্সচেঞ্জে নিবন্ধীকৃত পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার হস্তান্তরের মাধ্যমে প্রাপ্ত মূলধন লাভের উপর থেকে বিশেষ ক্ষেত্রে কর অব্যাহতি।	যেহেতু এ সুবিধা জাতীয় বাজেটের মাধ্যমে পরিবর্তিত হয় তাই এভাবে সংশোধন করা যেতে পারে।
২৭.	ধারা ৫.২১ (সংযোজন) নারী উদ্যোক্তাদের জন্য প্রস্তাবিত উদ্যোগের সম্ভাব্যতা যাচাই করে বিদ্যমান ইপিজেড এবং প্রস্তাবিত বিশেষ অর্থনৈতিক অঞ্চল-এ চাহিদা মূল্যায়ণপূর্বক কোটা সংরক্ষণের বিশেষ ব্যবস্থা নেয়া হবে তবে এগুলো অব্যবহৃত থেকে গেলে নির্দিষ্ট সময়ের পর যে কোন উদ্যোক্তা ব্যবহার করতে পারবে এমন ব্যবস্থা করা যেতে পারে।	ধারা ৫.২১ নারী উদ্যোক্তাদের জন্য প্রস্তাবিত উদ্যোগের সম্ভাব্যতা যাচাই করে বিদ্যমান ইপিজেড-এ চাহিদা মূল্যায়ণপূর্বক কোটা সংরক্ষণের বিশেষ ব্যবস্থা নেয়া হবে।	যে সকল বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠিত হতে যাচ্ছে সেখানেও নারী উদ্যোক্তাদের জন্য এ উদ্যোগ থাকা দরকার।
২৮.	ধারা ৬.১ (সংযোজন) .... গ্রামবাংলার ঐতিহ্যের ধারক বিসিক কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখাসহ এর সার্বিক কার্যক্রমকে আরো শক্তিশালী করা হবে এবং মাইক্রো শিল্পের ক্রম বিকাশকে ত্বরান্বিত করা হবে এবং বেসরকারি খাতকে এ কার্যক্রমে অংশগ্রহণে ব্যাপকভাবে উৎসাহিত করা হবে। এক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও টেকনোলজি প্রসারে বিশেষ গুরুত্ব দেয়া হবে।	............উক্ত পৃথক নীতি কৌশলে ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান বিষয়ে সরকার কর্তৃক গৃহীত নীতির বিস্তারিত উল্লেখ থাকবে। গ্রামবাংলার ঐতিহ্যের ধারক বিসিক কর্তৃক পরিচালিত ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখাসহ এর সার্বিক কার্যক্রমকে আরো শক্তিশালী করা হবে এবং মাইক্রো শিল্পের ক্রম বিকাশকে ত্বরান্বিত করা হবে। এক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও টেকনোলজি প্রসারে বিশেষ গুরুত্ব দেয়া হবে।	এতে বেসরকারি খাতে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান গড়ে উঠবে।

২৯.	ধারা ৬.৩ (১২) (সংযোজন) (ক) রপ্তানি পণ্য ও রপ্তানি বাজার বহুমুখীকরণ।	ধারা ৬.৩ (১২) (গ) রপ্তানি বহুমুখীকরণ।	রপ্তানি বহুমুখীকরণ বলতে রপ্তানি পণ্য ও রপ্তানি বাজার উভয়কেই বুঝায় তাই এটা সংযোজন করা যেতে পারে।
৩০.	অধ্যায় ৭ এখানে জাতীয় সংসদে পাশ হওয়া অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ এর রেফারেন্স দেওয়া যেতে পারে।	বিদ্যমান নীতিতে অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ সম্পর্কে কিছু অন্তর্ভূক্ত হয়নি।	নতুন পাশকৃত আইন সম্পর্কে শিল্প নীতিতে উল্লেখ থাকা দরকার।
৩১.	ধারা ৭.৬ ইতোমধ্যে যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ পাশ হয়ে গেছে তাই এ ধারার প্রথম বাক্যটি বাদ দেয়া যেতে পারে।	ধারা ৭.৬ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিষয়ে সরকার একটি বিশেষ আইন তৈরি করবে। অর্থনৈতিক অঞ্চলে সকল ধরনের প্রক্রিয়াকরণ এলাকার সংমিশ্রণ থাকবে যেমন বিভিন্ন ধরনের প্রণোদনা …………	
৩২.	ধারা ৮.২ (সংশোধন) বাংলাদেশ শ্রম আইন (সংশোধন) ২০১৩ অনুযায়ী মজুরী বোর্ড এর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের জন্য সেক্টরভিত্তিক ন্যুনতম মজুরী নির্ধারণ করার ব্যাপারে এখানে উল্লেখ করা যেতে পারে।	ধারা ৮.২ শ্রমিকদের জন্য ন্যুনতম মজুরী নির্ধারণের উদ্দেশ্যে বাংলাদেশ শ্রম আইন আইন ২০০৬-এর আওতায় শিল্প প্রতিষ্ঠানের জন্য সেক্টরভিত্তিক ন্যূনতম মজুরী বোর্ড গঠন করা হবে। তা হলে একদিকে শ্রমিকদের উন্নত জীবনমান নিশ্চিত হবে, অন্যদিকে শ্রমিকদের উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি পারে।	এতে করে একদিকে শ্রমিকদের উন্নত জীবনমান নিশ্চিত হবে, অন্যদিকে শ্রমিকদের উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি পারে।
৩৩.	ধারা ১০.৩ (ঘ) প্রচ্ছন্ন রপ্তানিকারকের (deemed exporters) সংজ্ঞা অন্তর্ভূক্ত করা যেতে পারে। (ঘ) এ অনুচ্ছেদটিতে উল্লেখিত সাল সংশোধন করা যেতে পারে।	(গ) পশ্চাৎ সংযোগ নিশ্চিত করার লক্ষ্যে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পসহ অন্যান্য স্থানীয় কাঁচামাল ব্যবহারকারী রপ্তানিমুখী শিল্পকে পূর্বনির্ধারিত হারে সুযোগ-সুবিধা প্রদান করা হবে। রপ্তানিমুখী শিল্পে স্থানীয় প্রচ্ছন্ন রপ্তানিকারকগণকে (deemed exporters) অনুরূপ সুবিধা প্রদান করা হবে। (ঘ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধান মোতাবেক কর অবকাশ সুবিধা অথবা অন্য কোন প্রকার কর রেয়াত সুবিধা ভোগ করছে না এবং বাংলাদেশে নিবন্ধিত নয় এরূপ কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে রপ্তানি হতে প্রাপ্ত আয়ের ৫০ ভাগ করমুক্ত। এছাড়া একই অধ্যাদেশের বিধানমতে হস্তশিল্পজাত পণ্য রপ্তানি হতে জুলাই ১, ২০০৮ থেকে জুন ৩০, ২০১১ এর মধ্যে প্রাপ্ত আয় করমুক্ত।	এতে করে একদিকে শ্রমিকদের উন্নত জীবনমান নিশ্চিত হবে, অন্যদিকে শ্রমিকদের উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি পারে।

৩৪.	ধারা ১০.৬ (১) নীতি থেকে বাদ দেয়া যেতে পারে।	প্রস্তাবিত পণ্য নিউ পার্টনারশীপ ফর ডেভেলপমেন্ট এ্যাক্ট ২০০৭ এর আওতায় যুক্তরাষ্ট্রের বাজারে শুল্কমুক্ত প্রবেশ সুবিধা পেতে পারে এমন পণ্যের তালিকায় দেশের প্রধান রপ্তানি পণ্যসমূহকে অন্তর্ভুক্তকরণের জন্য যুক্তরাষ্ট্রের সাথে দর কষাকষি করা হবে। এ এ্যাক্টের সাথে কমপ্লাই করার লক্ষ্যে ব্যক্তিখাতকে তাদের রপ্তানি ভিত্তি বহুমূখী করার জন্য উৎসাহিত করা হবে এবং কারখানা পর্যায়ে কাজের আদর্শমান বা মানদন্ড প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় পদপে নেয়া হবে।	
৩৫.	ইপিজেড/এসইজেড এর জন্য নীতিতে একটি পৃথক অধ্যায় সংযুক্ত হতে পারে।	বিদ্যমান নীতিতে ইপিজেড/এসইজেড এর জন্য আলাদাভাবে কিছু বলা নেই।	
৩৬.	ধারা ১১.৫ এখানে নির্দিষ্টভাবে পরিমান উল্লেখ না করে "সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন আর্থিক ও অনার্থিক প্রণোদনা যাচাই বাছাই করে প্রয়োজনে সংশোধন ও সংযোজন করা হবে" মর্মে উল্লেখ থাকতে পারে।	কোন বিদেশি বিনিয়োগকারী ৫ লক্ষ মার্কিন ডলার বিনিয়োগ করলে বা ১০ লক্ষ মার্কিন ডলার কোন স্বীকৃত আর্থিক প্রতিষ্ঠানে ট্রান্সফার করলে বাংলাদেশের নাগরিকত্ব পাওয়ার জন্য বিবেচিত হবে। বিদেশি বিনিয়োগকারীকে স্থায়ী রেসিডেন্টশীপ দেয়ার ক্ষেত্রে বিদ্যমান আইনে ন্যূনতম ৭৫,০০০ মার্কিন ডলার বিনিয়োগ-এর যে শর্ত রয়েছে, তা বাড়িয়ে ন্যূনতম ১০০,০০০ মার্কিন ডলার করা হবে।	
৩৭.	ধারা ১১.৯ (সংযোজন) বিদেশী দক্ষ কর্মী নিয়োগের বিষয়ে বিনিয়োগ বোর্ড, বেজা এবং বেপজা যৌথভাবে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করবে। এছাড়া বাংলাদেশে কোন ভারী শিল্পে কিংবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ৫ (পাঁচ) মিলিয়ন (পঞ্চাশ লাখ) মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এরূপ ক্ষেত্রে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড, বেজা /বেপজা কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে বিদেশি বিনিয়োগকারী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক প্রদেয় "No Visa Required (NVR)" সুবিধা পাবেন।	ধারা ১১.৯ বিদেশী দক্ষ কর্মী নিয়োগের বিষয়ে বিনিয়োগ বোর্ড এবং বেপজা যৌথভাবে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করবে। এছাড়া বাংলাদেশে কোন ভারী শিল্পে কিংবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায়ে কমপক্ষে ৫ (পাঁচ) মিলিয়ন (পঞ্চাশ লাখ) মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এরূপ ক্ষেত্রে বিনিয়োগ অব্যাহত আছে মর্মে বিনিয়োগ বোর্ড/বেপজা কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে বিদেশি বিনিয়োগকারী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক প্রদেয় "No Visa Required (NVR)" সুবিধা পাবেন।	যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) গঠিত হয়েছে তাই নতুন নীতিতে এ বিষয়ে উল্লেখ থাকা প্রয়োজন।

৩৮.	ধারা ১১.১৩ এখানে ...... বিনিয়োগ বোর্ড, বেপজা (BEPZA), বেজা (Bangladesh Economic Zones Authority-BEZA) এবং ইপিবি (EPB) এক যোগে কাজ করে যাবে মর্মে উল্লেখ থাকা দরকার।	প্রত্য বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে বিনিয়োগ বোর্ড ব্যক্তিখাত, বাংলাদেশ দূতাবাস বা মিশনসমূহ ও অন্যান্য সরকারি এজেন্সীর সাথে একযোগে কাজ করবে। বাংলাদেশে বিদেশি বিনিয়োগ প্রসারের জন্য বিনিয়োগ বোর্ড, বেপজা (BEPZA) এবং ইপিবি (EPB) এক যোগে কাজ করে যাবে।	যেহেতু অর্থনৈতিক অঞ্চল আইন-২০১০ অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) গঠিত হয়েছে তাই নতুন নীতিতে এ বিষয়ে উল্লেখ থাকা প্রয়োজন।
৩৯.	অধ্যায়-১৩, ধারা ১৩.৫ (সংশোধন) পরিবেশসম্মত ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়া অনুসরণ, ম্যানুফ্যাকচারিং বর্জ্য ও ক্ষতিকর পদার্থ অপসারণের বিষয়ে বাংলাদেশ শ্রম আইন (সংশোধন) ২০১৩ এর সংশ্লিষ্ট বিধানাবলী ও আন্তর্জাতিকভাবে গৃহীত মানদন্ড মেনে .... হবে। অধ্যায়-১৩, ধারা ১৩.৭ এখানে উল্লেখিত প্যাকেজ প্রণোদনার একটি তালিকা অন্তর্ভূক্ত করা যেতে পারে।	পরিবেশসম্মত ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়া অনুসরণ, ম্যানুফ্যাকচারিং বর্জ্য ও তিকর পদার্থ অপসারণের বিষয়ে বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর সংশ্লিষ্ট বিধানাবলী ও আন্তর্জাতিকভাবে গৃহীত মানদন্ড মেনে চলা, জমি ও পানি সম্পদ সংরণের ক্ষেত্রে ইতিবাচক প্রচেষ্টা নেয়া, পরিবেশকে সবুজায়ন করা ইত্যাদি বিষয়ে ক্ষুদ্র, মাঝারি ও অন্যান্য বৃহৎ আকারের শিল্প প্রতিষ্ঠানকে কর ও শুল্ক রেয়াত ইতিবাচক আকারে প্রণোদনা প্রদান করা হবে। উন্নত দেশগুলো থেকে উন্নয়নশীল দেশে জলবায়ু-বান্ধব প্রযুক্তির হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে যেসব কোম্পানি পরিবেশ-বান্ধব প্রকল্পে বিশেষ করে সরকারি ও বেসরকারি খাতের অংশীদারিত্বে প্রতিষ্ঠিতব্য বড় আকারের প্রকল্পে বিনিয়োগ করবে সেসব কোম্পানিকে প্যাকেজ আকারে প্রণোদনা প্রদানের ব্যবস্থা করা হবে।	সংশোধিত বাংলাদেশ শ্রম আইন ২০১৩ সম্পর্কে নতুন নীতিতে উল্লেখ থাকা প্রয়োজন। এতে বিনিয়োগকারীগণ উৎসাহিত হবেন।
৪০.	অধ্যায়-১৪, ধারা ১৪.৮ (নতুন ধারা সংযোজন) বাংলাদেশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি)-তে শিল্প খাতের অবদান সহজীকরনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে ইন্ডাস্ট্রিজ স্কিলস কাউন্সিল (আইএসসি) এর কার্যকর ভূমিকাকে গুরুত্বারোপ করা হবে। শিল্প খাতে কি ধরনের দক্ষতা বেশি দরকার সে ব্যাপারে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি)-কে উপদেশ প্রদানের মাধ্যমে আইএসসি সহায়তা করতে পারে। তাছাড়া, শিল্প খাতে দক্ষতার গ্রহণযোগ্য মান নির্ধারণ করে প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার উদ্যোগ নেয়া হবে।		এতে করে শিল্প খাতে প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন নিশ্চিত করার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখতে ভূমিকা রাখবে।

৪১.	অধ্যায়-১৫, ধারা ১৫.২ (চ) এখানে বেসরকারিভাবে প্রতিষ্ঠিত প্রশিক্ষণ ইনস্টিটিউট সম্পর্কে একটি সুনির্দিষ্ট দিক্-নির্দেশনা অন্তর্ভূক্ত করা যেতে পারে।	শিল্প ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন ও দতা বৃদ্ধিতে নিয়োজিত বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ যেমন শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনিকাল এসিস্টেন্স সেন্টার (বিটাক), ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), ক্ষুদ্র ও কুটির শিল্প ট্রেনিং ইনস্টিটিউট (স্কিটি), ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এনএইচটিটিআই), বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন নিট্রেড, বস্ত্র দপ্তরের অধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়/টেক্সটাইল টেকনিক্যাল ইনস্টিটিউট/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ট্রেনিং ইনস্টিটিউটসমূহ, বাংলাদেশ তাঁত বোর্ড ও বাংলাদেশ রেশম বোর্ড এর নিয়ন্ত্রণাধীন অন্যান্য প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করা হবে।	এতে বেসরকারি খাত শিল্প খাতের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানে উৎসাহিত হবে।
৪২.	অধ্যায়-১৬, ধারা ১৬.৩.১ জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) এর সভা প্রতি ছয় মাসে একবার অনুষ্ঠানের কথা উল্লেখ আছে যা বাস্তবায়ন করা খুবই জরুরী। এজন্য এ পরিষদের সভার ধারাবাহিকতা রক্ষার জন্য গুরুত্বারোপ করা যেতে পারে।	প্রতি ছয় মাসে পরিষদ একবার সভায় মিলিত হবে। .... সুনির্দিষ্ট উপখাত বিষয়ক আলোচনা হবে তখন উপখাতের প্রতিনিধি-কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।	পরিষদের সভার ধারাবাহিকতা না থাকলে এর মাধ্যমে শিল্প খাতের উন্নয়নের যে সম্ভাবণা রয়েছে তা বাধাগ্রস্থ হতে পারে।
	ধারা ১৬.৪ (স্পষ্টীকরণ) (২২) এখানে বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন; এবং এফবিসিসিআই, বিডব্লিউসিসিআই, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই এবং সিসিসিআই এর সভাপতিবৃন্দ।	বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, এফবিসিসিআই, বিডব্লিউসিসিআই, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই এবং সিসিসিআই এর সভাপতিবৃন্দ	এতে উপ-ধারাটিতে স্পষ্টতা বৃদ্ধি পাবে।
	ধারা ১৬.৫ বিভিন্ন সরকারি সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব/অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত সমন্বয় কমিটির সদস্য হিসেবে সভাপতি, ডিসিসিআই-কে অন্তর্ভূক্ত করা যেতে পারে।	বিদ্যমান নীতিতে এ কমিটিতে সভাপতি, ডিসিসিআই-কে অন্তর্ভূক্ত করা হয়নি।	যেহেতু ডিসিসিআই দেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের প্রতিনিধিত্বকারী সর্ববৃহৎ ব্যবসায় সংগঠন তাই এ কমিটিতে ডিসিসিআই-এর অন্তর্ভূক্তি খুবই গুরুত্বপূর্ণ।

৭. ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বাস্তবায়নে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর প্রস্তাব/সুপারিশ সমূহঃ

ইস্তাম্বুল কর্মপরিকল্পনার পরিপ্রেক্ষিতে ২০২০ সালের মধ্যে বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ (এলডিসি) শ্রেণী হতে মধ্যম আয়ের দেশে উত্তরণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মনে করে নিম্নলিখিত দিকগুলোর উপর মাইক্রো ও ম্যাক্রো লেভেলে গুরুত্বারোপ করা প্রয়োজনঃ

১. রপ্তানি বাজার সম্প্রসারণ ও পণ্যের বহুমুখীকরণঃ

বর্তমানে মুক্তবাজার অর্থনৈতিতে আন্তর্জাতিক বাণিজ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। পরিসংখ্যান থেকে দেখা যায়, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, চীন, জাপান সহ দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ার প্রায় সব দেশের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি রয়েছে। এ বাণিজ্য ঘাটতি কমিয়ে আনা এবং আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধির চাকা সচল রাখার জন্য রপ্তানি আয় বাড়াতে হবে। এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারে-

- নতুন নতুন রপ্তানিযোগ্য দ্রব্য উদ্ভাবন করার সুযোগ-সুবিধা গড়ে তোলা।
- পণ্যের বহুমুখীকরণ।
- রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা।
- বন্দর অবকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।
- সময়উপযোগী রোডম্যাপ প্রণয়ন ও যথাযথভাবে তার অনুসরণ নিশ্চিত করা।
- পণ্যভিত্তিক সম্ভাবনাময়ী নতুন বাজার চিহ্নিতকরণ।
- উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা।
- কারখানার আধুনিকায়ন।
- কৃষিপণ্যের প্রসেসিং প্লান্ট করা।
- শ্রম অধিকার এবং পোশাক খাতের কর্মপরিবেশ নিশ্চিত করা।
- ব্যাংকিং সিস্টেম ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা।
- ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সম্প্রসারণ।
- বন্দর সমস্যার সমাধান করা।
- বিশ্ববাজারে শুল্ক ও কোটামুক্ত বাণিজ্য সুবিধা পাওয়া।
- ট্যারিফ ও নন-ট্যারিফ বাধা দূরীকরণ।
- সম্ভাবনাময় দেশগুলোতে বাণিজ্যিক উইং খোলা।
- বিদেশে বাণিজ্যিক প্রতিনিধি দল প্রেরণ ও দেশে আনার ব্যবস্থা নিশ্চিত করা।
- বিভিন্ন দেশে এককভাবে দেশীয় বাণিজ্য মেলার আয়োজন করা।
- দেশের অভ্যন্তরীণ বাজারকেও সম্প্রসারিত করতে হবে।
- রপ্তানি ভর্তুকি বা নগদ সহায়তা প্রদানের সময়সীমা বর্ধিতকরণ।

২. বিশেষ অর্থনৈতিক অঞ্চলঃ

বিভিন্ন খাতের অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং সেগুলির উন্নয়নের মাধ্যমে শিল্পায়নের দ্রুত প্রসার ঘটিয়ে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ তৈরি করে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব। এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারে-

- বিসিক শিল্প এলাকার যথাযথ বিনিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে প্লট বরাদ্দসহ উৎপাদন পর্যায় পর্যন্ত জবাবদিহিতা আণয়নের স্বার্থে মনিটরিং ব্যবস্থা দৃশ্যমান করার পদক্ষেপ গ্রহণ।
- বিশেষ অর্থনৈতিক এলাকা ও শিল্পাঞ্চল স্থাপনের প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করা।
- বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরির জন্য অবকাঠামোগত উন্নয়ন করা।
- চা শিল্পের জন্য দীর্ঘমেয়াদি ঋণের ব্যবস্থা।
- বিসিক এলাকায় বরাদ্দ দেয়া জায়গায় ইন্ডাস্ট্রি না করলে তার বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দেয়া।
- শিল্পায়নের সুযোগের পূর্ণ সদ্ব্যবহারে সহায়তা ও উৎসাহদান করা খুবই গুরুত্বপূর্ণ। সে সঙ্গে স্বল্পোন্নত এলাকায় অবকাঠামো নির্মাণ এবং রাজস্ব ও আর্থিক সহায়তা প্রদানে বিশেষ গুরুত্ব দেওয়া।
- চামড়া শিল্পসহ ইন্ডাস্ট্রি স্থাপনে সিইটিপি স্থাপন বাধ্যতামূলককরণ এবং এ বিষয়ে কঠোর আইনের প্রয়োগ।

- উদ্যোক্তারা শিল্প-কারখানায় পর্যাপ্ত বিদ্যুৎ ও গ্যাস পাচ্ছে না বিধায় উৎপাদন ব্যাহত হচ্ছে এবং বিনিয়োগ বাড়াতে পারছেন না। এমতাবস্থায়, জ্বালানি সমস্যা কাটিয়ে উঠতে হবে।
- শিল্পাঞ্চলের জন্য জায়গা বরাদ্দ দেয়া।
- পাট শিল্পের বন্ধ মিলের জায়গাগুলো অন্য শিল্প মিল স্থাপনের জন্য বরাদ্দ দেয়া।
- বিদেশি বিনিয়োগ বাড়ানোর জন্য কাজ করা।
- গুরুত্বপূর্ণ মহাসড়কগুলোতে লেনের সংখ্যা উন্নীত করা।
- পরিবেশের ছাড়পত্র নিতে ব্যবসায়ীদের হয়রানি বন্ধ করা।
- ঋণের সুদহার কমানো।
- অবহেলিত খাতগুলোতে নতুন বিনিয়োগ।
- অপরিকল্পিত উন্নয়ন বন্ধ করে পরিকল্পনার মাধ্যমে শিল্পোন্নয়ন।
- দেশের ইমেজ বাড়াতে গুণগত পণ্যের মাধ্যমে ব্র্যান্ডিং, উল্লেখযোগ্য এক্সপোর্ট খাতগুলোতে উৎপাদন কিভাবে বাড়ানো যায় তার পরিকল্পনা প্রণয়ন।

৩. *বিদেশী বিনিয়োগ বৃদ্ধিতে কার্যকর ব্যবস্থাপনা গ্রহণঃ*

উন্নত রাষ্ট্রগুলোর জিডিপির একটি বড় অংশ আসে শিল্প খাত থেকে। অন্যদিকে আমাদের জিডিপির সিংহভাগ আসে কৃষি খাত থেকে। বিভিন্ন কারণে আশানুরূপ বিদেশি বিনিয়োগ না হওয়ায় শিল্পের বিস্তার ঘটছে না। শিল্পের বিস্তার দেশের উৎপাদন বৃদ্ধির সাথে সাথে নতুন কর্মসংস্থান সৃষ্টি ও রপ্তানি বৃদ্ধি করে থাকে। তাই শিল্প বিস্তারের উদ্দেশ্যে আমাদের দেশে বিদেশী বিনিয়োগের সুযোগ-সুবিধা আরো বাড়াতে হবে। এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারে-

- বৈশ্বিক বিনিয়োগের অর্থনৈতিক ও রাজনৈতিক কৌশল পর্যালোচনা এবং বিশ্বের উদীয়মান বাজার অর্থনীতির বিশ্লেষণ এবং কৌশল প্রণয়ন।
- আইনি ও প্রাতিষ্ঠানিক জটিলতা দূরীকরণ।
- শিল্প ও সেবাখাতে বিদেশি বিনিয়োগের আইন-কানুন ও অবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য সংরক্ষণ।
- কেন্দ্রীয়ভাবে সংশ্লিষ্ট আইন-কানুন ও বিধি-বিধান বিদেশী বিনিয়োগকারীদের জন্য ইংরেজিতে রূপান্তর করা।
- ওয়ান স্টপ সার্ভিসের ব্যবস্থা করা।
- জমির ধরন ও মালিকানা নির্ণয়ে জটিলতা দূরীকরণ।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদন পেতে সংশ্লিষ্ট বিষয়গুলোর জটিলতা দূরীকরণ।
- স্থানীয় বাজারে পণ্য বিক্রির ক্ষেত্রে রাজস্ব বোর্ডে 'বিক্রয় মূল্য'র নিবন্ধন সংক্রান্ত জটিলতা দূরীকরণ।
- চলতি মূলধন জোগাতে বৈদেশিক মুদ্রায় ঋণ নেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জনিত সমস্যা দূরীকরণের উপায় খুজেঁ বের করা।
- বৈদেশিক মুদ্রায় অ-বাণিজ্যিক রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে বাধা দূরীকরণ।
- বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থায় স্থানীয় বাজারে পণ্য বিক্রির ব্যবস্থা গড়ে তোলা।
- স্থানীয় জনবল নিয়োগের বাধ্যবাধকতা না রাখা।

৪. *বন্দর ব্যবস্থাপনাঃ*

উন্নত অবকাঠামো অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত। বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলা করে তা থেকে সর্বোচ্চ সুবিধা অর্জন করতে হবে। তাই উৎপাদন ও রপ্তানির ব্যয়বাহুল্য হ্রাসের জন্য জরুরী ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন প্রয়োজন। বাংলাদেশে বিশেষ করে পরিবহনের জন্য রাস্তা ঘাট নির্মাণ, পানগাঁও, চট্টগ্রাম ও মংলা বন্দরের উন্নয়ন, কন্টেইনার টার্মিনাল নির্মাণ ইত্যাদি আবশ্যক। এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারে-

- বন্দর অটোমেশনের আওতায় আনা।
- কনটেইনার ব্যবস্থাপনার উন্নয়ন ও স্ক্যানিং।
- বন্দর সংযোগ সড়কের উন্নয়ন।
- বন্দর সেবার মান আন্তর্জাতিক পর্যায়ের বিবেচনায় বৃদ্ধি করা।
- বন্দরের অবকাঠামো উন্নয়ন।
- প্রতিবন্ধকতা দূরীকরণ ও অর্থায়নকারী প্রতিষ্ঠানের শর্ত মোতাবেক নির্দিষ্ট সময়ে উন্নয়ন কার্য সম্পাদন করা।
- মনিটরিং সেল গঠন করে উন্নয়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা।

৫. পিপিপি কার্যকরঃ

সাধারণত দেখা যায়, ইনভেস্টমেন্ট জিডিপি রেসিও অর্থাৎ জাতীয় আয়ের বা জাতীয় উৎপাদনের কী অংশ বিনিয়োগে নিয়োজিত হয় সেটার ওপর প্রবৃদ্ধি নির্ভর করে। বিনিয়োগের ক্ষেত্রে সবচেয়ে বড় ভূমিকা পালন করে বেসরকারি খাত। আমাদের দেশে যে সামগ্রিক বিনিয়োগ হয় তার ৭৫ থেকে ৮০ ভাগ বিনিয়োগ আসে বেসরকারি খাত থেকে। কাজেই বেসরকারি খাতকে আরোও বেশী বিনিয়োগে উৎসাহিত করতে হবে। বেসরকারি প্রতিষ্ঠানগুলোর অর্থনৈতিক ও বিপণন ব্যবস্থাপনা এবং বাস্তবায়নে দৃঢ়তার সমন্বয় হলে যেকোন বড় প্রজেক্ট অপেক্ষাকৃত সুচারু ও সাশ্রয়ীভাবে করা সম্ভব। এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারে-

- শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, সড়ক ও রেলপথ, বন্দর এবং সেতু নির্মাণে সরকারের বেসরকারি খাতকেও এগিয়ে আসার আহবান জানানোর জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
- দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করা।
- রপ্তানি বাণিজ্যকে ত্বরানিত করতে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) উদ্যোগে দেশে বিদ্যমান পরীক্ষার ল্যাব আরো কার্যকর করে তোলা।
- ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, কর ব্যবস্থাপনা, শিক্ষা ব্যবস্থা প্রভৃতি সেক্টরে পিপিপি মডেল প্রস্তুত ও বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
- একটি আকর্ষণীয়, ন্যায় সঙ্গত এবং প্রতিযোগী কর শাসন ব্যবস্থা তৈরি করা এবং জাতীয় ও সেইসাথে বিদেশী কোম্পানীর জন্য বাংলাদেশে কর কাঠামো সুগঠিত করা।
- পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষকদের উদ্ভাবনী ক্ষমতাকে কাজে লাগিয়ে প্রযুক্তি এবং নবতর জ্ঞানের বাণিজ্যিকীকরণের মাধ্যমে উচ্চশিক্ষায় আর্থিক এবং ভৌত অবকাঠামো সমস্যার সমাধানের পরিবেশ সৃষ্টি করা।
- পিপিপি আইন দ্রুত প্রণয়ন করা।
- প্রকল্প বাছাই থেকে বাস্তবায়ন হওয়ার পর যথাযথভাবে তদারকি করা।

৬. এসএমই খাতের উন্নয়নঃ

শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন নিবিড় ভাবে জড়িত। একটি দেশের সার্বিক অর্থনৈকিত উন্নয়ন অনেকাংশে শিল্পায়নের উপর নির্ভরশীল। শিল্পায়ন দেশকে বাণিজ্য ঘাটতির হাত থেকে রক্ষা করে। এবং একই সাথে শিল্পায়ন অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যার সমাধান ও দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখে। তাই আমাদেরকে শিল্পের বিকাশ বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশের দিকে নজর দিতে হবে।

এ খাতের উন্নয়নে নিম্নে বর্ণিত কার্য সম্পাদন করা যেতে পারেঃ

- এসএমই খাত কার্যকরী করার লক্ষ্যে উদ্যোক্তাগণের কার্যক্রমের সাথে অর্থায়নকারী সংস্থা সমূহের কাজের সমন্বয় এবং সংশ্লিষ্ট সকল সংস্থার জবাবদিহিতা কাঠামোগতভাবে দৃশ্যমান করার পদক্ষেপ গ্রহণ।
- উৎপাদনমুখী কর্মকান্ডে পর্যাপ্ত অর্থায়ন নিশ্চিত করতে বাণিজ্যিক ব্যাংকগুলোকে এগিয়ে আসতে হবে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের মনিটরিং আবশ্যক।
- এসএমই ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে ব্যাংক সমূহকে তদারকী করতে হবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে নুন্যতম একটি করে চিহ্নিত ক্লাস্টারে অর্থায়ন করার পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী এসএমই ঋণ বিতরণ করতে হবে।
- এসএমই পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে উদ্যোক্তাদের অংশগ্রহণে সেমিনার, ওয়ার্কশপ ও মেলার আয়োজন করা।
- পুঁজির সদ্ব্যবহার নিশ্চিত করতে উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করা।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের জন্য স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাজার সম্প্রসারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

এ ছাড়াও নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি গুরুত্বারোপ করা দরকারঃ

৭. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহারঃ

অর্থনৈতিক উন্নয়নে প্রাকৃতিক সম্পদের অবদান খুবই গুরুত্বপূর্ণ। প্রাকৃতিক সম্পদ একদিকে যেমনঃ শিল্পের কাঁচামাল যোগায় তেমনি রপ্তানির মাধ্যমে মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনেও সাহায্য করে। আমাদের রয়েছে প্রাকৃতিক গ্যাস, কয়লা, চুনাপাথর, কঠিনশিলা, কাঁচ বালি, খনিজ বালি প্রভৃতি প্রাকৃতিক সম্পদ। এসব প্রাকৃতিক সম্পদের যথোপযুক্ত ও সর্বাধিক ব্যাবহার নিশ্চিত করতে হবে। তাছাড়া নতুন নতুন খনিজ সম্পদ আবিষ্কার ও আহরণের জন্য ব্যবস্থা নিতে হবে।

৮. সমুদ্র অর্থনৈতিক অঞ্চলঃ

আমাদের সমুদ্র সীমানার মধ্যে বিশাল মৎস্য ভান্ডার ছাড়াও রয়েছে অফুরন্ত প্রাকৃতিক ও খনিজ সম্পদের ভান্ডার। বিশেষ গঠন-প্রকৃতির কারণে তেল-গ্যাসসহ নানা খনিজ সম্পদ সঞ্চিত রয়েছে এর তলদেশে। সারাবিশ্বের সাথে তাল মিলিয়ে আমাদেরকেও সাম্প্রতিক সময়ের ন্যায় সমুদ্রসীমায় সম্পদের নিয়মিত জরিপ, গবেষণা, অনুসন্ধান ও সম্পদ আহরণে ব্যাপক তৎপরতা চালিয়ে যেতে হবে। বাংলাদেশের মতো একটি উপকূলীয় দেশের জন্য বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে সমুদ্র পরিবহন ও বন্দর সহযোগিতা বৃদ্ধি, মৎস্য আহরণ, মৎস্য রপ্তানি, পর্যটন, নবায়নযোগ্য জ্বালানি, সামুদ্রিক সম্পদ আহরণ, কৃত্রিম দ্বীপ নির্মাণ সর্বোপরি জীববিজ্ঞান ও সমুদ্রবিজ্ঞান প্রভৃতি ক্ষেত্রে উন্নয়নের একটি নতুন দ্বার উন্মোচিত হওয়ার অনেক সম্ভাবনা রয়েছে। বঙ্গোপসাগর এলাকার দুই শ' নটিক্যাল মাইলের বাইরে মহীসোপানে বাংলাদেশের প্রবেশাধিকার সুরক্ষিত রয়েছে। বঙ্গোপসাগরে বাংলাদেশের সমুদ্র অঞ্চলের আয়তন এখন প্রায় এক লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটারের বেশি। প্রাকৃতিক ও খনিজ সম্পদের যথাযথ ব্যবহারের পাশাপাশি সমুদ্র অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলতে হবে। এ বিষয়ে দেশের অর্থনৈতিক উন্নয়নে টেকসই উন্নয়ন কর্মসূচীর মাধ্যমে উন্নয়নের ধারা অব্যাহত রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে। তাহলে ব্যবসা-বাণিজ্যসহ নতুন নতুন শিল্পায়ন, কর্মসংস্থান ও বিনিয়োগ বৃদ্ধি পাবে।

৯. শিক্ষা ব্যতিত বৈজ্ঞানিক ও কারিগরি জ্ঞান লাভ, যন্ত্রপাতি ও কলাকৌশল উদ্ভাবন ও সেগুলোর ব্যবহার সম্ভব নয়। বর্তমান বিশ্বের সবচেয়ে আলোচিত ও গুরুত্বপূর্ণ প্রযুক্তি তথ্য প্রযুক্তিকে কাজে লাগাতে হলেও চাই শিক্ষা। পৃথিবীর উন্নত দেশ গুলোর দিকে লক্ষ্য করলে দেখা যাবে সেসব দেশে শিক্ষিতের হার শতকরা শত ভাগের কাছাকাছি। বাংলাদেশে মানব সম্পদ উন্নয়নের উদ্দেশ্যে কর্মবান্ধব শিক্ষা প্রসারে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কে জোর দিতে হবে।

১০. বর্তমান যুগ হচ্ছে তথ্য প্রযুক্তির যুগ। বাংলাদেশ ইতোমধ্যে তথ্যপ্রযুক্তি খাতে তার সক্ষমতা প্রমাণ করেছে। বিশেষ করে আউট সোর্সিং এবং ফ্রিল্যান্সিং-এ বিশ্বের উন্নত দেশ সমূহের মধ্যে ভাল অবস্থানে রয়েছে। তথ্য প্রযুক্তিতে উন্নয়নের এ ধারাবাহিকতা বজায় রাখার পাশাপাশি আরো প্রভূত উন্নয়নের জন্য সরকারি ও বেসরকারি খাতকে একযোগে কাজ করতে হবে।

১১. জনসংখ্যা রপ্তানি আমাদের অর্থনীতিতে অসামান্য ভূমিকা পালন করে। জনসংখ্যা সমস্যাকে জনশক্তিতে রূপান্তরিত করার ক্ষেত্রেও জনসংখ্যা রপ্তানির অভাবনীয় অবদান রয়েছে। বিদেশে কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর ক্ষেত্রে সরকারকে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে জনসংখ্যা রপ্তানির জন্যে বিভিন্ন দেশের সঙ্গে কূটনৈতিক তৎপরতা বাড়াতে হবে। কারিগরি ও ভোকেশনাল শিক্ষায় শিক্ষিত ব্যক্তির সংখ্যা বৃদ্ধি করতে পারলে আমরা জনসংখ্যা রপ্তানি স্বাভাবিকভাবেই বাড়াতে পারবো। বিদেশে শ্রমবাজার সৃষ্টিতে আমাদের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক আয়োজিত গুরবত্বপূর্ণ কিছু সেমিনারের সুপারিশমালা

1. Round Table Discussion on Improving Exports: Importing Country's Perspective

A Round Table Discussion on "Improving Exports: Importing Country's Perspective" was organized by Dhaka Chamber of Commerce & Industry on May 10, 2014 at DCCI Auditorium. Mr. Mohammad Shahjahan Khan, President, DCCI presided over the program while Mr. Osama Taseer, Senior Vice President, DCCI and Coordination Director of the Standing Committee on "Export Policy, Promotion, Diversification, Multi Lateral and Bi-lateral Trade Agreements" moderated the open discussion session of the program. Mr. Tahsin Aman, Co-convenor, Standing Committee on "Export Policy, Promotion, Diversification, Multi Lateral and Bi-lateral Trade Agreements" made the concluding remarks. H. E. Mr. Shakir Qasim Mahdi, Ambassador, Embassy of the Republic of Iraq; H. E. Mr. W. A. Sarath K. Weragoda, High Commissioner, High Commission of Sri Lanka in Dhaka; Mr. Faruque Ahmad, Senior Manager, KOTRA, Dhaka; Ms. Tulay UYANIK, Commercial Counsellor, Turkish Embassy in Dhaka, Bangladesh and Mr. Minhaz Chowdhury, Country Manager, Australian Trade Commission, Australian High Commission in Bangladesh made presentations in the Round Table Discussion. Mr. Joshua Hatch, Political Officer, Embassy of the United States of America in Dhaka and Mr. Shafiur Rahman, Administrative Officer, Embassy of Spain in Bangladesh were present as the observer in the Round Table Discussion.

President, DCCI and Senior Vice President, DCCI presented DCCI memento to the distinguished representatives of different Embassies and High Commissions.

